TILOTTAMA

2024 (১৪৩১)



BENGALI ASSOCIATION
OF
GREATER BIRMINGHAM

তিলোত্তমা





Enjoy Tandoori (BBQ) Chicken, Lamb, Seafood, Curries, Rice, Freshly Baked Breads and more www.tajindia.net

Taj India
Fine INDIAN CUISINE

TANDOORI GRILL, CURRY HOUSE & BAR

Call Taj India for all your catering needs! No Catering is too small or too big. Just give us a call!

(205)-939-3805

3028 Clairmont Ave South,
Birmingham, AL 35205





Bengali Association of Greater Birmingham

BAGB

Board of Directors



Sati Nath



Purba Mukherjee



Susmita Paul Das

Executive Committee

President



Shreyashi Ghosh

General Secretary



Arnab Ganguly

Treasurer



Jillur Rahim

Secretary-in-Charge of --

Cultural Affairs



Shuvra (Mimi) Mohinta

Special Events



Abhishek Guha

Food



Deblina Das

Communication



Avraneel Paul

Disclaimer: All opinions, beliefs and viewpoints expressed in articles are those of the authors, and do not necessarily reflect the opinions, beliefs and viewpoints of the magazine editorial team or BAGB executive committee.



CONTENTS

Acknowledging the Sponsors	BAGB EC	6
Acknowledging the RI-Fund Sponsors	BAGB EC	7
President's Note	Shreyashi Ghosh	8
The Art Corner	Kid and Adult Category	9
ভূত বলে কিছু নেই	ডঃ শিল্পীতা পাল	16
A-Bhaya - Nir-Bhaya - Sa-Bhaya?	Aarvi Shah	22
ওই যে মেয়েটা	সৌমি ভট্টাচার্য্য	23
আশ্বিনের উৎসব	ড: বিশ্বজিৎ রায়	23
BAGB EVENTS (2023-2024)	BAGB EC	24
গ্রেট মাইগ্রেশন: এক জীবন্ত বিস্ময়	জবা চৌধুরী	28
খাই খাই	পিয়ালী দাস	31
বিদেশ ভ্রমণ	মনোজ কুমার চ্যাটার্জী	34
এক্কেবারে জিরো	Prabir Kumar Sengupta	36
ক্যাক্‌ট্যাস্‌	বিধান রায়	38
The History of the Song that is Notinee's "Prayer Dance"	Dr Bisakha (Pia) Sen	45
The Grey Bengal	Dr. Kaustav Ganguly	49
মধুকবির মেঘনাদবধ	ড: অর্ণব চক্রবর্তী	50
Serving Others	Heike Harris	54
বার্মিংহামের ছোট্ট ঘটনা, বড়ো প্রভাব: এক নতুন বাড়ির খোঁজে	রুদ্রদীপ পট্টনায়ক	55
মরণের পরে	বিধান রায়	58
প্রলয়	শ্রেয়সী ঘোষ	58
বাঙালির দুর্গোৎসব	সুদীপা মুখার্জী সান্যাল	59

 © BAGB 2024

CONTENTS

Echoes of a Silent Scream	Avraneel Paul	60
বিশ্বসম্মান	শুভশ্রী নন্দী	62
দূর্বার সাধ	লিয়ানা ইসলাম	62
Capturing Moments: Astrophotography and Travel Through My Lens	Amitesh Sahoo	63
উহ্য প্রতিবাদ	স্নেহাশিস	65
মেলামেশা	সোমা মুখোপাধ্যায়	66
যা আমি বুঝি	তথাগত দাস	66
বাস্তব	অস্মিতা পাল	67
Nobody	Vedika Sharma	67
বিশ্বব্যাপী দেবী সরস্বতী	Sumita Chatterjee	69
Girls	Vedika Sharma	70
WINDOW FROM THE WORLD	Glenny Brock	71
CONFLICT/ দ্বন্দ্ব	Sati Nath	72
In Loving Remembrance of Manabendra Da	Dr Bisakha (Pia) Sen	75
From Coast to Community: A Timeline of Maa Durga's Journey to Irondale Middle School	Abhishek Guha	76
Acknowledging the Cover Designer	BAGB EC	78

 © BAGB 2024

Thank You

To Our Durga Puja 2024 Sponsors

|| Personal/Family Sponsors ||

Grand Sponsors

Dora Singh and Sanjay Singh
Sati Nath, Orunima Banerjee, Enakshi Das, Anondo Banerjee and Anirudh Pratap

Gold Sponsors

Barnita Guha Haldar and Sounick Haldar
Bishaka (Pia) Sen and Sanjeev Chaudhuri
Shreyashi Ghosh and Pramit Sengupta
Shreyasi Bhattacharya and Arnab Basu

Silver Sponsors

Purba Mukherjee and Shubhasish Mukherjee
Rupkatha Bardhan and Diptiman Chanda
Sangeetha Mohanraj
Anonymous
Anonymous
Anonymous

|| Business Sponsors ||

Grand Sponsors

Kendall Electric

Gold Sponsors

Desi Brothers and Desi Tadka
Alabama Merchants Association

Silver Sponsors

Bawarchi Biryanis
Saffron
Mayer Electric
Exp Realty_Subbu_Bodem
Nawabi Hyderabad House (Biryani Place) Alabama

© BAGB 2024

thank you

To Our Idol Replacement Initiative (RI) FUND Sponsors (2023-2024)

Platinum Sponsors

Dora Singh and Sanjay Singh

Diamond Sponsors

Dr. Susmita Dasgupta (in Memory of Dr. Manabendra Dasgupta)

Gold Sponsors

Barnita Guha Haldar and Sounick Haldar
Bishaka (Pia) Sen and Sanjeev Chaudhuri
Lata Gopal Mahto
Sati Nath, Orunima Banerjee and Anondo Banerjee
Shreyashi Ghosh and Pramit Sengupta

Silver Sponsors

Deblina Das and Kallol Chakrabarty
Monita Singh and Eric McKendall
Mouli Bhowmik and Sanjay Sarkar
Pranati Datta and Subhash Datta
Piyali Das and Abhishek Guha
Samiksha Raut and Sarang Patil
Tanushree Das and Anirban Kundu

Note: Any donated amount for **RI-FUND** is welcome and is highly appreciated. Following Sponsorship Categories will be recognized in BAGB 2025 Annual magazine:

- Platinum Sponsors - $1000 or more
- Diamond Sponsors - $500 - $999
- Gold Sponsors - $250 - $499
- Silver Sponsors - $100 - $249



© BAGB 2024

President's Note

The most awaited time of the year is back. It is that time of the year when the autumn breeze kisses our forehead and whispers in our ears “Bolo Durga Mai ki Jai!!”

Every year, the four days long Durga Puja celebration is organized by our association for a single weekend day in Birmingham, Alabama. This year will be no exception; puja rituals, fun, frolic, food coma and cultural program are being arranged by our hardworking committee to ensure that our members and friends in and around Birmingham have an end to end feel of the Puja vibes.

Since our childhood days we, Bengalis have worshipped Goddesses - Durga, Kaali, Saraswati, Lakshmi. Our inner strength comes from our devotion to “Devi Sakti”.

Goddess Durga to us is “Durgoti Nashini” which means the one who eliminates sufferings and destroys evil.


This year, I can’t help expressing my sorrow, despair, grievance due to a recent incident back in Kolkata, India. The place where Durga Puja celebration happens with most grandeur, there a heinous crime took place on a female doctor. On one hand, we are worshipping female God, denoting “the winning of good over evil”, placing women at a level of utmost respect and strength, while on the other hand a woman is being disrespected, molested and hurt. This is truly heart-wrenching and unacceptable. On behalf of our association, I convey our condolences to the deceased victim’s family and express our strong support to the global protest demanding justice.


To close my note, I would like to fondly remember two of the respectable founding members of our association whom we have lost this year. Shri Mrinmoy Mandal who was appointed as the first President of this association and Dr. Manabendra Dasgupta who had served multiple times in the board and EC. We will miss their active engagement with the association. Finally, I would like to highlight that our association has built a very closely knit community, serving its members since the last fourteen years. I thank each and everyone from the bottom of my heart for your continued support and dedication to the success of our organization.

With warm regards,

Shreyashi Ghosh

BAGB President, 2024





© BAGB 2024

The Art Corner



First Art By Auhok Saha Roy, Age 7m
Infant Class, UAB Early Learning Center



Stamp Painting By Aarya Ganguly, Age 3y
(Helped by Antara Ganguly Mukherjee)



Hand Print and Drawing By Ayra Mukherjee (Age 20m), Toddler Grade and Arna Mukherjee (Age 4y), Pre-K1UAB, UAB Early Learning Center (Helped by An-






By Adrish Ghosh (Mimo), Age 3y

© BAGB 2024

The Art Corner





Leaf Stamp and Tape Painting By Rupomonjori Guha (Pihu), Age 3y,
Pre-K1, UAB Early Learning Center (Helped by Abhishek Guha)



Kids Illustration By Shivangshu Haldar Banerjee, Age 5y
Kindergarten , Rocky Ridge Elementary School



By Amaira Banerjee, Age 6y
Grade 1st, Vestavia Hills Elementary Liberty Park









By Aparajita Kundu, Age 6y
Grade 1st, Basis Tucson Primary charter school, AZ

© BAGB 2024


The Art Corner



By Sauraseni Roy (Niece of Piyali Das),
Class 1, Age 6y



By Priyasha Sengupta (cousin of Priyesh Sengupta
Grade 2nd, Old Donation School, Virginia Beach



By Aryahi (Rosie) Shil, Age 8y
Grade 2nd, Spoede Elementary, St. Louis, MO




By Aahir Ganguly, Age 7y
Grade 2nd,
Chelsea Park Elementary School



Art work By Aarish Das, Age 9y
Grade 3rd,
Oak Mountain Intermediate School

© BAGB 2024


The Art Corner




By Tia Banerjee, Age 9y
Grade 4th, Oak Mountain Intermediate



Dome Scenery By Priyesh Sengupta, Grade 5th,
Oak Mountain Intermediate School





Illustrations By Sachi Patil, Age 10y Grade 5th, West Elementary School



Artwork by Srestha Datta
(Niece of Shreyashi Ghosh),
7th Grade, The Bishop's School, Pune, India

© BAGB 2024

The Art Corner





Illustrations By Leena Patil, Age 12y Grade 7th, Pizzitz Middle School



Illustrations By Sannoriyo Sanyal,
Class VIII, Chakdah Purbachal Vidyapith, India



By Velvet Majumdar, Age 13y
Grade 8th, Auburn Junior High



By Koushani Sarkar,
Class IX,
Chakdaha Basanta Kumari
Balika Vidyapith

© BAGB 2024

The Art Corner




Illustration By Sarbodeep Paul





Illustration By Arnab Ganguly





Illustrations By
Tanmay Sanyal

© BAGB 2024



Way Ray Shelton
CERTIFIED PUBLIC ACCOUNTANTS

WRS Financial Services, LLC

Wealth Management Services

Affiliated company of
Way, Ray, Shelton & Co., P.C.
Certified Public Accountants & Business Consultants

216 McFarland Circle North
Tuscaloosa, AL 35406
Telephone 205/345/5860 Fax 205/345/5883
www.wrscpa.com

|| ভূত বলে কিছু নেই ||

কলমেঃ ডঃ শিল্পীতা পাল

বাসটা এমন এক আহাম্মক সময়ে এই অজ পাড়া গাঁ তে নামিয়ে দিয়ে গেল যে পরিতোষের গা জ্বলে উঠল। ঘড়ির কাঁটা অনুযায়ী রাত বেশি না হলেও, এই গ্রামের দিকে রাত ৯.৩০ টা লোকজনের ঘুমিয়ে পরার জন্যে যথেষ্ট। তার গন্তব্য হল হরিপুর গ্রাম, সেটি এখনও এখান থেকে মাইল খানেক। আর এই সময়ে কোন রিক্সা বা ভ্যান পাওয়া তো দূরে থাক, লোকজনও দেখা যাচ্ছে না দূর পর্যন্ত। বাসটির আসার কথা ছিল সন্ধ্যে ৬-৭ টার মধ্যে, কিন্তু এমন কপাল খারাপ যে, প্রথমে বাসটির ব্রেক খারাপ হল, তো তারপর একটা বেকায়দা গণ্ডগোলে পরে ঘণ্টাখানেক নষ্ট হল। মুখে চারটে গালাগাল দিতে দিতে, পরিতোষ তার বাক্স তুলে নিয়ে এদিক ওদিক চাইতে লাগলো। পেটে এদিকে ছুঁচো আর ইঁদুরের তাণ্ডব চলছে। রাত যা হয়েছে তাতে এই পাণ্ডব বর্জিত স্থানে সে খাবার দাবার পাওয়ার আশা ছেড়ে দিয়েছে। কোনোক্রমে আজ রাতের মতো কোন মাথা গোঁজার জায়গা পেলেই অনেক। পেটে না হয় গামছা বেঁধে চালিয়ে দেবে। মুখে একরাশ বিরক্তি নিয়ে সে একটু একটু করে চলতে লাগলো। কোথায় চলেছে তা সে নিজেও জানে না। একটাই ভরসা যে পূর্ণিমার রাতে পথ দেখতে কোন অসুবিধা হচ্ছে না। বিড়বিড় করে বলল একবার, 'কোন কুক্ষণে যে এইখানে পোস্টিং নিলাম?'

এই ভাবে মিনিট পাঁচেক চলার পর, হঠাৎ একটা ছোট হলুদ আলোর বিন্দু চোখে পড়ল। পরিতোষের যেন ধড়ে প্রান এল। কোনোক্রমে তাড়াতাড়ি পা চালিয়ে সে সেই আলোর উৎসের কাছে এসে একটি ছোট চায়ের দোকান আবিষ্কার করল। একজন বৃদ্ধা বেশ কিছু নাড়ু ও টোস্ট বিস্কুট এর কৌটো সাজিয়ে বসে আছেন। একদিকে চা ফুটছে আর উনি মাঝে সাঝে ঝিমছেন। বৃদ্ধার পিছনে একটি ঝুড়িতে খান কয়েক ডিমও আছে। এই রাতবিরাতে এই পাড়া গাঁতে এই দোকান পরিতোষের কাছে পাঁচতারা হোটেলের সমান। মুখের হাসি চওড়া করে দন্ত বিকশিত করে সে দোকানটির সামনে এসে দাঁড়াল।

বৃদ্ধা মানুষটি মুখ তুলে চেয়ে বললেন, "কিছু লাগবে নাকি বাবু? বাসখান কি আজ আবার রঙ্গ দেখিয়েছিল নাকি!"

পরিতোষ তার বাক্স হাত থেকে নামিয়ে রেখে বলল, "হ্যাঁ, আর কি! হরিপুর যেতাম, কিন্তু এখন কি করা যায় তাই ভাবছি।"

বৃদ্ধা মাথা নেড়ে বললেন, "চা, নাড়ু, ডিম পাউরুটি যা কইবেন...."

পরিতোষ মাঝখান থেকেই কথা ধরে বলল " ওই হবে, চটপট দিন তো মাসি।"

পরিতোষের কথা শেষ হবার আগেই কারা যেন সমস্বরে বলে উঠল পিছন থেকে, "কিরে মিনতি, আমাদের চা কখন দিবি রে?"

বৃদ্ধা মুচকি হেসে বললেন, " দিচ্ছি গো, দাদারা, এই হয়ে এল গো।"

পরিতোষ বেশ চমকে উঠেই পিছনে তাকিয়ে দেখল যে তিনজন বয়স্ক ভদ্রলোক একটি বাঁধানো বট গাছের তলাতে দাবার বোর্ড সাজিয়ে বসে আছেন। পোশাক পরিচ্ছদ দেখে তো বেশ সম্ভ্রান্ত ঘরেরই মনে হল। সে ধীরপায়ে গিয়ে ওনাদের পাশে বসে বলল, "আজ্ঞে, আপনারা এই সময়ে চা-এর দোকানে কি করছেন?" এইটি বলে সামান্য ইতস্তত করে আবারও বলল, "না, মানে, এই সময়ে আমি এই গ্রামে কাউকে দেখব বলে আশা করিনি তো, তাই। কিছু মনে করবেন না দয়া করে।"

তিন বৃদ্ধ এর মধ্যে একজন হেসে উঠে বললেন," আরে না না, কিছু মনে করার কি আছে বাছা! আরে আমরা এসেছিলাম সন্ধ্যেবেলাতে, কিন্তু একটা গুরু গম্ভীর আলোচনাতে এমন ফেঁসে গেলুম যে বাড়ি ফিরতেই ভুলে গেলুম।"

এই বলে উনি হা হা করে হেসে উঠলেন। ওনার সাথে সাথে বাকি দুই বৃদ্ধও যোগ দিলেন। পর মুহূর্তেই আর এক বৃদ্ধ তার দিকে ফিরে বললেন, "তা তুমি কে হে ছোকরা? এইখানে আগে দেখেছি বলে মনে তো পড়ছে না।"

পরিতোষ মাথা নেড়ে বলল, "আজ্ঞে, আপনি ঠিকই ধরেছেন, আমি এইখানে একদমই নতুন, আমি এই হরিপুর গ্রামীণ ব্যাঙ্কের ম্যানেজার পদে আগামী মাস থেকে যোগ দেব। আজই আসলাম এখানে, আর দেখুন না, বাসটা এমন দেরি করল যে এখন আমি এখান থেকে হরিপুর কি করে যাব ভাবছি। খিদেও পেয়েছিল মশাই, এই চায়ের দোকান খোলা না পেলে কি যে করতাম, ভগবানই জানেন।" একটু থেমে পরিতোষ আবারও বলল," আপনারা নিশ্চয় কাছে পিঠেই থাকেন, আজ রাতের মতো একটু মাথা গোঁজার জায়গা বলতে পারেন? কাল ভোরের আলো ফুটলেই বেড়িয়ে যাব।"

আর এক বৃদ্ধ তখন বললেন, "আহা! তুমি চিন্তা করছ কেন, আমরা এই কাছেই থাকি। তুমি আমাদের বাড়িতেই থাকতে পার। এই

তো, চা টা শেষ করেই ফিরব, তুমি না হয়ে আমাদের সাথেই যেও।"

পরিতোষ যেন বুকে বল পেল, 'যাক বাবা, আজ রাতের মতো একটা হিল্লে হল বটে।' ততক্ষণে চায়ের দোকানের সেই মহিলা ৪ টি চা একটি প্লেটে করে নিয়ে এসেছেন, "দাদামশাইরা, এই শেষ কিন্তু, এরপর আর পাবেননি বলে দিলুম।"
এই কথা শুনে এক বৃদ্ধ বলে উঠল, " হ্যাঁ রে মিনতি, তোকে আর বেশি জ্বালাব না আজ। এইটাই শেষ কাপ।"

পরিতোষও একটি কাপ তুলে নিয়ে হাল্কা আমেজে চুমুক দিয়ে বলল, "'তা আপনারা কি নিয়ে এতক্ষণ তর্ক করছিলেন, সেটা কি জানতে পারি?"

তার মুখের কথা লুফে নিয়ে একজন বললেন, "ওহে ছোকরা, একটা কথা বল তো, তুমি ভুতে বিশ্বাস কর?"

পরিতোষ আমতা আমতা করে বলল, "আজ্ঞে, মানে, আমি ঠিক বিশ্বাস করি না; আসলে ভূত বলে কিছু হয় না। সবই মানুষের মনগড়া কথা। পড়াশোনা শিখে ভুতে বিশ্বাস করতে যাব কেন!"

তার কথা শেষ হতেই একজন বৃদ্ধ বলে উঠলেন, "দেখলে বলেছিলাম না, আজকালকার ছেলেপুলেরা ভুতে বিশ্বাস করে না।"

সেই কথা শুনে বাকি দুই বৃদ্ধ বলে উঠলেন, "বললেই হল, আমরা নিজেদের চোখে সেই যে দেখলুম, সেইগুলো ভুল? আর তুমি যে বলছ, তা তুমি ও তো দেখেছ ভায়া।"

তাদের কথা শুনে পরিতোষ জিজ্ঞাসা করল, "কি দেখেছেন আপনারা? আমি কি জানতে পারি?" তার কথা শুনে এক বৃদ্ধ বলে উঠলেন, "হ্যাঁ হ্যাঁ, নিশ্চয় বলব। বুঝলে বাবা, সে এক অদ্ভুত অভিজ্ঞতা, এখনও ভাবলে ভয়ে হাত-পা সিটিয়ে যায়।" তাতে দ্বিতীয় বৃদ্ধ বললেন, " সে আর বলতে...।"-এরপর তিনি পরিতোষের দিকে তাকিয়ে বললেন "জান বাবা, আমাদের তিন বন্ধুর তিনবার আলাদা অভিজ্ঞতা হয়েছিল। যদি সময় দিতে পার, সব কটা শোনাব তাহলে আজ।"

পরিতোষ একবার হাতের ঘড়ি দেখে মনে মনে ভাবল, 'এমনিও তো এখন কোথাও আলাদা করে যাওয়ার নেই, এছাড়া, তার ডিম-পাউরুটি ও এখনও আসেনি, তাহলে শোনা যেতেই পারে এনাদের গল্পগুলি।" সে মাথা নেড়ে সম্মতি জানিয়ে বলল, "হ্যাঁ শুনলে মন্দ হয়ে না।" তার কথা শুনে তিন বৃদ্ধ এক এক করে ওনাদের গল্প বলতে শুরু করলেন।

প্রথম বৃদ্ধের গল্পঃ

আমার নাম সদানন্দ বাড়ুজ্জ্যে । এই যে জায়গা তে তুমি এখন আছ, তার নাম হল জামগাছি। এই মিনিট পাঁচ-দশেক হেঁটে গেলেই আমার বাড়ি। আমি আজ প্রায় ৭৫ বছর হল এই গ্রামে আছি। আমি যে সময়ের কথা বলছি, তখন আমার বয়স কতই বা হবে, এই বছর ১৬ কি ১৭। সেই সময়ে আমাদের গ্রামের আশেপাশে কোন বড় স্কুল ছিল না। একটু অবস্থা-সম্পন্ন ঘরের ছেলেপুলেরা পাশের বর্ধিষ্ণু গ্রামের একটি মাত্র বিদ্যালয়ে যেত। তাও প্রায় এখান থেকে বিশ ক্রোশ দূরে। তখন গাড়িঘোড়াও এতো ছিল না; বিশ ক্রোশ রাস্তা পাড়ি দিতে হত, তাও অর্ধেক হেঁটে আর অর্ধেক গরুর গাড়িতে। সৌভাগ্যবশতঃ, আমার এক মাসির বাড়ি ছিল ওই গ্রামে, তাই আমি ওনার বাড়ি থেকেই স্কুল করতাম। সপ্তাহান্তে বাড়ি আসতাম।

তো সেইবারও শুক্রবার স্কুল করে বিকালের দিকে বাড়ি আসছিলাম। কিন্তু সেদিন কোন কারণে গরুর গাড়ি পেলাম না। খেরোর মাঠ বলে যেখান থেকে গরুর গাড়ি ধরতাম, সেখানই অপেক্ষা করতে থাকলাম, যদি কিছু পাওয়া যায় এই ভেবে। বিকাল গড়িয়ে সন্ধ্যা হল, কিন্তু গাড়ির পাত্তা নেই। অন্ধকার ঘনিয়ে এসেছে, আমি ভাবছি আর বাড়ি না গিয়ে ফিরে যাই। তো এমন সময়ে দেখি একটা গরুর গাড়ি এদিকেই আসছে, কিন্তু সেটি কারোর নিজস্ব গাড়ি মনে হল। আমি যাই হোক আশা করে গাড়িটি কে হাত দেখালাম; গাড়িটি দাঁড়ালও। চালকের আসনে দেখলাম একজন কম্বল মুড়ি দিয়ে বসে আছেন।

আমি ওনাকে সুধালাম, "আপনারা কি জামগাছি যাচ্ছেন?"

তো উনি মাথা নেড়ে সন্মতি জানালেন। আমি আবারও বললাম যদি ওনারা আমাকে একটু নিয়ে যান; তো তাতেও ঘাড় নেড়ে সন্মতি জানালেন। আমি ইতস্ততঃ করে চালকের পাশে চড়ে বসলাম। গাড়ি চলতে শুরু করল।

বেশ কিছুক্ষণ সময়ে পার হল, কিন্তু আমার কেমন যেন একটা অদ্ভুত অনুভুতি হতে শুরু করল। কেউ কোন কথা বলছে না, কেমন যেন যন্ত্রের মতো গাড়ি চালাচ্ছে। গরুগুলোও যেন একই গতি তে চলছে। এই রকম গ্রামের রাস্তা তে কোন গরুর গাড়ি বিনা শব্দে এত মসৃণ ভাবে কি করে চলতে পারে! আমি মনে মনে এই সব ভাবছি, সময়ে কতক্ষণ পার হল বোঝার উপায় নেই। তখন তো আর হাতের ঘড়ি ছিল না। কিন্তু আন্দাজে বুঝতে পারছি সময়ে বেশ বহুক্ষণই পার হয়েছে; কিন্তু আমার মন বলছে গাড়ি খেরোর মাঠ থেকে বেশি দূর যাইনি।

এই রাস্তা আমার খুব চেনা, কিন্তু মনে হচ্ছে গাড়ি চললেও এগোচ্ছে না। শুধু তাই না, একটা অদ্ভুত অনুভুতি ক্রমশ চেপে ধরছে আমাকে। সে এক অদ্ভুত নিঃস্তব্ধতা আমাকে যেন গ্রাস করছে। মনে যেন একটা কু ডাকতে শুরু করল। আমি বুকে জোর এনে আমতা আমতা করে বললাম, "তো, আপনাদের থাকা হয় কোথায়? জামগাছি না কাছেপিঠে কোথাও?"

জিজ্ঞাসা তো করলাম কিন্তু উত্তর আর এলো না। এইবার সত্যিই আমার গা টা ছমছম করতে শুরু করল। আমি কাঁপা কাঁপা গলাতে বললাম, "দাদা, আমাকে এখানেই নামিয়ে দিন। বাকি রাস্তা আমি হেঁটে ই চলে যাব।"

কিন্তু কে শোনে কার কথা; গাড়ি থামার কোন নামই নেই। আমি এবার সাহস করে লোকটির হাত চেপে ধরলাম। কিন্তু হাত কোথায়, এতো একটা হাড়! আঁতকে উঠে হাত টা ছেড়ে দিতেই লোক টি মাথা তুলে আমার দিকে চাইল। আমার চোখের সামনে কম্বলের নিচ থেকে বেড়িয়ে আছে একটি মাংসহীন, চোখ-নাক-মুখ হীন কঙ্কাল। এই দেখে আতঙ্কে আর কিছুই মনে নেই, শেষ মনে আছে গাড়ি থেকে এক লম্বা ঝাঁপ মেরেছিলাম দিগবিদিগ না ভেবে।

হুঁশ যখন ফিরল, দেখলাম ভোরের আলো ফুটেছে, আর কিছু লোক আমার মুখের উপর ঝুঁকে আছে। আমি আঁতকে উঠে বসলাম, তো ওনারা আমাকে জল দিয়ে সুধালে,"কি হয়েছিল বাবা তোমার?"

আমি কোন প্রকারে চোখ মেলে উঠে বসে দেখলাম, একি, আমি তো খেরোর মাঠেই পড়ে আছি। তাহলে সেই গাড়ি করে কোথায় যাচ্ছিলাম? আর আবার এখানেই বা এলাম কি করে? এই সাত পাঁচ ভাবছি, এমন সময়ে ওই ভিড়ের মধ্যে থেকেই কেউ বলে উঠল, "বেটা মনে হয় ধোপানী বউ এর পাল্লায় পড়েছিল। সেই যে বছর চারেক আগে ঝড় বাদলার দিনে সন্ধ্যেবেলা গরুর গাড়ি তে বাজ পড়ে মারা গেছিল। কাল তো সেই দিনই ছিল। তার উপর কাল আবার সারাদিনই বাজার বন্ধ ছিল। এ বেটা বোধ হয় জানত না, এমন দিনেই যে ওই আপদ গরুর গাড়িটা চড়ে বেড়ায় সন্ধ্যে হলে।"

আমি আর কি করব, উঠে বসে ভ্যাবাচ্যাকা মেরে এর তার মুখের দিকে চাইলাম, আর ভাবলাম এক রাতে ভুতের দেখা হয়ে গেল।

প্রথম বৃদ্ধের গল্প শেষ হতে দ্বিতীয় বৃদ্ধ বলল, "আরে তাও তো তোর ভাল, সে বেটা শুধু তোকে একটু হাওয়া খাইয়ে ছেড়ে দিয়েছিল। আমারটা তো বেটা আমাকে মাস খানেক ঘুমাতেই দেইনি।" পরিতোষ উৎসাহ নিয়ে জিজ্ঞাসা করল,"সে কি রকম?" এই কথা শুনে উনি গুছিয়ে বসে বলতে শুরু করলেন।

দ্বিতীয় বৃদ্ধের গল্পঃ

আমি হলুম গিয়ে হরিহরন ঘোষ, খাঁটি ময়রা ঘরের ছেলে। তো হল গিয়ে, আমার বাপঠাকুরদা ছিলেন এই গাঁয়ের বড় গোয়ালা। পাঁচ-ছয়েক গোয়ালঘর আর খান বিশেক গরু ছাড়াও ছিল কয়েক বিঘা ধানের জমি। হবে নাই বা কেন? শুধু কি এই গাঁ, আশপাশের যত গাঁ ছিল, এমন সেরা দুধ আর কতজন দিতে পারত?
তো সে যাই হোক, আমি গোয়ালাঘরের পোলা হয়েও মাথাতে ভূত চাপল কলকেতা গিয়ে পড়াশুনা করব। পয়সা ছিল, বাপ-মার আদুরে ছিলুম, তো গেলুম কলকেতা। গিয়ে উঠলুম এক মেস বাড়িতে। তো সেকি আর আজকের কথা, তখন না ছিল বিদ্যুৎ, না ছিল বিজলিবাতি; দিনের আলো নিবে গেলেই তেলের বাতি জ্বেলে বসে যাও।

তো রোজই রাতে ঘুমিয়ে পরার পর কোন এক ক্যাঁচ ক্যাঁচ শব্দে ঘুম ভেঙ্গে যেত। গরম কালে হত মহাজ্বালা; একে তো গরমের জন্যে ঘুম আসে না, তারপর যদি আবার মাঝরাতে ঘুম ভেঙ্গে যায়! বহুদিন চেষ্টা করেও সেই শব্দের কোন উৎস খুঁজে পাইনি। যেদিনই ঘুম থেকে উঠে এদিক ওদিক দেখতে গেছি, সেই ক্যাঁচ ক্যাঁচানি সঙ্গে সঙ্গে বন্ধ। একে শহুরে জীবনের সাথে মানিয়ে নেবার চাপ, পড়াশোনার চাপ, তার মধ্যে যদি রাতে ঘুম না হয়! মাথা গরম হয় না বলুন?

সেই ভাবে মাস খানেক গেল। কানে তুলো গুঁজে শোওয়া থেকে, মাথাতে বালিশ চেপে, সবই চেষ্টা করে চলেছি; কিন্তু যে কে সেই! তো এই করে করে বার্ষিক পরীক্ষার সময় চলে এল; পরীক্ষার সময়ে যদি রাতে ঘুম না আসে, তাহলে কি ঝামেলাটাই না হবে! তো আমি এবার ঠাওরে নিলাম, নাই ইসপাড়-নাই উসপাড়।

তো একদিন রাত্রিবেলা, আমি বিছানাতে না শুয়ে, গুড়িসুড়ি মেরে আমার ঘরের দরজার সামনে ঘাপটি মেরে বসে রইলাম। গরমের মধ্যে মশার কামড় বাঁচিয়ে থেকে থেকে ঝিমচ্ছিলাম; এমন সময়ে একতলার হলঘরের দেয়ালঘড়িটা ডং ডং করে রাত বারোটার জানান দিল। সেই শব্দে ঝিমনি কাটতে না কাটতেই শুনতে পেলাম সেই ক্যাঁচ ক্যাঁচ শব্দ। ততঃক্ষণে আমার ঝিমনি কেটে গেছে, ঘাড় ধীরে ধীরে উঁচু করে দেখি, বারান্দার বরগা তে লাগানো হাতেটানা পর্দা টা এপাশ ওপাশ দুলছে; অথচ সামান্য হাওয়াও বইছে না। আমার গলা প্রায় শুকিয়ে এসেছে, আস্তে আস্তে ঘাড় ফিরিয়ে দেখি, বারান্দার এক কোণাতে বসে এক হাড় শিরশিরে বালক মুখ

নিচু করে পর্দার দড়ি ধরে ধীরে ধীরে টেনে চলেছে।

এক মুহূর্তের জন্যে আমার রক্ত হিম হয়ে গেল। ওই গরমেও এক শীতল স্রোত আমার শিরদাঁড়া দিয়ে বয়ে গেল। আমাদের মেস বাড়িতে এই বয়সের কোন বালক তো থাকে না! তাও অশেষ সাহস জোগাড় করে, ধীরে ধীরে উঠে গেলুম ওই বালকটির সামনে। মন বলছে কাজটা ভাল হচ্ছে না, কিন্তু তাতেও যেন শরীর কথা শুনছে না। আস্তে আস্তে বালকটির কাঁধে হাত রাখলাম, আর বালকটি মুখটি সামান্য তুলল। মুহূর্তের মধ্যে আমার হৃদযন্ত্র স্তব্ধ হয়ে যাওয়ার জোগাড়। আমি দেখলুম, বালকটির মুখে হাড়ের উপর শুধু একটা শুকনো চামড়া জড়ানো; দুটো কালচে ফাটা ঠোঁট ঈষৎ ফাঁক করা, যেন একটা তৃষ্ণার্ত, কষ্টবিদারিত শব্দ এখুনি বেড়িয়ে আসবে। কিন্তু আমি আমার হুঁশ খোয়ালুম বালকটির চোখের দিকে তাকিয়ে, সেখানে দুটি কালো গর্ত, সেই দুটি দৃষ্টিহীন কোটর আমার দিকেই তাকিয়ে আছে।

জ্ঞান ফিরল সকাল বেলাতে। চোখ মেলে দেখি, আমার পাশের ঘরের ছেলেটি আমার মুখের উপর ঝুঁকে জল ছিটাচ্ছে। আমি ধড়পড় করে উঠে বসতে, ছেলেটি জিজ্ঞাসা করল যে আমার কি হয়েছে। আমি ওকে সবই বললুম। ও দেখলুম এই শুনে, সোজা হয়ে দাঁড়িয়ে নিমের দাঁতন চিবোতে লাগলো; ভাবখানা এমন যেন কিছুই হয়নি!

আমি ভ্যাবাচ্যাকা মেরে তাকিয়ে আছি; এমন সময়ে সে থুথু ফেলে বলল, "ঠিক ধরেছি, কানা মোহন কে দেখেছিলে নিশ্চয়। তা রাতের বেলাতে বারান্দাতে বেরিয়েছিলে কেন বাছা? আরে ওকে ভয় পাওয়ার কিছু নেই, বেচারা খুব কষ্টে মারা গেছিল। কিছু ক্ষতি করে না, শুধু মরার আগে ও যে কাজটি করত সেটাই করে চলেছে এখনো।"

আমি শুকনো গলাতে জিজ্ঞাসা করলুম, "কি করে মারা গেছিল ও?"

ছেলেটি বলল, "এটি মেস হাওয়ার আগে, একটি অ্যাংলো সাহেবের বাড়ি ছিল। মোহন জন্মান্ধ ছিল, বাপমা ছিল কি ছিল না জানি না বাবু; কিন্তু ওই সাহেবের পাখা টানত ওই কোনা তে বসে। সাহেবের অকারণে অত্যাচারের সীমা এমনিতেই ছিল না, তার মধ্যে কোন একবার এই গরম কালে, কোন কারনে সাহেব মোহনকে শাস্তি দিয়ে বিনা জলখাবারে রেখে দিয়েছিল। কিন্তু বেচারা মোহন বেশিদিন তা সহ্য করতে না পেরে একদিন ভরদুপুরে ওই পাখার দড়ি টানতে টানতেই মারা পড়েছিল। তারপর সাহেব তো বাড়ি বেচে চলে গেল, কিন্তু মোহন আজও ওই দড়ি টেনে চলেছে।"

এই বলে দ্বিতীয় বৃদ্ধ থামল। তখন তৃতীয় বৃদ্ধ বলে উঠলেন, এইগুলো আবার ভুতের গল্প হল! 'কে নাকি বাড়ি ছেড়ে দিচ্ছে, তো কে নাকি রাতে হাওয়া করছে! ভূত তো দেখেছিলুম আমি, কি ভাবে যে বেঁচে ফিরেছিলুম, সে শুধু আমিই জানি।' আমার দিকে তাকিয়ে জিগাইলেন, 'শুনবে নাকি বাছা?'

আমি চায়ের ভাঁড়ে চুমুক মেরে বললাম, " হয়ে যাক তাহলে।"

তৃতীয় বৃদ্ধের গল্পঃ

আমি হলুম গিয়ে পার্থসারথী রায়। আমার বাপঠাকুরদা সবাই ছিলেন রেল কর্মচারী। উচ্চবিদ্যালয়ের গণ্ডি পেরিয়ে প্রথা মেনে রেলে চাকরি নিয়ে ঢুকে পরলুম। যা হয়, চাকরির শুরুতে পোস্টিং পেলুম অজ গাঁয়ের এক ছোট্ট স্টেশনে স্টেশনমাস্টার হয়ে। স্টেশনমাস্টার তো হলুম, কিন্তু কাজ কিছুই নেই। সেই স্টেশনে সারাদিনে আসে মাত্র একটি ট্রেন, তাও রাতে। সেটিও দাঁড়াত মোটে ৫ মিনিট। আমি কাজ নিয়ে সেখানে গিয়ে উঠতেই, পুরনো স্টেশনমাস্টার আমাকে কাজ বুঝিয়ে দিয়ে সেদিনই পাশের গাঁয়ে চলে গেলেন।

আমার থাকার ব্যবস্থা হল স্টেশনের অফিসঘরের সাথে লাগোয়া একটি ঘরে। আমার রান্নাবান্না আর প্রয়োজনীয়তা দেখার জন্যে একটি ছোকরা ছিল শুধু। স্টেশনমাস্টার আমাকে শেষ মুহূর্তে শুধু বললেন, ''পার্থ বাবু, রাতের ট্রেন স্টেশন ছেড়ে বেরিয়ে যাওয়ার পর আর স্টেশনে ঘুরবেন না, আর যদি কেউ অফিসঘরের দরজা তে ধাক্কা মারে তো খুলতে যাবেন না। আসলে মানে ইয়ে ফাঁকা স্টেশন তো, একা থাকবেন তো, তাই আর কি। দিনকাল তো ভাল নয়, চোর ডাকাত হতেই পারে।''

আমি বেশি পাত্তা দিলুম না। প্রথম কিছুদিন তেমন কিছুই হল না। সারাদিন বেকারের মতো বসে থাকো রাতে কখন একটা ট্রেন আসবে তার জন্যে। যে ছোকরাটি ছিল, সে বিকালের মধ্যে সব রান্নাবান্না করে রেখে, খাবার আর হাত্ মুখ ধোয়ার জল তুলে রেখে গাঁয়ে ওর বাড়ি চলে যেত।

এই ভাবে এক হপ্তা গেল, তো সেদিন রাতে শুরু হল মুষলধারে বৃষ্টি। আমি শেষ ট্রেন চলে যেতেই, হ্যারিকেন নিয়ে অফিসঘরে ঢুকে দরজাতে খিল দিলুম। সবে হাত মুখ ধুয়ে রাতের খাবার নিয়ে বসেছি, এমন সময়ে দরজার কড়াটা নড়ে উঠল। আমি চমকে উঠে

সাড়া পারলুম,"কে হে বাবু এই সময়ে?"

কিন্তু কোন উত্তর নেই। আমি আবার ডাক পারলুম। মিনিট দু-তিনেক বৃষ্টির শব্দ ছাড়া আর কোন শব্দ পেলুম না। আমি সবে ভাবতে শুরু করেছি যে আমারই ভুল হবে, ঝড় বৃষ্টিতেই বোধ হয় দরজার কড়াটা নড়েছে; এমন সময়ে একটা ক্ষীণ গলা শুনতে পেলুম, ''মাস্টারমশাই, একটু দরজাটা খুলেবেন?''

আমি আগের স্টেশনমাস্টারের বলা কথাটা বেমালুম ভুলে গিয়ে দরজাটা খুলে দিলুম। দেখি একজন লম্বা ভদ্রলোক একটি চাদর জড়িয়ে দাঁড়িয়ে আছেন, বৃষ্টিতে ভিজে ওনার জামাকাপড় চুপচুপ করছে, মুখ দেখা যাচ্ছে না। আমি বললুম, "আরে দাদা, পুরো ভিজে গেছেন দেখছি; ভিতরে আসুন।"

লোকটি মুখে কিছু বললেন না, নিঃশব্দে ভিতরে প্রবেশ করলেন। আমি আরও কিছু বলতে যাচ্ছিলুম, কিন্তু তার আগেই এক দমকা হাওয়াতে আমার হ্যারিকেনটি গেল নিভে। এক বিকট অন্ধকার ঘিরে ধরল আমাদের। আমি দেওয়াল হাতড়ে আবার হ্যারিকেনটি জ্বালাতে যাব, এমন সময়ে দুটি হিমশীতল হাত আমার হাত দুটি চেপে ধরল। আমার শিরদাঁড়া দিয়ে একটা হিমেল স্রোত বয়ে গেল।

এমন সময়ে এক বিদ্যুতের ঝলকানিতে একঝলক দেখলাম যে আমার সামনে দাঁড়িয়ে থাকা লোকটির মাথার চাদর সরে গিয়ে একটা থেঁতলানো মুখ আমার দিকে তাকিয়ে আছে। আমার তো আত্মারাম বের হবে হবে করছে, সেই সময়ে সেই মুখ থেকে এক ঘরঘরানি বের হল, ''আলোটা জ্বালবেন না, বড় কষ্ট হয় আগুন দেখলে।''

বুজতেই পারছেন, আমিও আলো জ্বালার মতো অবস্থাতে ছিলুম না; কখন যে হুঁশ হারিয়ে ধরাশায়ী হয়েছিলুম আমিও জানি না।

জ্ঞান ফিরল সকাল বেলা রামু আসতে। রামু নামে ইয়ে সেই রান্নার ছোকরাটি। আমাকে মাটিতে গোঙাতে দেখে জল ছিটিয়ে আমার হুঁশ ফেরাল। আমি বেঁচে আছি না মরে গেছি বুঝতে কিছুক্ষণ সময় লাগল। তো রামু বলল, ''বাবু, আগের বাবু বলে যাননি যে রাতে দরজা খুলতে নেই? সকালে এসে আপনার দরজাটি হাট করা দেখেই বুঝেছি সেই তেনাকে ঘরে ঢুকিয়েছেন রাতে। উনি এই স্টেশনের প্রথম মাস্টার ছিলেন। তখনও স্টেশনের কাজ কিছু বাকি ছিল বলে মজুরদের রোজকার খোরাক ওনার কাছেই থাকতো। সেই সময়ে এখানে ডাকাতের খুব উপদ্রব ছিল, তো একদিন ঝড়বৃষ্টির রাতে একদল ডাকাত ওনার মাথাটি পাথর দিয়ে থেঁতলে সেই খোরাক লুটপাট করে নিয়ে চম্পট দিল। কিন্তু উনি আজও মাঝেসাঝে রাতে ঘুরে যান।''

আমি মনে মনে ভাবলুম, নিকুচি করেছে চাকরির, কোন ভাবে এক রাত্রি বেঁচে গেছি, আর নয়। সেদিনই ইস্তফা দিয়ে বাড়ির ছেলে বাড়ি চলে এলুম।

এই বলে উনি গল্প থামালেন। পরিতোষ কিছু একটা বলতে যাচ্ছিল, এমন সময়ে সেই চায়ের দোকানের বৃদ্ধা বলে উঠলেন, ''দাদারা, দোকানের ঝাপ ফেলব তো এবার, আপনারা উঠবেন নাকি?''

প্রথম বৃদ্ধ বললেন, ''হ্যাঁ রে মিনতি, আমরাও উঠি।'' তারপর পরিতোষের দিকে তাকিয়ে বলেন, ''তো বাছা, তুমি যাবে তো আমাদের সাথে?''

পরিতোষ উত্তর দিতেই যাচ্ছিল, কিন্তু তার গলা দিতে আওয়াজ বেরনোর আগেই সেই তিনজন বৃদ্ধ তার চোখের সামনে থেকে বেমালুম হাওয়া হয়ে গেল। সে ভিরমি খেয়ে আমতা আমতা করে ওই বৃদ্ধার দিকে তাকাল। বৃদ্ধা মৃদু হেসে কইলেন, ''বাবু, ভয় পাবেন নি। দাদারা তিনজন খুব ভাল বন্ধু ছিলেন গো, যেন হরিহর আত্মা। হপ্তা শেষে আমার হাতের চা খেতে খেতে ওই গাছতলাতে আড্ডা মারতে খুব ভালবাসতেন বাবুরা। কিন্তু বছর দুয়েক আগে ছয়মাসের মধ্যে তিনজনেই গত হলেন। কি টান বলুন তো! বড় মায়া ছিল ওনাদের এই চায়ের আড্ডা নিয়ে, তাই আজও আসেন বাবুরা। আমি কি করি, ওনাদের জন্যে দোকান খুলে বসে থাকি। আমি না থাকলে আর কে ওনাদের চা দেবে বলুন তো?''

এই বলে উনি ধীরে ধীরে দোকানের ঝাপ বন্ধ করতে শুরু করলেন। পরিতোষ নিজেও জানত না তার এত্ত সাহস যে চোখের সামনে তিন তিন জন ভুত দেখেও নিজের পায়ে দাঁড়িয়ে থাকবে।

বৃদ্ধা আবারও বললেন, ''বাবু, পয়সাটা দিবেন। ঝাপ ফেলি এবার। ভুলে গেলে, মেয়ে আবার সকালে রাগ করবে।''

পরিতোষ কাঁপা কাঁপা হাতে পয়সাটা এগিয়ে দিলে, বৃদ্ধা তা বাক্সে রেখে দোকানের ঝাপ বন্ধ করলেন। পরিতোষ এই গভীররাতে বোকার মতো দাঁড়িয়ে রইল সেইখানে। বৃদ্ধা তার দিকে তাকিয়ে বললেন, ''আসি বাবু।''

পরিতোষের ভিরমি খাওয়া বাকি ছিল। সেটি খেল যখন সে দেখল সেই বৃদ্ধাও তার সামনে থেকে বেমালুম হাওয়াতে মিলিয়ে গেল।

নাহ! আর দাঁড়িয়ে থাকতে পারল না পরিতোষ। তার শরীরটি এইবার ধূলি তে আশ্রয় নিল।



হরিপুর গ্রামীণ ব্যাঙ্ক, সকাল ১০.০০ টা-

ব্যাঙ্কের সাব-ম্যানেজার রমাকান্ত বাবু ব্যাস্ত হয়ে এদিক ওদিক করছেন। কেরানী মশাই কে বললেন, "আরে নতুন ম্যানেজার সাহেবের আজই আসার কথা না? এখনও এলেন না কেন বলুন তো?"

এমন সময়ে ফোনটা বেজে উঠল। রমাকান্ত বাবু ফোনটি তুলে নিলেন আর কিছুক্ষণ পরে চুপচাপ ফোনটি রেখে দিলেন। পাশে দাঁড়িয়ে থাকা কেরানী মশাইয়ের দিকে তাকিয়ে বললেন, 'খুব খারাপ একটা খবর পেলাম। আমাদের নতুন ম্যানেজার পরিতোষ বাবু কাল

এখানে আসার পথে একটি বাস দুর্ঘটনা তে মারা গেছেন। খুবই দুঃখজনক। বড় অফিস থেকে এই জানাল।'

বিঃদ্রঃ রাতের বেলার চায়ের দোকানের গল্পের আড্ডাতে আরও একজন নতুন মানুষ জুটল।।

****

About the author: Dr. Paul, a native of North Kolkata, India, holds a Ph.D. from the University of Kolkata. She completed her initial postdoctoral research at Bose Institute and is currently undertaking her second postdoctoral fellowship in the Department of Pharmacology & Toxicology at the University of Alabama at Birmingham (UAB).
Contact Information: Phone: +1 659-345-2851, Email: silpita_r@yahoo.co.in



A-Bhaya - Nir-Bhaya - Sa-Bhaya?

Aarvi Shah

11th Grade, Indian Springs School

My first language is English,
Second is Gujarati because family insists on it
I learned Chinese for 9 years,
Hindi is learned from Bollywood movies
And songs that we dance on all night.

Mom has been crying for last 3 days for no reason
For someone named Abhaya- she doesn't even know her

Oh, she is not really named Abhaya
Its Indian version of 'Jane Doe'
Remember Roe V/s Wade?
Jane Doe, Jane Roe,
Abhaya, Nirabhaya
Ahhh, I get it now

I had to ask my mom what does Abhaya mean
& mom said someone who is not afraid

I asked again what does Nirbhaya mean
& mom said someone who is without fear

Hindi seems to be very rich language
For having so many words to say the same thing

Undergraduate, biology major,
MCAT, medical school
Residency, Fellowships & then the MD degree

All Indian kids in US
know & live these words every day

Be a doctor,
Be an engineer
Be a lawyer
Because that's what you are destined to be

Abhaya was doctor
Or doctor to be
Or doctor she never will be
I am sure , her parents wish she was not doctor

She was raped
No, she was gang-raped
She committed suicide
No, she was murdered
She was cremated
No, the evidence was destroyed
She is dead
No, she is in better place

Of course, better place because
The world doesn't feel like a good place
Anymore

"Mom", Hindi seems to be such a rich language
What is the name of the girl who IS AFRAID?
Sabhaya?

Today, I am not in love with my own name - Aarvi
I might as well be 'Sabhaya'



© অনিকেত চক্রবর্ত্তী



Illustration By Sarbodeep Paul

ওই যে মেয়েটা

— সৌমি ভট্টাচার্য্য

ওই যে মেয়েটা, লড়াই করছে রোজ আধপেটা খেয়ে,
ওই যে মেয়েটা, ভিক্ষে করছে স্টেশনে গান গেয়ে।
ওই যে মেয়েটা, বর্বরতার প্রতিবাদ করেছিলো —
অ্যাসিডে মুখটা ক্ষতবিক্ষত; দৃষ্টিও কেড়ে নিলো।
ওই যে মেয়েটা, বিয়ে নয়, পড়া — অদম্য জেদ ওর,
ওর বিশ্বাস — রাত কেটে যাবে, আসবে নতুন ভোর।
ওই যে মেয়েটা, লোকের বাড়িতে তিনবেলা কাজ করে,
ওই যে মেয়েটা, মেধাবী ছাত্রী, বিদ্যুৎ নেই ঘরে।
ওই যে মেয়েটা, খুব সাহসিনী, মার্শাল আর্ট শেখে,
ও আজ নিজেকে বাঁচাতে শিখেছে পশুদের হাত থেকে।
প্রাণ খুলে ওকে বাঁচতে শেখাও, অধিকার কেড়ে নিও না,
সম্মান যদি না করতে পারো, তবু অপমান দিও না।
ওই যে মেয়েটা, জন্মের আগেই মেরে ফেলা হল ওকে,
দোষটা কি ওর? উত্তর দাও চোখ রেখে ওর চোখে —
কাল যদি ওরা প্রতিবাদী হয় এত যন্ত্রণা পেয়ে?
যদি বলে ওঠে — "চিনতে পারছো? আমিই তো সেই মেয়ে।"
ওদের চোখের তেজের আগুনে স্খলবে তোমার চিতা,
ওরা যে সবাই অসামান্যা, ওরা "মাতৃরূপেণ সংস্থিতা"।।

****

সৌমি: আমি পশ্চিমবঙ্গের বাসিন্দা। কল্যাণী বিশ্ববিদ্যালয় থেকে প্রাণীবিদ্যা বিভাগে স্নাতকোত্তর এবং কল্যাণী বিশ্ববিদ্যালয়ের এডুকেশন ডিপার্টমেন্ট থেকে বি.এড ডিগ্রি অর্জন করে বর্তমানে আমি ডন বস্কো ব্যান্ডেলের শিক্ষিকা। বাচিকশিল্প, সঞ্চালনা, গল্প–কবিতা, বইয়ের দুনিয়াটা আমার কাছে এক আলোর ঠিকানা।



© Rachana Biswas



আশ্বিনের উৎসব

- ড: বিশ্বজিৎ রায়

পূজো, পূজো,
দুর্গাপূজো;
মন মত সব
সাজো রে সাজো।

পূজো, পূজো,
লক্ষ্মীপূজো;
বাড়ি বাড়ি
তক্তি ভেজো।

পূজো, পূজো,
কালীপূজো;
পটকা ফাটলে
চক্ষু বুজো।

ফোঁটা, ফোঁটা
ভাইফোঁটা;
ভাইয়ের কপালে
বোন দাও গো ফোঁটা।

****

কবির পরিচয়: কবি উত্তরবঙ্গের বাসিন্দা, স্বপ্নবিলাসী, ও শ্লথগতিসম্পন্ন। কর্মসূত্রে হলদিবাড়ি গ্রামীণ হাসপাতালে Food Safety Officer হিসেবে কর্মরত।

BAGB EVENTS
2023-2024



BAGAB Durga Puja

2023

© BAGB 2024

BAGB EVENTS
2023-2024











BAGB Saraswati Puja

2024

© BAGB 2024

BAGB EVENTS
2023-2024



Holiday Party at Unitarian Universalist Church of Birmingham

Outdoor Picnic on Pohela Boishakh at Oak Mountain Park

Friday Flicks Movie Night at City Walk Birmingham

2023-2024


NAWABI
Hyderabad house
Biryani Place
ALABAMA
Discover Our
SPECIALTIES!
Biggest Mandi in USA
10+ varieties of Dosas
45+ varieties of Biryanis
36+ varieties of Pulavs
Everyday Specials
Weekend Specials
Indian Snacks
Indian Sweets
205-238-5491 | www.hhbhm.com
1694 Montgomery Hwy
Ste # 118, Hoover, AL 35216


MAYER
AUTOMATION & CONTROL
CUSTOMER INTEGRATION SOLUTIONS
MAYER SUPPLIER PARTNER SERVICE
MAYER DATACOM SOLUTIONS
ENERGY SERVICES SOLUTIONS
PROJECT MANAGEMENT SOLUTIONS
SQUARE D
mayerelectric.com

|| গ্রেট মাইগ্রেশন: এক জীবন্ত বিস্ময় ||

-- *জবা চৌধুরী (আটলান্টা)*

আফ্রিকায় বেড়াতে যাবার প্রথম সুযোগ এসেছিলো ২০২০ সালের গরমের ছুটিতে। কিন্তু গরমের ছুটি এসে পৌঁছনোর প্রায় দু'মাস আগে শুরু হলো কোভিডের তান্ডব। শুরু হলো পৃথিবী-ব্যাপী মানুষের জীবন নিয়ে টানাটানি। গৃহবন্দী জীবনে বেড়াতে যাবার কথা ভাবতেও তখন আতঙ্ক। পরপর বিভিন্ন দেশ থেকে ট্রাভেলের অনুমতি বন্ধ হলো। কাজেই, সেই সময়ের জন্য আফ্রিকা যাওয়াটা স্থগিত হলো। তবে ভাগ্যক্রমে আমাদের সেই নন-রিফান্ডেবল টিকেটের মেয়াদ ছিল একবছরের।

তাই, দ্বিতীয় পর্যায়ে, ২০২১ সালে সপরিবারে আমাদের আফ্রিকা ভ্রমণের আবার সুযোগ আসে। কোভিডের ভয়াবহতা তখন অনেকটাই স্থিমিত হয়ে এসেছে। তবে প্রয়োজনীয় সমস্ত বিধি-নিষেধ তখনও কড়া-কড়ি ভাবে ভ্রমণের ক্ষেত্রে জারি রয়েছে। সমস্ত নিয়ম সঠিকভাবে মেনে নিয়ে মে মাসের একত্রিশ তারিখ থেকে ঠিক একমাসের জন্য আমরা সপরিবারে আফ্রিকার তিনটি দেশ--কেনিয়া, তাঞ্জানিয়া এবং উগান্ডা দেখবো বলে বেরিয়ে পড়ি। সেই একমাস ছিল তখন পর্যন্ত আমাদের কাছে ভ্রমণের সবচে' দুঃসাহসিক অভিজ্ঞতা। যাওয়া-আসায় এয়ারপোর্টের কাছাকাছি থাকা ছাড়া শহরের চৌহদ্দির অনেক বাইরে আফ্রিকান ন্যাশনাল পার্কেরভেতরে জঙ্গলের মধ্যে একেবারে প্রাকৃতিক পরিবেশে কাটিয়েছি আমরা বাকি সবটা সময়। আজ দু'বছর বাদেও সেইসব সাফারির অভিজ্ঞতার স্মৃতি নানাভাবে আমাদেরকে রোমাঞ্চিত করে। রুপোলি পর্দার দৃশ্যের মতো চলমান কিছু ছবি চোখ বন্ধ করলেই যেন চোখের সামনে ভেসে ওঠে --- কেনিয়ার মাসাই মারা,আম্বোসেলী --- তাঞ্জানিয়ার সেরেঙ্গেটি ন্যাশনাল পার্ক, গোরংগোরো --- উগান্ডার গরিলা ট্রেকিং, শিম্পাঞ্জি ট্রেকিং ইত্যাদি। ওই অসাধারণ একটি ভ্যাকেশনের পর অন্য অনেক ভ্যাকেশনের স্মৃতি তখন ফিকে লাগতে শুরু করেছিল আমাদের কাছে।

মন কেড়ে নেওয়া ওই ভ্যাকেশন আমাদেরকে সত্যি করেই আফ্রিকাকে আরও জানতে উৎসাহী করে তোলে। পরের বছর ভ্যাকেশনে কোথায় যাওয়া যায় ভাবতে বসে আমার হাজব্যান্ড স্বপন, বছর ঘুরে আসতেই আবারও একটি আফ্রিকা ভ্রমণের প্ল্যান করে ফেলে। সে বার আর কোনো তাড়া নয়। একেবারে ভেবে-চিন্তে রিসার্চ করে সঠিক সময়ে সঠিক কাজের প্ল্যান ঠিক হলো। আর সেই বিশেষ প্ল্যানটি ছিলো পৃথিবীর একটি জীবন্ত বিস্ময়---'গ্রেট মাইগ্রেশন' প্রত্যক্ষ করা।

'মাইগ্রেশন' শব্দটির সাথে কমবেশি আমাদের সকলেরই পরিচয় রয়েছে। শব্দটি এসেছে ল্যাটিন শব্দ 'মাইগ্রারা' থেকে। যার অর্থ হলো জীবনের প্রয়োজনে এক স্থান থেকে অন্য স্থানে যাওয়া। মানুষসহ যে কোনো প্রাণী, যখন তার আশ্রয়স্থল ছেড়ে অন্য কোথাও যায় -- তখন এটাই ধরে নিতে হয় জীবনের তাগিদে সে বাধ্য হয়েছে। তাঞ্জানিয়ার সেরেঙ্গেটি আর কেনিয়ার মাসাই মারার বন্য পশুদের মধ্যে এমনি একটি ঘটনা বছরের একটি নির্দিষ্ট সময়ে ঘটে চলে আসছে বছরের পর বছর ধরে। যা নিজের চোখে দেখে এর প্রত্যক্ষ সাক্ষী হবো আমরা নিজেরাও, এটাই ছিল আমাদের প্ল্যান।

তাঞ্জানিয়ার সেরেঙ্গেটি এবং কেনিয়ার মাসাই মারা হল আসলে একই অরণ্যের দুটি অংশ। তাঞ্জানিয়ার উত্তরাংশে রয়েছে এই সেরেঙ্গেটি বনাঞ্চল। ত্রিশ হাজার বর্গ কিলোমিটার জুড়ে এর অবস্থান। ঘন জঙ্গল, বিশাল সব জলাভুমি আর সাভানা ঘাসের প্রান্তর এই অরণ্যভুমিকে সমৃদ্ধ করেছে। প্রকৃতি এখানে অকৃপণ। মাসাইজাতির মাতৃভাষা হলো "মা"। তাদের ভাষা অনুযায়ী সেরেঙ্গেটি শব্দের অর্থ হল "ENDLESS PLAINS" অর্থাৎ উন্মুক্ত বা সীমাহীন সমভুমি। এই সেরেঙ্গেটি অরণ্য সত্তরটি প্রজাতির ছোট বড় স্তন্যপায়ী প্রাণী এবং পাঁচশ' প্রজাতির পাখির আবাসভূমি। অন্যদিকে, এই অরণ্যের অপর অংশ হল কেনিয়ার অন্তর্গত মাসাই মারা ন্যাশনাল পার্ক। প্রাচীন জনজাতি মাসাই সম্প্রদায়ের নামে এর নামকরণ। তাদের মাতৃভাষা "মা"অনুসারে "মারা" শব্দটির অর্থ হল "SPOTTED" অর্থাৎ বহু বিন্দুর সমাহার। এক বিশেষ দূরত্ব থেকে ওই বিস্তীর্ণ প্রান্তর জুড়ে অসংখ্য প্রাণী এবং বিক্ষিপ্ত গাছপালাকে দেখলে মনে হয় ঈশ্বরের তুলিতে আঁকা অজস্র বিন্দু দিয়ে সাজানো এ এক বিশাল শিল্পকর্ম। প্রকৃতির সাথে মিলিয়ে মাসাই মারার এই নামকরণ অরণ্যের মাহাত্ম্যকে যেন আরও বাড়িয়ে তুলেছে।

বিকেলের শেষভাগে পৌঁছে গিয়ে মনে হলো, আবার দ্বিতীয়বারের মতো সেরেংগেটিকে হাত দিয়ে ছুঁয়ে অনুভব করলাম। সে এক অনন্য অনুভূতি। যেখানে শুনশান সমতলের অসীমে চলমান প্রকৃতি আর প্রাণের যুগলবন্দী। যতদূর চোখ যায় শুধুই অসীম প্রান্তর। সবশেষে সেই প্রান্তর শুধু ঠায় দাঁড়ানো দিগন্তরেখার গায়ে হেলান দিয়ে জিরোয়। আমার চোখ সেই দৃশ্যকে নাম দেয় 'ভালোবাসা'।

গত বছর সেরেঙ্গেটিতে একটানা তিনমাস বৃষ্টি হয়নি। আর এতে করে দুর্ভোগের ছায়া ছড়িয়ে পড়ে সর্বত্র। জনজাতিদের পানীয় জলের অভাব থেকে শুরু করে জীবনধারণের প্রতিটি স্তরে তখন জলকষ্ট। মানুষ নিজের প্রচেষ্টায় জলের ব্যবস্থা করতে পারলেও, বন্য-প্রাণীদের ক্ষেত্রে তা সম্ভব হয়ে ওঠে না। ওরা তাই চলতে শুরু করে নতুন জায়গার সন্ধানে।

২০২২ সালের আগস্ট মাস। সেরেঙ্গেটির যে প্রান্ত থেকে সবচেয়ে বেশি পশুরা 'মারা' নদী পেরিয়ে মাসাই মারা আসে খাবারের খোঁজে, আমরা সেই ঠিকানায় ভোরের আলো ফোটার সঙ্গে সঙ্গে পৌঁছে গেছি। পথে মাঝে মাঝেই উঁচু-নিচু ঢেউ খেলানো ধু ধু মাঠে দেখলাম পশুদের জমায়েত। হাজার হাজার, লক্ষ লক্ষ পশুর নির্বিঘ্ন জমায়েত --- অথচ শুধু ওদের চলার শব্দটুকু ছাড়া আর কোনো শব্দ নেই। মনে হলো যেন মাঠের নানা জায়গায় আকাশ থেকে ঘনকালো মেঘ নেমে এসেছে। আর সেই চলমান কালো মেঘেরা ভেসে বেড়াচ্ছে মাঠের একপ্রান্ত থেকে অন্যপ্রান্তে।

ধীরে ধীরে ওরা দল বেঁধে মারা নদীর পাড়ে এসে দাঁড়ালো। আমাদের ড্রাইভার মেশালু গাড়ি থামালো নদী থেকে বেশ খানিকটা দূরে। তাঞ্জানিয়াতে এটাই নিয়ম। পশুদের রিভার ক্রসিং শুরু হবার আগে গাড়ি অনেকটা দূরে পার্ক করতে হয়, যেন পশুদের চলায় কোনো বিঘ্ন না আসে। কিছুটা সময় যেতেই, হঠাৎ করে প্রথম সারি থেকে পশুদের লিডার জলে নেমে নদী পেরোতে শুরু করে। সাথে চলতে থাকে সেই সারির অন্য পশুরাও। তারপর দ্বিতীয় সারি, তারপর তৃতীয়....! ততক্ষণে ড্রাইভার আমাদের সাফারি ভেহিক্যাল নিয়ে চলে গেছে নদীর খুব কাছে। গাড়ির রুফ তুলে দিয়ে দাঁড়িয়ে আমরা দেখতে লাগলাম একের পর এক দল পশুদের নদী পেরিয়ে যাওয়ার দৃশ্য। ওয়েভ রেডিও'র কল্যাণে চারদিকে তখন প্রচুর ট্যুরিস্ট ভেহিক্যাল এসে দাঁড়িয়ে পড়েছে। ওই অপূর্ব দৃশ্য দেখে বিস্ময়ে চোখের পাতা ফেলতেও ভুলে যাচ্ছিলাম আমি। এমন সুশৃংখল মিছিল মানুষের মধ্যেও আমি আগে কখনো দেখিনি। আমার মনে হলো পশুদের এই সুশৃংখল চলাও হয়তো প্রাণীজগতের জীবন্ত বিস্ময় ! যেসব পশুরা এই মাইগ্রেশনে অংশ নেয় এর মধ্যে সবচেয়ে বেশি হলো ওয়াইল্ড বিস্ট, এরা 'ন্যু' নামেও আমাদের কাছে পরিচিত। এছাড়া থাকে আন্টেলোপ, বাফেলো আর জেব্রার দল। আফ্রিকার সপ্তম বিস্ময়ের গল্প এদের জীবন নিয়েই চলছে যুগের পর যুগ !


এই মাইগ্রেশন তাঞ্জানিয়ার অন্তর্গত দক্ষিণ সেরেঙ্গেটির গোরোঙগোরো অঞ্চল থেকে শুরু হয় । আর তা চলতে থাকে উত্তরে কেনিয়াতে অবস্থিত মাসাই মারা রিসার্ভের দিকে। চলতে চলতে আবার একসময় মাসাই মারার অরণ্য পেরিয়ে এরা আবার ফিরে আসে সেরেঙ্গেটির গোরোঙগোরো অঞ্চলে। বছরের পর বছর ধরে চলেছে এই বিস্ময়কর পরিক্রমা। এই চলার পথে তাদের পেরোতে হয় গ্রুমেতি আর মারা নদী। এই নদীগুলো সাধারণত হিংস্র কুমীর আর জলহস্তী অধ্যুষিত। মারা নদী ছাড়াও মাসাইমারার অন্য যে নদীটিতে মাইগ্রেশন দেখা যায় সেটি হল-- তালেক। এইসব নদীতে কুমীরেরা ওঁৎ পেতে থাকে শিকার ধরার জন্য। তাদের হাতে প্রাণ যায় অসংখ্য পশুর।

এই মাইগ্রেশনের অন্যতম কারণ হল জীবনযুদ্ধে টিকে থাকার দুটি অপরিহার্য শর্ত...খাদ্য এবং পানীয় জল। শুধুমাত্র এই দুটি কারণে যুগ যুগ ধরে চলেছে এই নিরবছিন্ন পরিক্রমা। যাইহোক, মাসাইমারা অরণ্যাঞ্চলে জুলাই-আগস্টের শেষদিকে এই পশুর দল পৌঁছে যায়। কারণ এই সময় বর্ষার জলে মাসাইমারা সবুজ হয়ে উঠে । তারপর নভেম্বর নাগাদ আবার হাল্কা বৃষ্টি শুরু হলে তারা এগিয়ে চলে দক্ষিণ পূর্ব দিক ধরে। চলতে চলতে ডিসেম্বর নাগাদ ফিরে আসে সেই গোরোঙগোরো অঞ্চলে, যেখান থেকে শুরু হয়েছিল তাদের যাত্রা। আবার শুরু হয় নতুন করে ঘর বাঁধার পালা।

জানুয়ারী থেকে মার্চ--- এই তিন মাস মাইগ্রেশনের প্রথমার্ধের সময়কাল। বর্ষার জলের ছোঁয়ায় সবুজ ঘাসে এই সময় ছেয়ে যায় সেরেঙ্গেটির মাঠ-প্রান্তর। ওই সময়টাই পশুদের প্রজনন কাল। ন্যু মায়েরা মাত্র দুই থেকে তিন সপ্তাহের মধ্যে পাঁচ লক্ষ শাবকের জন্ম দেয়। বাকি পশুদের ক্ষেত্রেও প্রায় একই নিয়ম প্রযোজ্য। এরপর এই অঞ্চলে বর্ষা বিদায় নেওয়ার সাথে সাথে নতুন শাবকদের নিয়ে সবাই মিলে রওনা দেয় উত্তর পশ্চিমে গ্রুমেতি নদী উপত্যকার দিকে। অনাগত সন্তানদের পৃথিবীর আলো দেখানোর প্রস্তুতি চলে জুন মাস পর্যন্ত। তাই ওরা ওখানেই থেকে যায় সেই সময়টা। তবে জন্মের সঙ্গে সঙ্গে মৃত্যুর হাতছানিও এই আদিম অরণ্যের এক অবিচ্ছেদ্য অঙ্গ। এই মাইগ্রেশন চলাকালীন প্রায় আড়াইলক্ষ ন্যু নানাকারণে প্রতিদিন মৃত্যুর মুখোমুখি হতে বাধ্য হয়। আসলে তাঞ্জানিয়া থেকে কেনিয়া পৌঁছোতে এদের অতিক্রম করতে হয় দীর্ঘ আটশ' কিমি পথ। এই দীর্ঘ চলার পথে প্রাকৃতিক নিয়মে ক্ষুধা, তৃষ্ণা, ক্লান্তি আর অতর্কিত শিকারী পশুর আক্রমণ যেকোনো সময় এই পরিক্রমার মাঝপথেই এদের চলা থামিয়ে দেয় চিরদিনের মতো। এও প্রাকৃতিক নিয়মেরই এক অধ্যায় মাত্র।

মাসাইমারার ঠিক পশ্চিমাংশে 'মারা ত্রিকোণ' বা 'মারা ট্রায়াঙ্গেল' হল মাইগ্রেশনের পথে একটা গুরুত্বপূর্ণ অঞ্চল।

মাসাইমারা রিসার্ভ এর তিন ভাগের এক ভাগ নিয়ে সৃষ্টি হয়েছে এই অঞ্চলটি। এই অঞ্চলের আয়তন প্রায় ৫১০ বর্গ কিলোমিটার। মাইগ্রেশনের ক্ষেত্রে এই অঞ্চলের স্থানগত অনন্যতা লক্ষ্যণীয়। কারণ সেরেঙ্গেটি থেকে মারাতে আসা এবং মারা থেকে সেরেঙ্গেটিতে ফেরা, মাইগ্রেশনের এই দুই যাত্রাপথেই এই অঞ্চলটিকে অতিক্রম করতে হয়। তাই "মারা ত্রিকোণ বা মারা ট্রায়াঙ্গেল গ্রেট মাইগ্রেশনের ক্ষেত্রে এক দারুণ গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। ওই অঞ্চলকে ঘিরে মারা নদী এক অদ্ভুত সুন্দর প্রাকৃতিক সীমানা সৃষ্টি করে একে ঘিরে রেখেছে। সাভানা ঘাসের ঘন তৃণভূমি, ছোট ছোট বিচ্ছিন্ন জলাভূমি আর আগ্নেয়গিরির ছোট-বড় অংশ নিয়ে গড়ে উঠেছে এই অঞ্চল । মাসাই মারা ন্যাশনাল পার্কের মূল প্রবেশদ্বার থেকে বহুদূর এর অবস্থান।এই অবস্থানগত বিচ্ছিন্নতার কারণে এই অঞ্চলে পশুদের আনাগোনাও ওখানে অনেক বেশি।



The Great Migration (Google Image)

এই পরিক্রমার সবটাই যে শান্তিপূর্ণ, তা কিন্তু নয়। খাদ্য এবং খাদকের জীবন-মরণের নিপুণ খেলাটিও এরই মধ্যে চলতে থাকে। পাথরের বিশাল চাঁই এর ফাঁকে ক্ষুধার্থ সিংহকে লুকিয়ে থাকতে দেখেছি আমরা বহুবার। নদীর জলে ঘাপটি মেরে থাকা কুমিরের দলের উপস্থিতি টের পেয়ে ওয়াইল্ডএবিস্ট-এর দলকে মাঝ নদী থেকে উল্টোদিকে ফিরে যেতেও দেখেছি আমরা। আবার এমনটি দেখেছি নদী পেরিয়ে যাওয়া ওয়াইল্ডএবিস্ট অন্য পাড়ে গিয়ে বুঝতে পেরেছে তার সন্তানটিকে তার সাথে নিয়ে আসেনি। সে তখন পাগলের মতো ছুটে আবার নদী পেরোয়। আমাদের ড্রাইভার কাম গাইড যখন পশুদের প্রতিটি চলাকে বুঝিয়ে দিচ্ছিলো একের পর এক ---নিজে মা বলেই হয়তো সেই অনুভূতিগুলো যন্ত্রণা হয়ে বুকে বাজছিলো। কিন্তু যতই আমাদের খারাপ লাগুক, এটাই হলো 'সারভাইভ্যাল অফ দ্য ফিটেস্ট' এর বিখ্যাত থিওরি। যাইহোক, এ কথাটি না উল্লেখ করলেই নয় --- ২০২২ সালে আমরা সেরেঙ্গেটি থেকে ছয়বার গ্রেট মাইগ্রেশনের রিভার ক্রসিং দেখেছি। যা অনেকের কাছেই অবিশ্বাস্য বলে মনে হয়েছে। এটা ছিল ভোর থেকে সন্ধ্যা পর্যন্ত আমাদের একাগ্রতা আর অবিচল ধৈর্য্যেরই ফল। এই ক্রেডিটের সবটা, ছবি তোলায় প্যাশনধারী আমার হাজব্যান্ডের প্রাপ্য। যাইহোক, অভিজ্ঞতার এই স্মৃতি-সম্ভার আমাদের মনের মণিকোঠায় উজ্জ্বল হয়ে থাকবে চিরকাল।

এই গ্রেট মাইগ্রেশন বিস্ময় তো বটেই। কিন্তু সেই সাথে আফ্রিকার অর্থনীতিতেও রয়েছে এর বিশাল অবদান। সারা পৃথিবীর প্রকৃতিপ্রেমী দর্শকদের সাথে সাথে আলোকচিত্রশিল্পী বা ফোটোগ্রাফেরদের কাছে আফ্রিকার আরণ্যক জীবন এবং মাইগ্রেশন--- দু'টোই স্বপ্নস্বরূপ আকর্ষণের। বন্যপ্রাণীদের জীবনের এই সংগ্রামের সাথে আজ জড়িয়ে রয়েছে ট্যুরিজম থেকে শুরু করে সব পর্যায়ের আফ্রিকান মানুষের বাঁচার রসদ। এই বিস্ময় সার্বিক অর্থে তাই অনন্য।

এই লেখাটি যখন শুরু করেছি, সেই সময়েই (সেপ্টেম্বর, ২০২৩) আমি আর আমার হাজব্যান্ড তৃতীয়বারের মতো কেনিয়াতে ওয়াইল্ডলাইফ সাফারি করতে চলে যাই। তিন সপ্তাহের ছুটিতে আবারও আমরা দু'বার গ্রেট মাইগ্রেশনের রিভার ক্রসিং উপভোগ করি। তবে এবার তাঞ্জানিয়া থেকে নয়, এবার সেটি উপভোগ করলাম কেনিয়ার সাইড থেকে। সবশেষে এটাই বলবো, এই অভিজ্ঞতা লিখে বা বলে বোঝানোর নয়, শুধুই অনুভবের।

****

|| খাই খাই ||

-পিয়ালী দাস

"খাই খাই করো কেন, এসো বসো আহারে— খাওয়াব আজব খাওয়া, ভোজ কয় যাহারে।"

সুকুমার রায় এর কবিতার নাম কপি করে নিজের লেখায় বসানোর দৃষ্টতা যখন দেখিয়েই ফেলেছি, তখন সেই কবিতারই প্রথম দুই লাইন দিয়ে এই আপাদমস্তক খাদ্য বিষয়ক লেখার শুভারম্ভ করলাম।

"ছেলেদের মনের দরজা পেটের রাস্তা অতিক্রম করে যায়"

মা দিদিমাদের মুখে বহুল প্রচলিত এই কথা শুনে শুনে হয়তো আমরা অনেক বাঙালি মেয়েরাই বড়ো হয়েছি। বিশেষ করে বিবাহিত বা বিবাহযোগ্য মেয়েদের সংসার ও স্বামী কে বশে আনার জন্য বড়োরা হয়তো এসব পরামর্শ দিয়ে থাকবেন।

ইহার সত্যতা কতো শতাংশ তাহা আমার জানা নাহি। তবে আমার মনের দরজা অব্দি আসিতে হইলে যে পেটকে সন্তুষ্ট করিয়াই আসিতে হইবে সে আমি হলফ করিয়া বলিতে পারি এবং ঠিক এটিরই সুযোগ নিয়েছিলেন আমার পতিপরমেশ্বর (একদা বন্ধু)।

নাহ, তিনি তখন নিজে হাত পুড়িয়ে রান্না করে খাওয়াননি বটে, তবে কোথায় কোন সুস্বাদু খাবার পাওয়া যাচ্ছে তার পুঙ্খানুপুঙ্খ খোঁজ খবর দেওয়া, খাওয়াতে নিয়ে যাওয়া সবই বেশ সুন্দর ভাবে করতেন। রাস্তার ধারের কোন্ ঝুপড়ি দোকানে কোন খাবারটি ভালো, থেকে শুরু করে শহরের বড় নতুন গড়ে ওঠা বিলাসবহুল রেস্টুরান্টে কোন্ আইটেমটির স্বাদ কেমন ,সবই সততার সাথে জানান দিতেন তিনি। ব্যস... কি আর করা... বিয়ে নামক লাড্ডুটি যখন খেতেই হবে তখন ঠিক করলাম এই সুপাত্রটিকে আর হাত ছাড়া করা যায় না। পেটুক বাঙালির খাদ্যময় জীবন সুনিশ্চিত করা যাক।

ছোট থেকেই আমার মায়ের হাতের রান্নার প্রশংসা শুনে এসেছি সকলের মুখে। অত্যন্ত লজ্জার বিষয় যে সেই মায়ের মেয়ে হয়ে রান্নার গন্ডি পাঁপড় ভাজা অব্দি সীমিত ছিল আমার বিয়ের এক দুবছর আগে অব্দিও। আমারই বা কি দোষ? দুই দিদির আদুরে ছোট বোন হওয়ার জন্য পেটের শান্তির কথা ভাবার আগেই মুখের সামনে খাবার চলে আসতো। তবে বড়দির রান্নার রেসিপি গুলো কিন্তু আমি থিয়োরি অনুযায়ী জানতাম, যেগুলো কিনা আজও ধুয়ে ধুয়ে খাচ্ছি, আর সকলকে খাওয়াচ্ছি। যেমন কেক, বিরিয়ানি, চিলি চিকেন, মোগলাই পরোটা আরো কত কি...। আর বিয়ের আগে যে টুকু হাতে গোনা শৌখিন কিছু রান্না শিখেছিলাম সবটাই আমার মেজদির হাত ধরে। তাদের মধ্যে ২/৩ টি উল্লেখ না করলেই নয়; টমেটো মাছ, চিংড়ি দিয়ে কলাই এর ডাল, পনীর এর সাদা তরকারি ইত্যাদি।

বর নির্বাচন যে আমার ১০০% ঠিক হয়েছে তার উপর সিলমোহর বসালো আমার শাশুড়িমা-এর রান্না । এক বছর তো কেটে গেলো রোজই নতুন কিছু না কিছু খেতে খেতে । তার মধ্যে অনেক গুলো রান্না তো আমি এডাপ্ট করার চেষ্টা করে চলেছি এখনো। মাছের ঝুড়ি এবং মান কঁচুর চাপটা তাদেরই মধ্যে অন্যতম। তার ওপর উপরি পাওনা হলো আমার ননদ। প্রতিটা বাড়িতে নিজস্ব কিছু খাবার মেনু থাকে, যা অন্য আর একটি বাড়ির চেয়ে ভিন্ন হয় । আমার বাবার বাড়িতে হওয়া সেরকম কিছু মেনু সৌভাগ্য বসত আমার ননদিনী টি জানতেন। কাজেই যখনই আমি গল্পে গল্পে সেসব খাবারের কথা বলেছি তখনই দেখতাম পরের দিনের মেনুতে ওটা বানানো হয়ে যেত। মাছ প্রেমী মানুষ হয়ে সেরকম দুটো আইটেমের কথা না বললে মাছেরা কষ্ট পাবে। মাছের ডিমের বড়ার ঝোল আর মাছের তেল চচ্চড়ি।

ভালো খাওয়ার খেতে পাওয়ার তাগিদ থেকে রান্না শেখা আমার USA-তে না আসলে হয়তো হতো না।

মা এর বয়স জনিত নানান অসুস্থতার জন্য বহু পুরোনো খুব প্রিয় কিছু খাবারের রেসিপি মা এর থেকে শেখার প্রিভিলেজ হয়তো

এখন আর নেই আমার, তবে তিন দিদি ও শাশুড়ি মা এর সান্নিধ্য আমার পেটকে সমৃদ্ধ করার প্রক্রিয়াকে প্রভাবিত করে চলেছে প্রতিনিয়ত।

নির্ভেজাল বাঙালি হওয়ায় আমার কথায় বা লেখায় হয়তো আমিষ খাওয়ারের ঘোরাফেরাই বেশি চলে। তবে আজ আমার অত্যন্ত প্রিয় এবং বর্তমানে অতি দুর্লভ (দেশে খুবই স্বল্প সময়ের অতিথি হওয়ায় এবং আমেরিকাতে পাওয়া যায় কিনা আমার না জানার কারণে) একটি নিরামিষ রেসিপি শেয়ার করবো তোমাদের সকলের সাথে। কিঞ্চিৎ আশায় ভর করেও লিখছি বলতে পারো... যদি কখনো কারো কোনো গ্রোসারি shop এ হঠাৎ চোখে পরে যায়, তবে আমাকে সংবাদ পাঠিও।

ছোটবেলার গন্ধমাখা মায়ের হাতের রেসিপি '**সজনে ফুলের চচ্চড়ি**'(মেজদির থেকে শেখা):

প্রনালীঃ

- প্রথমে আলু, বেগুন ছোট ছোট করে কেটে নিতে হবে।
- কড়াইয়ে অল্প তেল দিয়ে বেগুনটাকে ভেজে তুলে নিতে হবে।
- কড়াইয়ে আবারও কিছুটা তেল দিয়ে, তেল গরম হলে শুকনো লঙ্কা আর সর্ষে ফোড়নে দিতে হবে।
- ফোড়নের সুন্দর গন্ধ উঠলে তাতে আলু গুলো ছেড়ে দিতে হবে, আলু টা সামান্য সাতলে নিয়ে তাতে পরিমান মতো নুন আর হলুদ দিয়ে দিতে হবে।
- আলু ভাজাভাজা হয়ে এলে এক কাপের মতো জল দিয়ে দিতে হবে, গ্যাস ফ্লেম কমিয়ে আলু সেদ্ধ হতে দিতে হবে, আলু সেদ্ধ হয়ে গেলেই তাতে কাঁচা লঙ্কা, ও সামান্য নুন দিয়ে বেটে রাখা সর্ষে দিয়ে দিতে হবে।
- অল্প নাড়াচাড়া করেই ভেজে রাখা বেগুন আর সজনে ফুল গুলো দিয়ে গ্যাস ফ্লেম কমিয়ে কড়াই ঢেকে দিতে হবে।
- ৫ মিনিট পড়ে ঢাকনা খুলে সামান্য চিনি দিয়ে ১ মিনিট রেখে গ্যাস বন্ধ করে দিলেই রেডি সজনে ফুলের চচ্চড়ি (নুন, ঝাল, মিষ্টি অবশ্যই চেখে দেখতে হবে)।




Google Image: সজনে ফুলের চচ্চড়ি

ব্যস... সজনে ফুলের চচ্চড়ি রেডি হয়ে যাওয়ার সাথে সাথে এই বছরের মতো আমার লেখনী ধরার কোটায়ও সম্ভবত ইতি পড়লো।

আগামী বছরে আবারো হয়তো ফিরবো BAGB এর বাৎসরিক ম্যাগাজিনের হাত ধরে অন্য কোনো হ-য-ব-র-ল নিয়ে...।

****

KENDALL® ELECTRIC

A MEMBER OF THE KENDALL GROUP


Knowledgeable People Providing:

- Electrical Supplies
- Lighting & Power Distribution
- Energy Savings Solutions
- Support & Training
- Machine Automation & Control
- Local Inventory & Delivery
- Communication & Networking Solutions

All distributors are not equal. There are characteristics which differentiate them, making some different...better. For instance, Kendall Electric. Unlike most large distributors, we are a 100% employee-owned company. This means each of us is equally committed to providing you with the highest-quality technological products, unparalleled customer service, and leading-edge capabilities, which make your life easier and your business more successful.

ALABAMA, GEORGIA & TENNESSEE

Commercial
Contractor
Industrial
Utility
Telecommunications



Birmingham, AL 35210
1189 Grants Mill Road
205-254-3192
1-800-605-3192
Fax: 205-254-0095

Tuscaloosa, AL 35401
1323 Whigham Place
205-759-5716
1-800-263-8393
Fax: 205-345-2874

Montgomery, AL 36117
1029 Lagoon Business Loop
334-356-1845
1-866-711-8021
Fax: 334-356-2162

kendallelectric.com

|| বিদেশ ভ্রমণ ||

-মনোজ কুমার চ্যাটার্জী

বিদেশ ভ্রমণ আমার জীবনে আগে কখনো ঘটেনি। তাই যখন এখানে আসার ডাক পেলাম, স্বাভাবিক ভাবেই আমি খুশি হয়ে ছিলাম। তবে আমার ব্যক্তিগত জীবন এতটাই বাস্তবতায় ভরা যে আমি ঠিকমতো নিজেকে প্রস্তুত করতে পারছিলাম না, যে আদৌ আমি যেতে পারবো কিনা? তবে বহুদিন ধরে মেয়ে জামাইকে দেখতে না পাওয়া আমাকে অনেকটা চাপের মধ্যে রেখেছিল, তাই আমি স্থির করলাম আমেরিকায় যাবোই, যতই কাজের চাপ থাক।

প্রস্তুতি পর্বে প্রায় ২ বছর কারণ পাসপোর্ট/ভিসা এসব পেতে ও বেশ সময় লাগে। অবশেষে সেই শুভদিন এলো যেদিন আমরা আমেরিকা এর উদ্দেশ্যে রওনা দিলাম। আমাদের যাত্রা সুগম ছিল না, তাই প্রথম ধাক্কা খেলাম যখন কলকাতা বিমানবন্দরে লাগেজ বুক করতে গিয়ে জানতে পারলাম মুম্বাই যাওয়ার ফ্লাইট ২ ঘন্টা দেরিতে ছাড়বে। আসলে আমাদের রুট ছিল কলকাতা-মুম্বাই-হিথ্রো-আটলান্টা। ভীষণ বিপদে পড়লাম, কী হবে জানি না তবে দেখলাম বিমান কর্তৃপক্ষ চেষ্টা করছে কিছু করার। যাইহোক, শেষ পর্যন্ত অন্য রুটে ব্যবস্থা হলো অর্থাৎ পরের দিন কাতার এয়ারওয়েজের বিমানে চেপে দোহা হয়ে আটলান্টায় পৌঁছালাম। বিমান থেকে নেমে একটু শান্তির নিশ্বাস পড়লো কারণ আর কোনো ঝামেলা নেই, পৌঁছে গেছি আটলান্টায়।

সিকিউরিটি চেক, ইমিগ্রেশন ইত্যাদি সেরে যখন আমরা বাইরে এলাম, আমার মেয়ে ও জামাই অপেক্ষা করছিল আমাদের জন্য। আনন্দে উৎফুল্ল হলাম সবাই। এ এক অদ্ভুত অনুভূতি—আমেরিকার মাটিতে পা দিয়েই স্বজনদের কাছে পেয়ে ভারতের মাটি ছাড়ার দুঃখ দূর হলো। আমাদের সঙ্গে আমাদের মেয়ের এক বন্ধুর মা কলকাতা থেকে আসায় আমাদের নিতে আসা লোকের সংখ্যা বেশিই ছিল, তাই বাইরে বেরিয়ে সবার সঙ্গে পরিচয় করতে একটু সময় লাগলো। অবশেষে মেয়ে জামাইয়ের সঙ্গে বার্মিংহাম শহরের উদ্দেশ্যে রওনা দিলাম। গাড়িতে বসে ভাবছি, কোথায় ছিলাম, কোথায় এলাম। ছোটবেলায় শুনতাম, যদি মাটিতে গর্ত করতে থাকি, যেতে যেতে একসময় ওপারে পৌঁছে গেলে আমেরিকা। তখন ভাবতাম, কিন্তু পরে বুঝলাম বাস্তবে অসম্ভব। যখন পৌঁছালাম তখন এখানে বিকেল, কিন্তু আমাদের ওখানে অর্থাৎ ভারতে গভীর রাত।

পৃথিবীর এই বৈচিত্র্যের কথা ভাবতে ভাবতে আর গাড়ি থেকে বাইরের দৃশ্য দেখতে দেখতে চললাম। শুনেছিলাম এখানকার প্রাকৃতিক দৃশ্য খুবই সুন্দর, আর সত্যিই সব মিলছে। খুব ভালো লাগছিল, বিশেষ করে রাস্তাঘাট যেন ছবির মতো। প্রায় দুই ঘণ্টা পর যখন বার্মিংহাম শহরে প্রবেশ করলাম, তখন সব দেখে আবার সেই একই উক্তি, ছবির মতো।

শহর পেরিয়ে আমার মেয়ে জামাই যেখানে থাকে সেই ফুল্টনডেলে পৌঁছালাম। এখানকার বাড়িগুলো দেখে মনে হচ্ছিল আমরা ছোটবেলায় ছবি আঁকতাম যে সমস্ত বাড়ি,অনেকটা একই রকম। ঘরের ভিতরেই প্রবেশ করতেই বুঝতে পারলাম এখানে সারাদিনই এসিতে থাকতে হবে, যদিও আমাদের অভ্যাস নেই, তবে কয়েকদিনের মধ্যেই ঠিক হয়ে যাবে।

অনেকদিন ধরেই জামাইবাবার বাগান দেখার ইচ্ছে ছিল, সেই সাধ পূরণ করতে দেরি করিনি। এসেই বাগানে অর্থাৎ বাড়ির পিছনের দিকে কিছুটা জায়গা জুড়ে যে বাগান রয়েছে সেখানে প্রবেশ করলাম। ভারি সুন্দর বাগান, বেশ কিছু সবজি ও ফুলের চাষ। অনেক সবজি হয়েছে, আমার সহধর্মিণী ঝুড়ি নিয়ে ফসল তুলতে লাগলো—বেগুন, টমেটো, বরবটি, লঙ্কা, ঢেঁড়স ইত্যাদি। এক দারুণ আনন্দের দৃশ্য, বেশ কিছু ছবিও তোলা হলো। এখানে সূর্যাস্ত প্রায় রাত ৮টা ১৫ মিনিটে, তারপর আঁধার নেমে আসে।

প্রথম কয়েকদিন বেশ অসুবিধে হচ্ছিল কারণ এখানকার দিনাচার আমাদের ওখানকার প্রায় বিপরীত, তাই মানিয়ে নিতে দিন কয়েক

লেগে গেলো। মেয়েরা সকালে চলে গেলে সারাদিন ঘরে বসে টিভি দেখা বা দেশের লোকের সঙ্গে ফোনালাপ— এভাবেই দিন কাটলো, তবে মজার বিষয় প্রতিদিন মেয়ে জামাই ফিরে এসে আমাদের কোথাও না কোথাও নিয়ে যাওয়াতে আর সেখানকার প্রাকৃতিক দৃশ্য দেখে এত ভালো লাগতে লাগলো যে মনে হচ্ছিল না আমরা বন্দী জীবন পালন করছি। কখনো পার্কে, বা পাহাড়ে, অথবা কোনো না কোনো লেকে কিংবা শহরতলির বড় বড় মল বা বাজারে, ঐতিহাসিক স্থানে। সবকিছুর মধ্যেই আমরা আনন্দ খুঁজে পেয়েছি।

এমন কিছু দৃশ্য, যেমন সূর্যাস্তের দৃশ্য, রাস্তায় হরিণের সাক্ষাৎ, তাদের আদর করা, ভাবাই যায় না এবং এতকিছু ভাষায় বা বর্ণনায় প্রকাশ করাও কঠিন। এখানকার রাস্তা-ঘাটে লোক চলাচল খুবই কম, সবাই তাদের নিজস্ব গাড়ি নিয়ে যাতায়াত করে। একদিন একটি বিশেষ ঘটনার কথা উল্লেখ করছি। আমরা দু'জন সকালে পায়ে হেঁটে রাস্তা ধরে চলতে লাগলাম, কিন্তু প্রথমেই বুঝলাম এখানে ডান দিক ধরে চলার নিয়ম।কিন্তু আমাদের অভ্যাস বাম দিক দিয়ে চলা। সেটা ঠিক করতে বেশ বেগ পেতে হচ্ছিল, তবে এইভাবেই বড় রাস্তা ধরে পার্কের কাছে পৌঁছালাম, কিন্তু সেখানে অনেকেই হাঁটছে বা দৌড়াচ্ছে। একটি ভালো আচরণ দেখলাম এখানকার লোকেদের মধ্যে, সেটা হলো মুখে হাসি ও হাত নাড়া। আমরাও করতে লাগলাম। চলতে চলতে আমার স্ত্রীকে বুঝাচ্ছিলাম, "সাবধানে চলো, গাড়ি যেন ধাক্কা না মারে।"

ঠিক তখনই একটি গাড়ি আমাদের সামনে এসে দাঁড়ালো, মনে হলো এবার ধাক্কা খেতেই হবে। না তা হয়নি, গাড়ি আমাদের সামনে দাঁড়িয়ে আমাদের বললো গাড়িতে উঠুন। চোখ তুলে দেখে দেখি এরা আমার মেয়ে জামাই। ওদের গাড়িতে চেপে ওদের মুখে শুনলাম কেন বড় রাস্তায় হাঁটতে নেই।। যাই হোক, এর পর থেকে কখনো মেইন রাস্তায় হেঁটে যাইনি। এখানকার বাজার, হাট, বাড়ি ঘর সবই নজরে পড়ার মতো, তবে সবচেয়ে ভালো লেগেছে এখানকার প্রবাসী বাঙালিরা । মেয়ে জামাইয়ের সব বন্ধু-বান্ধব, সহকর্মী সবাই আমাদের মুগ্ধ করেছে। যে বাড়িতে গেছি, মনে হয়েছে আপন লোক। তাদের আন্তরিকতা দেখে মনে হয়েছে, আমি খুব কাছের লোক। সবারই "মাসিমা, মাসোমশাই" আমরা। তাই সন্তানের মতো তারা আমার মনের মধ্যে স্থান করে নিয়েছে। এখানকার বাংলা সমাজ আছে, তারা বিভিন্ন অনুষ্ঠান করে। আশা করি আর কিছু দিন থাকার পর আরও অনেক কিছু দেখব, আনন্দ অভিজ্ঞতার ঝুলি ভরাতে থাকব।

****

মনোজ কুমার চ্যাটার্জী: লেখক দুর্গাপুর স্টিল প্ল্যান্ট থেকে অবসরপ্রাপ্ত, বর্তমানে তার স্ত্রীকে নিয়ে বার্মিংহাম, আলাবামা সফরে আছেন। তার মেয়ে এবং জামাই দুজনেই UAB এ কর্মরত। কর্মজীবনে সাফল্যের পর, এখন তিনি অবসরজীবনের স্বাচ্ছন্দ্য উপভোগ করছেন এবং পরিবার ও ভ্রমণে মনোনিবেশ করেছেন। এখানে তিনি তার ভ্রমণের অভিজ্ঞতা শেয়ার করেছেন।



মেয়ে, জামাই এবং স্ত্রীকে নিয়ে মনোজ কুমার চ্যাটার্জী

|| এক্কেবারে জিরো ||

Prabir Kumar Sengupta (Father of Pramit Sengupta)

বৃদ্ধ-বৃদ্ধা ক'জন মিলে আসর জমায় বেশ,
ঠাট্টা হাসি – উচ্চস্বরে, দুঃখের নেই লেশ।
পঁচাত্তরের কাছাকাছি একটু কম বা বেশি,
হা-হা হি-হি আওয়াজ করে সক্কলেরই হাসি।
ত্রি-সংসারে দুঃখ যত আজ গিয়েছে ভুলে -
সারা দিনের ওষুধ-পথ্য সব রেখেছে তুলে।
এ বলছে – আমায় দেখো, ও বলছে আমায় –
গলার দাপট ভীষণ জোরে, সাধ্য কি কেউ থামায়?



কোট-স্যুট-প্যান্ট পরে সাহেব গর্ব করে বলে -
তোমরা সবাই অবসরে – কেমন করে চলে ?
বৃদ্ধ হয়ে ঘরেই কাটাও, সত্যি কর্মহীন,
আমায় দেখো কাজের মধ্যে কাটছে সারাদিন।
এই তো আমি ভালোই আছি, নেই অবসর, ছুটি,
রোজগার তো ভালোই আসে, কর্মঠ হাত দুটি।
সেই সে কবে নানান কাজে কর্ম জীবন শুরু -
আজও কেমন আসছে ঘরে টাকার খামটি পুরু।
তোমরা সবাই কেমন আছো,আমার সবই জানা –
একাই আমি কাজের মানুষ, আর সকলেই কানা।



ওপাশ থেকে দাঁড়িয়ে বলে – মোটেই সত্যি নয়,
আমি আজও কর্মরত – বিশ্বাস কি হয়?



আমার অফিস আট বা আশি সদস্য সব আছে,
দূরে থেকেও আমি আছি সবার কাছে কাছে।
ফাইন্যান্স তো আমার হাতেই, আমিই বাজেট করি
প্রয়োজনে ডাক্তারিতে থার্মোমিটার ধরি।
মার্কেটিং এর ঝকমারি - মোটেও সহজ নয়
সদস্যদের পছন্দ সব মাথায় রাখতে হয়।



'সেফ' হিসেবে নাম করেছি অনেক আগের থেকে,
একটি দিনের ছুটি নিলেই উঠবে সবাই বেঁকে।
সদস্যদের কারো যদি মেজাজ খারাপ থাকে –
ইমোশনাল সাপোর্ট দিতে আমায় সবাই ডাকে।
অফিস ভিজিট, যখন তখন আসছে ডেলিগেট,
যত্ন করে সামাল দিতে সাজাই তাঁদের প্লেট।
ছুটি কিম্বা অবসরের চিন্তা ভাবনা নাই।
বলতে পারো – এ সব করে মাইনে কত পাই ?

© BAGB 2024

সাহেব ঘুরে অবাক হয়ে তাকায় তাহার পানে,
আলু থালু এই মহিলা কি করে - কে জানে ?
প্রশ্ন করেন – ঠিক জানি না, কিসের চাকরী করো ?
এই বয়সেও নেই অবসর, চাকরী তো বেশ বড় !!

চাকরী আমি করছি কোথায় ? এ হলো সার্ভিস –
বলতে পারেন ঘণ্টা প্রতি আমার কত ফিস ?
সকাল সন্ধ্যে কাজেই থাকি নিজের খুশি মনে,
আমার কাজে আমিই যে বস – সেটা সবাই জানে।
কেউ বা বলে হাউস-ওয়াইফ অথবা হোম-মেকার
কেউ বা বলে – কাজ করে না, এক্কেবারে বেকার।
তোমরা সবাই অফিস গিয়ে ভাবছো নিজেই হিরো -
আমার কত মাইনে জানো? এক্কেবারে জিরো।।

****



Captured By Vijay Singh



ক্যাক্‌ট্যাস্

-- বিধান রায়

বিকেলে বাজার পাড়া যাওয়াটা আমার অনেক দিনের অভ্যাস। বিশেষ কোন কাজে না আটকিয়ে পড়লেই হ'ল| না যেতে পারলে মেজাজটা কি রকম খিট-খিটে হয়ে যায়, মনে হয় অনেক কিছু জীবন থেকে ছাঁটা হয়ে গেল| আবার, যাওয়াটা আমার বউ, মানে নয়নতারা যে ভালো চোখে দেখে তা নয়। কারণ বউয়ের ভাষাতে-এটা গুলতানি মারা ছাড়া কিছু না| আবার তারও একটা বয়স আছে! আমি যে বাড়িতে বসে থেকে কোন রাজ কাজ্য করে ফেলি তাও নয়| গেলে অনেক দিনের চেনা-জানাদের সাথে একটু আড্ডা হয়, কয়েক কাপ চায়ের সাথে কয়েক পিঠ তাসও খেলা যায়| নিজেকে অনেকটা তাজা ও ফুর-ফুরে লাগে| বেঁচে আছি মনে হয়!

সে দিন সকাল থেকে বাড়িতে ছিলাম না| একটা শালীসিতে গিয়েছিলাম| মথুরাপুর| সেখান থেকে সোজা আড্ডাতে| সবে ২-টা পিট খেলেছি, এমন সময় তপু হাজির|

-ও জ্যাঠু বাড়ি যাও, ভুতে ধরেছে বুলাদিকে|

- কি যে আজে-বাজে বকিস না!

-আজে-বাজে নয় গো জ্যাঠু, নিতাই ওঝা এসেছে বাড়িতে|জ্যেঠি তোমাকে এখুনি বাড়ি যেতে বলেছে|

-তা'হলে তুই আবার কোথায় চল্লি?

-আমার একটা কালেকশনের ব্যাপার আছে। আমি এক্ষুনি আসছি| মোটর সাইকেলটা ঘট্-ঘট্ করে স্টার্ট দিয়ে হাওয়ায় উড়ে গেল তপু|

তপু, আসলে তপব্রত, আমার খুড়তুতো ভাইপো| মাধ্যমিক পাশ করে টো-টো করে ঘুরে বেড়াত পাড়ায়-পাড়ায়। হঠাৎ কি করে সারদা গোষ্ঠীর এজেন্ট হয়ে-এখন শুনছি ভালই রোজগার।

সাইকেলটা নিয়ে বেরিয়ে পড়লাম আমি। দেখি কি হল আবার এই ভর-সন্ধ্যায়| নয়নতারা ডেকেছে মানে চিন্তার ব্যাপার| সবে বাজে সন্ধ্যে ছয়টা, তাতেই ঘুট-ঘুটে অন্ধকার| তার উপরে ঠান্ডা পড়েছেও জমিয়ে| মাথায় মাংকি টুপি পরে, ভাল করে নাক-কান ঢেকে দিলাম মাফ্‌ল্‌ার দিয়ে| আমার আবার ঠান্ডা লাগার খুব ধাত| শুধু সুযোগের অপেক্ষায় বসে থাকে।আর একবার ধরলে জাঁকিয়ে বসে যতক্ষন না লাইফ হেল্ হচ্ছে| তার চেয়ে বড়ো ভয় নয়নতারাকে নিয়ে। দিন-রাত আমার জন্য করবে, কিন্তু চুপ করে নয়। বকর-বকর করে কান ঝালাপালা করে ছাড়ে|

ও হ্যাঁ, আমার পরিচয় দিতে ভুলে গেছি-আমি হচ্ছি বাদল, মানে বাদল জানা, আমার ভাই মদন| আমার পড়াশুনা হাইস্কুল, আর ভাইয়ের সিক্স পর্যন্ত| একবার অঙ্কের শিক্ষক খুব মেরেছিলেন মদনকে| তাতে আমার ঠাকুমার খুব গোঁসা হয়ে ছিল| তাই ঠাকুমা আর পাঠান নি মদন কে গুন্ডাদের স্কুলে| আমি যে পড়াশুনায় খারাপ ছিলাম তা ও ন| আরো দু-চারটে পাশ দিলেও দিতে পারতাম| কিন্তু বাপ-ঠাকুর-দার দৃঢ় বিশ্বাস ছিল যে চাষার ছেলে কেবল চাষাই হয়|তাই পড়াশুনায় ইতি। কিন্তু গোপনে জমির জরিপি (আইনি) ব্যাবসাটা শিখে নিয়েছিলাম। সেটাই এখন আমার জীবিকার উপায়| চাষী হয়েও রাখতে পারি না বাপ-ঠাকুরদার সেই বিষয়-সম্পত্তি| আমার যদিও কিছুটা আছে, মদনের শুধু ভিটে টুকুই সম্বল| মদনের একটা সাইকেলের দোকান ছিল বাজার পাড়াতে| যদিও চলত তা খুড়িয়ে-খুড়িয়ে, কারন অর্ধেক দিন দোকান খুলত না নানা অজুহাতে| সেটাই অবশ্য পরে কাজে লেগেছিল, বড় মেয়ে বুবার বিয়েতে|

বাবা-মা মারা যাওয়ার পর যদিও আমাদের আলাদা সংসার| আলাদা বাড়ি, পাশা-পাশি। ভাইয়ের সাথে আমার মোটেই পটে না। কথা বলে কেমন চিম্‌টি দিয়ে।তবে বউদের মধ্যে ভাব-ভালোবাসা আছে।আমার দুই মেয়ে, বিয়ে হয়ে গেছে| হরির পাঁচ মেয়ে| মদনের বউ-এর খুব ছেলের শখ, বংশ রক্ষা ও বুড়ো বয়সে দেখ-ভালের জন্য| তার জন্য চেষ্টার কোন ত্রুটী করেনি। শুধু মেয়ের পর মেয়ে! তাই পাঁচে থামতে হয়েছিল মদনর বউ বেলা কে। তার জন্য মা-মাসি-পিসি, কম খোঁচা দেননি নয়নতারা ও বেলাকে! এমন কি মদন ও ছিল ওই দলে।

তিন মেয়ের বিয়ে ও সংসার চালাতে গিয়ে মদনের সব জমি-জায়গা চলে গিয়ে এখন শুধু ভিটেই সম্বল।

চার নম্বর ছিল, তপতি| ভাব ছিল গ্রামের ছেলে নিমাইয়ের সাথে| নিমাইয়ের নাকি কোলকাতাতে বিরাট ব্যবসা| হাব-ভাব দেখার মতো| লম্বা চুল, ফিতে দিয়ে ফেটি বাঁধা, বাঁ হাতে একটা লোহার বালা। ডান হাতে একটা আধ-সেরে ঘড়ি। দুই হাতে তিন-চার রঙের সুতো বাঁধা। চোখে মস্ত বড়ো কালো চশমা| মুখে তামাক-পিচ্-পিচ্ করে ফেলছে সারাক্ষন| গ্রামে এলে হিরো, মস্ত বড়ো একটা বাইক নিয়ে ঘুরে বেড়ায় চরকির মতো|

মদন কে বলেছিলাম, "ভাই নিমাই ছেলে টা মোটে ভাল নয়। মিশতে দিস না তপতী কে।"

ভাই কি বলেছিল জানেন? "তোর সমস্যা কি জানিস? তুই অকারণে আমার চরকার তেল দিতে চাস!"

সে দিন রাতে নিমাই এসেছিল মদনের বাড়িতে জানাতে, যে ওরা দু'জন আগামী কাল এক দিনের জন্য দীঘা যাবে। সেইজন্য সকালে নিমাই এল মদনের বাড়িতে।

কিন্তু তপতিকে পাওয়া গেল না বাড়ির আশে-পাশে|ভ্যানিস্! আত্মীয়-স্বজন, তপতীর বন্ধুদের বাড়িতে তন্ন-তন্ন করে খোঁজ হল, কোন হদিশ পাওয়া গেল না| থানায় জাননো হল|

নিমাইকেও একই ভাবে গ্রামে বাইক নিয়ে চক্কর দিতে দেখা গেল| সেও নাকি হন্যে হয়ে খুঁজছে তপতীকে| বদলা নেবে ওর সাথে চিট্ করার জন্য।

দিন-সপ্তাহ কেটে গেল কোন খবর নাই। থানার বড়ো বাবুর একই কথা, দেখছি!

-কত দিন? একটা জল জ্যান্ত মেয়ে উধাও হয়ে গেল, কোন ভাবে প্রশাসনিক সাহায্য পাবো না?

বড় বাবু খেঁচিয়ে উঠলেন, "প্রশাসন দেখাবেন না। আমরা আরো হাজার টা ক্রাইম নিয়ে নাস্তানাবুদ। দেখুন মেয়ে কোন প্রেমীকের সাথে ভেগেছে।"

-সে তো ঔ নিমাই। ওকে ধরছেন না কেন?

- আমরা ওকে এরেস্ট করে ইন্টারোগেট করেছি, ও বারবার একেই কথা বলেছে, ও কিছু জানে না।

সে দিন থানাতে গিয়ে আনেকক্ষন বসে আছি বড় বাবুর সাথে দেখা করার জন্য। উনি নাকি খুব ইম্পরট্যান্ট মিটিং-এ আছেন। এক সময় লোকাল পার্টীর নেতাকে নিয়ে নিমাই বেরিয়ে এল বড় বাবুর অফিস থেকে। মুখে জয়ের হাসি। বাইকে নেতাকে বসিয়ে, চোখে চশমা দিয়ে হাওয়ায় উড়ে গেল নিমাই। গ্রামের অনেকে জানে নিমাইয়ের ভালোসাবার ভাবটাই একটা ব্যাবসা। কিন্তু কিছুতেই ধরা গেল না নিমাইকে। কারণ, নিমাই মধু বিলায় থানা-পার্টী-গ্রামের দাদাদের।

ভাইয়ের ছোট মেয়ে বুলা| ছোট বেলা থেকে খুব কিউট্| আমার নেওটাও খুব| খুব ভাল কথা বলত ও| আমি বাইক নিয়ে আসছি দেখলেই ছুট, বাইকের রডে বসে শুরু হয়ে যেত কথার ফুলঝুরি| সারাদিনের সংবাদ| সবাই ওকে বলত আকাশবানীর লোকাল সংবাদদাতা| পড়াশুনায় ও ভালো ছিল| কোন দেখ-ভাল ছাড়াও গণিত,পদার্থবিদ্যা, জীব-বিদ্যাতে লেটার নিয়ে পাশ করে ছিল ফার্স্ট ডিভিশনে মাধ্যামিকে| হাইস্কুলে সায়েন্স নিয়ে পড়ে ফার্স্ট ডিভিসানের কাছা-কাছি নম্বর পেল! তারপর আর হল না, কারণ অভাব। তার চেয়ে চরকায় সুতো কেটে বা কিছু বাচ্চা পড়িয়ে দুটো পয়সা আনা সংসারের পক্ষে ছিল জরুরী|

সেই বুলা যখন বাইশে, তখন পাড়া-প্রতিবেশিদের মাথা-ব্যাথার কারণ হয়ে দাঁড়ালো| অত বড় আইবুড়ো মেয়ে বাড়িতে থাকলে শুধু বাড়ির কেনো, প্রতিবেশীদের ও অমঙ্গল| আসলে তাদের ভয়, যদি তাদের আদুরে খোকা বা ভোলা-ভালা বরটা বিগড়ে যায়, তখন!

আমরা যে হাত গুটিয়ে বসেছিলাম, তা তো নয়| দলে-দলে ঘটক আসছে, তার সাথে ছেলে, ছেলের বাবা-কাকা, আত্মীয়-স্বজন, আসছে, যাচ্ছে রাসযাত্রীর মত| শুধু-মিষ্টি-মিঠাই, চা-বিস্কুট, পান-বিড়ি খেয়ে কেটে পড়া| হাজারটা আজুহাত। কারও পছন্দ হয়, কারও বা না| পছন্দ হ'লে বাহানার শেষে ছিল না| গায়ের রং চাপা, দুধে-আলতা হলে মুখের সাথে মানাতো| বা ঐ মুখে নাকটা বাঁশির মতো হ'লে আমরা লুফে নিতাম| বা হাইটটা কম, আরও কয়েক ইঞ্চি বাড়লে ভালো লাগতো| তার মানে চাই কাস্টম-মেড পাত্রী| যারা এসে ছিল, তাদের অনেকে প্রথম ভাগটা ডিঙ্গাতেও পারেনি, কিন্তু মেয়ে তো-ফেলনা! ঐ ছেলেরা যাই দেখতে হোক না কেন, সব হীরের আংটি। তবে একটা ব্যাপরে সবার একমত ছিল, খুঁতগুলোর জন্য একটা মূল্য ধরে দেওয়া| যেমন পিতামাতার শ্রাদ্ধে গো-দান অবশ্যম্ভবি| না পারলে মূল্যতে পুষিয়ে দেওয়া, তাতেই মাতা-পিতার স্বর্গ প্রাপ্তি|

মেয়ে আমাদের অনেক গুনের, সেটাই তোমার পরম প্রাপ্তি| আর কিচ্ছু দেওয়ার নাই| ভিটেটা তুমি পাবে, বুড়ো-বুড়ির স্বর্গ প্রাপ্তির পর| শেষ কয়েক বছর চলছিল সুপাত্রদের যাওয়া- আসা| আর দাবী-দাওয়ার টানাপোড়ন| কেউ মেয়ের গুনকে কোন স্কেলে ফেলতে চায় না। মেয়ে ভালো ও গুনের। আসলে, ওটা নাকি সোনার পাথরবাটি| ভিটে মাটি না।বিক্রি করে দিন ব্যাস| বিয়েতে ধার-বাকির ব্যাবসা হয় না| তাই, ভাটা পড়ে ছিল নতুন সম্বন্ধ আসতে| তা ছাড়া, আমরাও ক্লান্ত হয়ে পড়েছিলাম দর কষা-কষিতে|

এক দিন কথাটা কানে এল যে পরাণ মাঝি সম্বন্ধ নিয়ে এসেছে তার বড় ছেলের জন্য| কথাটা কানে আসতেই মাথা গরম গেল আমার| গেলাম ভাইয়ের কাছে।

-শুননাল বুলার বিয়ে পরাণ মাঝির ছেলের সাথে চলছে?

-যা শুনেছিস্ তাতে ভেজাল নাই।

- বলে রাখালালাম এ বিয়ে হতে পারে না| তার চেয়ে ওকে কলসি বেঁধে পুকুরে ফেলে দে, তাতে বরং বোঝা থেকে মুক্তি পাবি|

-শোন, দেখছি বাঁশের চেয়ে কঞ্চির দরদ বেশি। তুই মাঝে-সাঝে দশ-বিশ টাকা দিয়ে ভেবেছিস আমার মাথা কিনে নিয়েছিস। জেনে রাখ এ বিয়ে হচ্ছে।

পরাণ ও আমরা একই অঞ্চলের লোক| ওঁদের গ্রাম পলাশডাঙ্গা| আমাদের পাশের গ্রাম| পরাণ এখানকার বড়োলোক| এক সময় পার্টীর পত্রিকা বেচত বাজারে বাজারে| সেই পার্টীকে হাত করে শুরু করে ছিল গ্রামে চোলাইয়ের ব্যাবসা। সেখান থেকে শুরু করে নিজের চোলাইয়ের কারখানা, তারপর পরাণকে ধরে। সেখান থেকে ফুলে-ফেঁপে লাল| লোকে চিনে চোলাই মাঝি বা ভাকু মাঝি বলে| এখন পরাণ বিছিয়ে ফেলেছে তাঁর ব্যবসার প্রসার| ঝিল ও মাছে, ইটের কারখানায়, রড-বালি-সিমেন্টে-(সিন্টিকেট)।পার্টী তো আছেই, তার সাথে থানা-পুলিশ, পাড়ার দাদারাও হাতে| সবাই তোলা পায়| হপ্তাহিকি বা মাসিক| আশে-পাশের গ্রাম গুলোর পূজা-পার্বনে দেদার হাতে দান করে পরাণ| সাথে ঢালাও চোলাইয়ের ব্যবস্থা| তাই যুবসমাজ পরাণের দাস|

পরাণের ছেলে-পলাশ| ছেলেটা বোকা-হাঁদা|পড়াশুনা তো নাই, শুধু ঘাড় নেড়ে ত-ত-করে দু-চারটে কথা বলতে পারে| বাচ্চারা খেপায় হাওড়া বলে| এ হেন পাত্রের সাথে বুলার বিয়ে!

সে রাতে বাজার পাড়া থেকে ফিরে খেতে বসেছি, আমার বউ থালায় রুটি দিতে দিতে এই ভাবে শুরু করল,

-যা বলছি তা শুনো। মাথা গরম করো না| বুলার বিয়ে পরাণ মাঝির ছেলের সাথে ঠিক হয়ে গেছে| একটা কথা তো তুমি স্বীকার করবে, ও বাড়িতে বিয়ে হলে বুলার কোন দিন খাওয়া-পড়ার অভাব হবে না| তাছাড়া মেয়েটা তো ওদের| তুমি বেশি দাদাগিরি করো না।

-তুমিও তাই বলছো!

ভাতের থালাটা ছুঁড়ে দিয়ে চলে গেলাম ভাইয়ের বাড়িতে|

-কি রে ভাই, বিয়েটা ঠিক করার আগে আমাকে একবার জিগ্যেস করলি না?

- জিগ্যেস করলে তুই কি করতিস? না ছাড়া তো হ্যাঁ বলতিস না!

-তাই বলে ওরকম একটা ছেলের সাথে বুলার বিয়ে?

-শোন আমার গাঁটে পয়সা নাই| পয়সা ছাড়া কিচ্ছু হয় না| আর যেহেতু মেয়েটা আমার, তাই মাথা ব্যাথাটা আমার| তোর জ্ঞান তোর কাছে থাক।

বিয়েটা শেষ পর্যন্ত হল| নমঃ নমঃ করে| যদিও পরাণ বিয়ের জন্য দিতে চেয়ে ছিল অনেক টাকা| ভাই তা নিতে পারে নি আমার ভয়ে| কিন্তু এলাহি ব্যবস্থা ছিল বউ ভাতে|ভুরি-ভোজের ব্যবস্থা ছিল হাজার-হাজার লোকের| তাতে যাওয়ার প্রয়োজন বোধ করিনি আমি|

বিয়ের পরে দেখেছি ভাইয়ের চোখেমুখে একটা চক্-চকে ভাব| বাঁকা কোমরটা প্রায় সোজা হয়ে গিয়ে ছিল লাঠি ছাড়া| দেখেছি মাঝে মাঝে বস্তা-বস্তা জিনিসপত্র আসত ভাইয়ের বাড়িতে| শুনেছি আগের সেই টানা পোড়েন নেই ভাইয়ের বাড়িতে| ভাই কেমন বাঁকা চোখে দেখে আমাকে| মুখে একটা তাচ্ছিল্যের হাসি| বউয়ের কাছে শুনেছি-বুলা, মাঝির বাড়িতে রাণী হয়ে আছে|

শুধু ভাবি, তাই যেন থাকে!

মাস সাত পরে হঠাৎ এক দিন বিকেলে দেখি পুকুর ঘাটে বুলা|

-কি রে তুই কবে এলি?

আমার দিকে একবার মুখ তুলে তাকিয়ে ছুট| আমিও হতভম্ব! আমার সাথে কথা না বলে ছুটে পালালো কেন? আর এই কি সেই বুলা? চুল উস্কো-খুস্কো, চোখের নিচে কালি, মুখ-চোখ বসে গেছে| এ তো অন্য বুলা!

আমি আমার বউ কে বললাম-কি গো, কই তুমি তো আমাকে বলো নি যে বুলা এসেছে?

-ও তো ভোরে এসেছে, আমি তো একটু আগে জানলাম|

-ভোরে কেন? পলাশডাঙ্গা থেকে এখানে আসতে লাগে মাত্র আধা ঘন্টা। তা হলে কি ও পালিয়ে এসেছে?

-আচ্ছা তো! বাপের বাড়ি এসেছে, তাতে অত তলিয়ে ভাবার কি?

-তুমি বল্ছিলে না বুলা শ্বশুর বাড়িতে আছে রাজ রাণী হয়ে| তাই কি মনে হয়েছে ওকে দেখে?

-আমি কি ওর শ্বশুর বাড়ি গিয়েছি, ওর মা যা বলেছিল, তাই বিশ্বস করেছি|

-জানো, আমাকে দেখে প্রণাম তো দুরের কথা, ছুটে ঘরের ভিতরে গেল চলে| আমারও কেমন অদ্ভূত লেগেছে!

হুঁ!

সেটা প্রায় এক মাস আগের কথা| ওকে আর দেখিনি আমার সামনে বের হতে| শুধু আমর বউ বলছিল,

-জানো বুলাটা সেই আগের বুলা নেই গো! মনে হয় কিছু একটা হেয়েছে, খুব চুপ-চাপ| দশটা কথা জিগ্যেস করলে, একটা কথা বলে| তা আবার না বা হ্যাঁ দিয়ে|

-ওর মা-বাবা কি বলছে?

-তেমন কিছু না|একটু কথা কাটা-কাটি হয়েছে শাশুড়ির সাথে| দু-চার দিন থেকে ফিরে যাবে|

তার কয়েক দিন পরে মদন কে জিজংসা করলাম- কি বুলা তো এখনো আছে? যাবে কবে?

-আছে|যাবে, যখন মনে হবে| তা নিয়ে তোর মাথাব্যাথা না করলেও হবে|

সকাল থেকে নিশ্চয় অনেক নাটক হয়েছে| না হ'লে নিতাই ওঝার আসার তো কারণ দেখছি না|নিতাই ওঝা ওরফে নিতাই ভট্টাচার্য্য|

গ্রামের পুরানো পাপী|এক সময় নেশা-ভান করে চুর হয়ে পড়ে থাকতো পথেঘাটে| নিঃস্ব হয়ে, বউ–বাচ্চা ছেড়ে নিঁখোজ হয়ে গিয়েছিল কয়েক বছর| তারপর, লম্বা চুল-দাঁড়ি-গোঁফ রেখে, কালির ভক্ত সেজে ফিরে আসে গ্রামে| মা-ই নাকি তুলে নিয়ে গিয়েছিলেন হিমালয়ে| মায়ের আদেশে ফিরে এসেছে গ্রামে| মানুষের সেবা করার জন্য| লোকের বিশ্বাস ওঁকে নাকি মা কালি ভর করেন| সারা রাত জেগে কথা বলে মায়ের সাথে| আসলে ব্যাটা একটা আস্ত ভন্ড|ওঁকে নিশ্চয় তুলে নিয়ে এসেছেন পরাণ মাঝি?

আমার আনুপস্থিতে যা হয়েছে বা যা শুনেছিলাম তা এই রকম| গতকাল রাতে খুব জ্বর আসে। ভাই নিজে কিছু ঔষুধ দেয়। সকাল থেকে কয়েকবার মুর্ছা যায়| জ্বর না কমতে পাড়ার হোমিওপ্যাথি ডাক্তার গগনকে নিয়ে আসে ভাই। তাঁর ঔষুধে জ্বর কমে না। দুপুর থেকেই উদ্ভট কথা বলতে থাকে আর খিল-খিল করে হেসে ওঠে| পাড়ার বা গ্রামের যাঁরা গত হয়েছেন তাঁদের আত্মা নাকি তার চারদিকে ঘুরা-ফেরা করছে| সেই খবর পাঠানো হয় পরাণ মাঝিকে| শ'য়ে শ'য়ে লোক জমা হতে থাকে নিতাই ওঝা আসছে শুনে|

নিতাই এসে প্রথমে বসার ঘরে পূজা-অর্চনা করে! তারপর বুলাকে পাশে বসিয়ে কি সব ইড়িং-বিরিং-চর মন্তর বলে। চোখ বন্ধ বলতে থাকে-

- যা বলেছে তা সম্পূর্ণ ঠিক। আমি পেতাত্মার গন্ধ পাচ্ছি।আরে বাবা! ওটা কে-বুলার পাশে? তাঁতের শাড়ী পড়া ঝাঁকড়া চুলওয়ালিটা।

তারপর বুলার চুলের মুঠি ধরে হুঙ্কার দিয়ে বলতে থাকে, বল শালী তুই কে?

প্রথমে সে চুপ করে থাকে, সাথে সাথে সপা-সপ্ পড়ে নারকেল ঝাটার বাড়ী| তখন সে মুখ খুলে|

-আমি মন্ডল ঘরের পলার বৌ|

-মরলি কি করে|

-ও মা, এ তো দেখছি ন্যাকা খোকা! আমার মরার পর তুই তো বাস্তু রেখা টেনেছিলি যাতে আমি না ও বাড়িতে ঢুকতে পারি।

- গলায় দড়ি দিয়ে মরলি তো?

- মরণ! কি দুঃখে নিজে গলায় দড়ি নেবো কুড়ি বছর বয়েসে| পলার ইচ্ছে হয়েছিল আর একটা বিয়া করার, নতুন বৌউ আসবে, অনেক টাকা পাবে। সেই জন্য তো ও, ওর মা মিলে গলা টিপে মেরে কাঁঠাল গাছে ঝুলিয়ে দিয়েছিল|

-তুই এখন যাবি?

- না গো, আমি ওর সাথে থাকবো, অনেক কথা আছে| ও তো আমার মতো দুঃখী।

-তাহলে দেখ| পড়ল সপা-সপ্ ঝাটার বাড়ী|

-শুন ভন্ড নিতাই আমাকে বেশি ঘাটাস না। হাটে হাঁড়ি ভেঙ্গে দেব। দেখবি, খুলে দেবো তোর কেচ্ছার হাঁড়ি?

তা হ'লে দেখ| আনা হলো আধ কিলো শুকনো লঙ্কা| তা পুড়িয়ে তার ধুঁনোতে চুল মুঠি ধরে ঠুকিয়ে দেওয়া হয়েছিল বুলার মুখ|নিঃশ্বস নিতে পারেছিল না বুলা, কঠিন কাশিতে ছট্-পট করছিল বেচারী|চিৎকার করছিল সে|

-আমাকে ছাড়ো, আমাকে ছাড়ো, আমি মরে যাচ্ছি|

-বল তুই ওকে ছেড়ে যাবি?

ঠিক সেই সময়ে এলাম আমি|

-এটা কি হচ্ছে?

- দা্দা, যা হচ্ছে তা হতে দে| ওর ভালোর জন্য|

-এটা কে তুই ভালো বলছিস?

পরাণ এতক্ষন একটা মোডায় বসে দেখ ছিল এই খেলা। উঠে আসে,

-এই বিজ্নেসে আপনার নাক না গোলানো-ই ভালো| নিতাইকে কাজ করতে দিন|

-এ নিয়ে আপনার সাথে পরে কথা হবে। এখন আমাকে আমাদের মেয়েকে বাঁচাতে দিন।

আমি তপুকে নিয়ে এগিয়ে গেলাম।

গায়ে হাত দিয়ে দেখি, গা জ্বরে পুড়ে যাচ্ছে| মুখটা ঝলসে গেছে| সারা গায়ে নারকেল ঝাঁটার অজস্র দগ-দগে ঘা। চোখদুটো চোখের কোটা থেকে ঠিকরে বেরিয়ে আসতে চাইছে|

সবাই কে অনুরোধ করলাম আপনারা এখন বাড়ি যান।

নয়নতারাকে বললাম, ওকে ভিতরে নিয়ে যাও, ভালো করে ঠান্ডা জলে দিয়ে ধুয়িয়ে শাড়িটা পালটে দাও| আমি তপুকে পাঠালাম, তাড়াতাড়ি অসিত ডাক্তারকে নিয়ে আসতে| এর মাঝে মাথায় জলের পটি দিতে কিছুটা জ্বর কমালো|

এক ঘন্টা পরে আসিত ডাক্তার এলেন, দেখে আবাক।

-এ কি করেছে নিতাই! অমানুষিক কাজ| আপনাদের উচিত ওকে পুলিশে দেওয়া|

এর মাঝে একদিন বাজারপাড়া থেকে ফিরার পথে অসিত ডাক্তারের সাথে দেখা (অসিত-হাতুড়ে হলেও ভাল ডাক্তার হিসাবে বাজারে নাম-ডাক আছে। গ্রামে-ঘরে ওরাই সম্বল)। রাস্তাটা দু'জনে সাইকেলে করে এক সাথে এলাম| বুলা প্রসঙ্গও এলো! তা নিয়ে অনেক কথাও হলো| সে দিনের ঘটনাটা ছিল লজ্জাজনক। নিতাই কে আপনাদের গ্রাম ছাড়া করা উচিৎ। ঘটনা থেকে মনে হয় ও মানসিক ভাবে বিধ্বস্ত। পরামর্শ দিলেন, বুলা কে কোন সাইকিয়াট্রিস্টকে দেখাতে পারেন| আরও নানান কথা হলো, অন্য রাস্তায় যাওয়ার ঠিক আগে আমাকে উনি বলে গেলেন-আর একটা কথা জানিয়ে রাখি| পরাণ মাঝির স্বভাব–চরিত্র কিন্তু মোটেই ভালো নয়|

দশ দিনের মাথায় জ্বরটা গেল| শারীরিক ভাবে সুস্থ হলেও, মনে হলো ওর ভিতরে যেন কোন একটা যুদ্ধ চলছে| অবাক উদাস দ্রষ্টিতে তাকিয়ে থাকে, কথা বলতে চায় না| কোন কিছুতে কোন হেল-দোল নাই| সারাক্ষন আপন মনে বক্-বক্ করেতে থাকে অর্থহীন ভাবে| সাজ-পোশাকে কোন বালাই নাই, চুলে তেল দেয় না, চিরুনিও না| শাড়ি টা পরে শুধু মাত্র কোন ভাবে লজ্জা ডাকার জন্য| যেই দেখবে সেই ভাববে- পাগলি| গ্রামে রটে গেলও তাই। মদন জানার মেয়ে এখন একটা আস্ত পাগলী|

ও রকম একটা তাজা-ফুটফুটে মেয়ে কোন কারণ ছাড়াই হঠাৎ করে পাগল, কিছুতেই মেনে নিতে পারি নি| নিশ্চয় ওর মনে কোন তীব্র যন্ত্রনা আছে|

কিন্তু সব কাজ করছে| ভুল-ভাল যে করছে তা কিন্তু না। রান্না-বান্নাতে আগের মতো চোস্ত্(ভালো কিছু হলে আমাদের বাড়িতেও পাঠায়), চরকার কাজ শুরু করেছে।ঠিক-ঠাক করছে, কোন অভিযোগ নাই। নকশা বড়ি তে এ অঞ্চলের বেস্ট, তাতে উন্নতি ছাড়া তো অবনতি দেখছি না। ঘর-বাড়ি রাখে ঝকঝকে তকতকে|শুরু করেছে বার-ব্রতও। শিব-রাত্রি তে অনেক কিছু রান্না করে দিয়ে দিয়েছিল আমদের বাড়িতে। বেশ কিছু দিন হলো জেঠির সাথে দুচারটে কথা বলছে| কিন্তু যখন শ্বশুরবাড়ি নিয়ে কিছু কথা জিজ্ঞাস করলে চুপ করে যায় ও উঠে চলে যায়| কিন্তু পলাশকে নিয়ে অনেক ভালো ভালো কথা বলে। তখন ওর দু'চোখ ভরে উঠে জলে।

আমার ছোটবেলা থেকে খুব গল্প পড়ার শখ| তাই আমি মাঝে মাঝে লাইব্রেরি থেকে দু'চারটে বই নিয়ে আসি| সে দিন রবীন্দ্রনাথের 'গোরা' টা নিয়ে এসেছিলাম| ফেরত দেব, পাচ্ছি না| নয়ন তারাকে জিজ্ঞাস করতে বললো, -মনে হয় বুলা নিয়ে গেছে।

-বুলা!

-হ্যাঁ, তুমি না থাকলে ও তো তোমার সব বই গুলো নিয়ে যায়|

সত্যি-সত্যি তাই! বই টা ওর কাছে ছিল| ভেবেও ভালো লাগলো...।

আর এক দিনে দেখি দুটো বালিশে দুটো নতুন ঢাকা| সুন্দর হাতের কাজ। আমি নয়নতারাকে জিজ্ঞাস করলাম-কিনলে?

-না আমি বানিয়েছি|

-বা সুন্দর তোমার হাতের কাজ তো|আমি তো জানতাম না|

- শিখছি-বুলার কাছে|

-বুলা! পাগলী গুরু! আছা, তোমার কি মনে হয় সত্যি সত্যি ও পাগলী?

- আমারও খটকা লাগে গো।

এর এক মাস পরে নয়ন তারা আমাকে একটা জরির শাড়ী দেখালো| সেটা সরস্বতী পূজোর সময়| খুব সুন্দর|

-কিনলে? এত টাকা পেলে কোথা থেকে?

-শুধু শাড়ী টা কিনেছি| খুব সস্তা| জরির কাজ টা করে দিয়েছে বুলা| পুজোর গিফ্ট হিসাবে|

-বুলা?

-ও তো জানত| আবার শুরু করেছে| অনেক অর্ডারও পাচ্ছে এখন|

আমি চুপ করে গেলাম| কিন্তু মনটাকে কিছুতেই বুঝাতে পারছি না। যোগ-বিয়োগ করে কিছুতেই অঙ্ক মেলাতে পারছি না। নয়নতারা কে জিজ্ঞাসা করলাম,

- একটা পাগলী কি করে এত গুনের হয়?

- হয় না যে তা জানি! ভাবতে পারবে না সব কিছুতেই কি নিখুঁত সেন্স|

-আচ্ছা ও যে অর্ডার নেয়, কথা বলে না?

-না|ও শুধু শুনে| যে টুকু কথা বলে আমার আর ওর মায়ের সাথে|

- আমি এক দিন ওর সাথে কথা বলতে পারি?

- না গো| আমার হাত ধরে বলেছে-জ্যেঠু যেন না আমাকে ভূল বুঝে| আমি জ্যেঠু-র মুখোমুখি হতে ভয় পাই| তারপর আমাকে জড়িয়ে তার কি কান্না!

এখন চৈত্র| এই মাসে আমাদের গ্রামে বাৎসরিক শীতলা পূজো হচ্ছে অমাবশ্যাতে| আগে গ্রামের সব কিছুতেই থাকতাম| আজকাল থাকি না| নতুন প্রজন্মের কথাবার্তা চিন্তাধারা সব কিছু আমাদের থেকে সম্পূর্ণ আলাদা| আত্মসম্মানটা বাঁচিয়ে রাখতে এখন এই সব এড়িয়ে চলি| আগে পূজো হত তিন দিনের| এখন হয় সাত দিন| প্রতি দিনের আকর্ষণ আলাদা| এক দিন শীতলার গান, এক দিন জলসা| এক দিন নাটক, এক দিন যাত্রা| আর বাকি দিন সারা রাত সিনেমা| লোক হয় ও অনেক| আমি কোন দিন রাতের প্রোগামে যাই না| দিনের কোন সময় গিয়ে প্রণাম করে আসি| আসলে আগের সেই সামাজিক পরিবেশটা নষ্ট হয়ে গেছে| পুরো সামজকে গিলে খাচ্ছে জুয়া-সাট্টা-মদে| লোকে নেশা করে আসে| পাশে বসা বা দাঁড়ানো যায় না| মুখ থেকে ভক্-ভক্ বের হচ্ছে চুল্লুর গন্ধ| সে শিক্ষিত হোক বা ,অশিক্ষিতই| পান থেকে চুন খসলে হই-চই| কে কাকে সামাল দেবে? বেশির ভাগ তো মাতাল| যুক্তি, বিচার, বুদ্ধিও সব উবে গেছে| আর এখানেই পরাণদের সাক্সেস্, পরাণদের জয়| গ্রামের এই উৎসবে অনেক ইন্ভেস্টমেন্ট আছে পরাণদের| পূজোতেও। যত উৎসব হবে ততো ফুলে ফেঁপে উঠবে চোলাইয়ের বাজার।

সেটা ছিল পুজোর চতর্থ দিন| সারারাত জলসা| অনেকের মধ্যে দু'জন আসছেন কোলকাতা থেকে| এক জন লতাকণ্ঠী আর অন্যজন কিশোর। নয়নতারার আবার লতা ফেবারিট| তাই সেও গিয়েছে|এর পুরো টা স্পন্স্যার পরাণ মাঝির।

আমার চিরদিনের অভ্যাস, খেয়ে-দেয়ে, শোয়ার আগে একটু হেঁটে আসা| আজ ও তার ব্যতিক্রম করিনি| হাতে একটা টর্চ নিয়ে বেরিয়ে পড়ি| এখন কৃষ্ণপক্ষ| শুনতে পাই লাউড্ স্পিকারে জলসার গান| "বুঝবে না- কেউ বুঝবে না কি যে মনের ব্যাথা..."| কিছুটা গিয়ে মনে হ'ল তিন রাস্তার মোড়ে কেউ যেন দাঁড়িয়ে| আমার টর্চের আলো পড়তেই হন-হন করে কিছু একটা ঠেলে ছুটে পালাতে যাছে অন্যদিকে| আমি কে কে করে কাছে যেতেই দেখি-অমল| অমল হচ্ছে পরাণ মাঝির চেলা কাম বাঁ-হাত| সাথে পরাণের স্কুটার| পরাণ যেখানে এও সেখানে| আসলে, পরাণের একটা পা রিকেটে নড়বড়ে, তাই অমল পরাণের সারথি|

-তুমি এখানে কি করছো?

-না, প-রা-ণ দা তো জ-ল-সা তে| আমার বাথ-রুম পেয়ে ছিল তাই এখানে এসেছি|

যুক্তি টা মানা যায়| তখন গ্রামে সবই ওপেন বাথরুম|

কথা গুলো জড়িয়ে যাচ্ছিল-আমাকে দেখে অনেটাটা থত্-মত্ খেয়ে গেছে|

-কিন্ত এত দূরে?

-এ দিক টা তো চেনা-তাই!

বাড়ি এলাম ফিরে| কিন্তু মনের মাঝে কি যেন একটা খট্কা থেকে যাচ্ছে| হ্যারিকেন আলোটা কমিয়ে শুয়ে পড়তে যাব, এমন সময় মনে হলো কিছুর একাটা শব্দ| হ্যাঁ, মাঝে মাঝে শব্দটা আসছে মদনের বাড়ির দিক থেকে| ওদের বাড়িতে বুলা ছাড়া তো সবাই জলসা তে| হঠাত করে অসিত ডাক্তারের কথাটা মনে পড়ে গেল-পরাণের স্বভাব-চরিত্র মোটেই ভালো নয়| সঙ্গে সঙ্গে শুনতে পেলাম একটা আর্তনাদ| আমি টর্চ নিয়ে ছুটে গেলাম মদনের বাড়িতে|ভিতরে বুলার চিৎকার! দরজায় ধাক্কা দিলাম,

-বুলা দরজা খোল, আমি জ্যেঠু| কিছুক্ষন পরে দরজা খুলে বেরিয়ে এল-অর্ধনগ্ন রক্তে ভেজা বুলা|

-বুলা?

ও কাঁপছে আমাকে জড়িয়ে কান্নায় ভেংগে পড়ল।

-জ্যেঠু, এই লোক টা আমাকে জ্বালিয়ে-পুড়িয়ে খেল| আজ আমি মুক্ত|

ভিতরে দেখি লুটিয়ে আছে গলা কাটা পরাণ, পাশে বিরাট একটা বোঁটি|

ভয়ে-আতঙ্কে আমিও কাঁপছি!

এখন সময় নষ্ট করার সময় নাই। এখুনি অমল এসে যাবে।আমি ওকে কোন ভাবে ধোয়া-মোছা করে একটা শাড়ি পরিয়ে আমাদের বাড়ির পিছনের রাস্তা দিয়ে চলে গেলাম দু'মাইল দূরে আমার শ্বশুর বাড়িতে।আমি জানি,অমল এখনই জানবে, আর তখন ওদের দলবল নিয়ে হাঙ্গামা করবে আমাদের বাড়িতে|

তাই করে ছিল| তালা ভেঙ্গে জিনিস-পত্র তছ্-নছ করে দিয়ে ছিল দু'ই বাড়ির|

কেস গেল মহকুমা কোর্টে| আমরাও উকিল ধরলাম যা বিষয়-সম্পতি ছিল তা বিক্রি করে| কিন্ত ওদের উকিল ছিল দুঁদে| আসলে বিচার ব্যাবস্থাটা তো পুরো টাকার খেলা| টাকা থাকলে বড়ো উকিল, দল, প্রশাসন, লোকজন তোমার সাথে|

পরাণের ছোট ছেলে-মলয়ও খুব করিৎকর্মা| সব গুনেতে ভরা। এটা একটা বিরাট সুযোগ বিষয়-সম্পত্তির পুরো উত্তরধিকারী হওয়ার। তাই এই সুযোগ হাতছাড়া করল না সে! আমার গ্রামের প্রায় সবাইকে কিনে নিল নিজের পক্ষে| তাতে নিমাই আর নিতাইও ছিল| আমাকে অবাক করল অসিত ডাক্তার| তাঁর জবানবন্দি সম্পূর্ণ আমদের বিপক্ষে গেল| উনি কোর্টকে বোঝালেন যে বুলা শুধু পাগল নয়, এক জন উন্মাদ| না হ'লে কেউ এত হিংস হতে পারে না| ওদের উকিল নোংরা ভাবে এটাও প্রমান করতে চাইলো যে পরাণবাবুর সাথে বুলাদেবীর অনেক দিন থেকে অবৈধ শারীরিক স্মপর্ক ছিলই। কারণ, লোভ।এই খুনটা প্রিমেডিটেইটেড।পুরো-বিষয়-স্মপত্তি একা আত্মসত্ করতে চেয়েচিল বুলাদেবী। পরাণ বাবু তাতে রাজি না হওয়ায় এই খুন। তাই, বুলাদেবী শুধু হিংস নয়, লোভীও।

আমাদের উকিল প্রমান করতে চাইল যেহেতু ঘটনাটা ঘটেছে বুলাদেবীর বাড়িতে, ও রাতে বুলদেবী ছিলেন একা| ধর্ষণের মত

হেইন্যাস্ ক্রাইমের বিরুদ্ধে একজন সুস্থ নরীর আত্ম-স্মভ্রম বাঁচাতে যা করা উচিত ছিল্ বুলাদেবী তাই করেছেন। আমার মহামান্য জাজকে আনুরোধ বুলা দেবী যাতে তাঁর নিজের সুস্থ-স্বভাবিক জীবনে ফিরে যেতে পারেন দয়া করে তাই দেখবেন।

সামাজিক নিরাপত্তার খাতিরে একজন উদ্মাদ কে সমাজের বুকে রাখাটা নিরাপদ বোধ করল না কোর্ট| আমারা নানান ভাবে নেতা-দল ও পুলিশকে বুঝাতে চেষ্টা করালাম যে বুলা পাগল নয়| আত্মরক্ষার সার্থে পাগলের অভিনয় করেছে মাত্র| কিন্তু আমদের কাকুতি-মিনতি গেল না কারও কানে।প্রমানীত হ'ল যে বুলা দোষী, যার ফল যাবজ্জীবন কারাদন্ড। কোর্টের নির্দেশে বুলাকে পাঠিয়ে দেওয়া হ'ল পুলিশ কাস্টডি থেকে সোজা জেলে|

বুলার জীবন বহে গেল ভয়ংকর এক অন্য স্রোতে।

উপসংহারটা আমাকে বলতে হবে| কারণ বাদল বাবু আর বেঁচে নেই| প্রথমে মাসে-দু'মাসে গেলও। পরে আর পারতেন না। হঠাৎ করে বুড়ো হয়ে কেমন যেন মুড়িয়ে গেলেন। চার মাস পরে বাদল বাবুরা দেখতে গিয়েছিলেন তাঁকে| তাঁদের হৃতপিন্ড স্তব্ধ হয়ে গিয়েছিল তাঁকে দেখে| সে বুলা হারিয়ে গিয়েছিল কংকালে। রুগ্ন-শুকনো কাঠির মতো একটা শরীর। চোখ দু'টো ভারী কোন কিছু দিয় থেঁতলে দেওয়া হয়েছে। ঘাড় নাড়ছে আর নিজের মনে বলে যাচ্ছে কিছু কথা-জ্যেঠু।সেই জ্যেঠু কেও চিনতে পারল না বুলা।

ফিরে এসেই ভংঙ্কর একটা ততট্রোকের শিকার হোন বাদল বাবু| তারপর কয়েক দিন বেঁচে ছিলেন মাত্র|

জেল!ভয়ের থেকে ভয়ঙ্কর|এখানে প্রতিবাদের কোন ভাষা হয় না| প্রতিবাদ হলেও সে ভাষা এই প্রাচীর ডিঙিয়ে বাইরে বের হয় না! আর প্রতিবাদীর টুটি চেপে স্তব্ধ করে দেওয়া হয় সারা জীবনের জন্য| আসলে এটা একটা ঘুঘুর বাসা| কারণ, কে নেই এই মধুচক্রে-নেতা-পার্টী-আমলা-গুন্ডা| কর্মচারীরা তো আছেই|

এক রাতে যে ধর্ষকের কাছে বেচে দেওয়া হয়ে ছিল বুলা কে| বলা রুখে দাঁড়িয়ে ছিল একই ভাবে| মাথা ফাটিয়ে দিয়ে ছিল মদের বোতল দিয়ে ধর্ষকের| সে পড়ল চক্রের কোপে| তার ফল হিসাবে সে হ'ল গন ধর্ষণের শিকার রাতের পর রাত| ভেঙ্গে দেওয়া হয়েছে তাঁর প্রতিবাদি মেরূদন্ড| ভেঙে-মুচড়ে-গুঁড়িয়ে দেওয়া হয়েছিল তাঁর সারা শরীর। আজ সে শুধু পঁচিশ বছরের জরা-জীর্ণ একটা জীব মাত্র। নড়া-চড়ার ক্ষমমতা নেই তাঁর|কোন দিন কুখাদ্য খায়, আবার কোন দিন না। মিন-মিন করে কিছু বলে। ধূলোতে খুঁজে বেড়াচ্ছে কিছু! হয়তো ফেলে আসা ছোটবেলার স্মৃতি|যেখানে জ্যেঠুর সাইকেলে বসে বলছে আকাশবানীর সংবাদ।

****

Desi Brothers & Desi Tadka





The History of the Song that is Notinee's "Prayer Dance"

--- Dr Bisakha (Pia) Sen

It is now 18 years since Notinee Indian Dance School was born. And in countless programs that Notinee has presented on stage, the piece that has opened the performance has been the "signature song" from Rabindranath Tagore's "Noti'r Puja" ….and the haunting words have filled the auditorium – "Tomaar bandona mor bhongi-te aaj sangeet-e biraaje".

So maybe it's time to look back once more – at this song that made history.

The year is 1927. It is the climax scene in a play. A dancing girl bedecked in splendid silk veils and jewelry approaches a dilapidated altar, amidst a chorus of curses and jeers. "Most sinful Srimati how is it your limbs are not turned to stone yet"? "May you dance for all eternity on the burning embers of Hell!" The mocking laughter of a royal princess rings out – "Hurry, inform the queen, she will be much amused at this spectacle." Serving girls mutter "we should not have to watch this" –- a sharp command from the princess keeps them from leaving.

The young woman reaches the altar. She slowly turns. The first notes of music and the first words of the song begin. "Amaae khamo he khamo, namo he namo…" (forgive me, as I bow before you). She begins her dance…and the entire cultural landscape of India shifts.

For almost 200 years, dance as a respected art-form had essentially been dead in India. The famed temple dancers of South India had long lost their royal patrons. Colonial British rulers with their Victorian morality had systematically denigrated dance as immoral and vulgar. Increasingly marginalized and impoverished, dancers were resorting to prostitution for a livelihood, which further tarnished both their image and the image of dance. In North India, the storytelling dance-form of Kathak had been reduced to being the exclusive practice of nautch girls, performing for the pleasure of aristocratic men in drunken revelry. In short, dance was now a demeaned art, the province of 'fallen women' or unsophisticated village folk, and the idea of any respectable families sending their daughters to learn dance was unthinkable.

It was in this environment that Gurudev Rabindranath Tagore took on the challenge of reviving Indian dance to its status of a revered art form and making it an integral part of the curriculum of his school in Santiniketan (which became a liberal arts university in 1921). Tagore had close relationships with and frequently visited the royal family of Tripura, a small state in mountainous eastern India. Thus, he was exposed to classical dance from its neighboring state of Manipur. Tucked away from the limelight and hence the attention of British missionaries, this classical dance form had survived relatively unscathed and the teachers who taught it – albeit almost all male – still received some respect. Tagore's serious experiments started with Manipuri dance gurus being invited to Santiniketan around 1920 to teach the students. Though it initially it had to be labeled as 'physical activity' – and the students enrolled in classes were all male.

Some scholars note that Tagore was quite openly courting controversy in these years. He already had a stellar and established reputation as a playwright, and he included songs in those plays, which the students of Santiniketan performed. When Tagore first put some young boys on stage to do dance-type movements to those song numbers,

he faced criticism from the local press. He responded by going up on stage himself in his next play, 'Basanta' (Spring), and leading some of the most esteemed scholars teaching at his school in a series of stylized, rhythmic movements to accompany one of the songs! This was 1923.

Boundaries were being tested steadily in case of the female students too. They were going on-stage participating in plays and songs. Some of the newly introduced ceremonies like the 'briksharopan' or 'tree-planting' ceremony were now accompanied by female and male bodies moving and swaying in rhythm to songs in a way that flirted with being "almost but not quite" dance. But the final throwing down of the gauntlet happened in 1927.

Tagore's daughter-in-law, Protima Debi, had made a request. She wanted to take one of his early poems on a young Buddhist girl who was martyred for her beliefs, and stage it with female students. She wanted him to tweak it a little. Instead, Tagore decided to recreate it altogether. In the original Buddhist legend, Srimati is a palace servant and a devotee of Buddha. A new king, a staunch Hindu reactionary ruler, forbids worship of Buddha or maintenance of Buddhist altars on pain of death. Srimati defies him and goes to pray at one of the altars and is killed by royal guards – thereby becoming the first female saint and martyr in Buddhist lore. Tagore's original poem, 'Pujarini' ('The Devotee') follows that storyline. A humble palace servant, Srimati, goes to several royal ladies to see if any of them will accompany her in her prayers. They are all terrified of defying the king. She goes alone to the altar, and openly lights the lamps, knowing the palace guards will see them. They do, and Srimati is slain at the altar while performing her prayers.

In the recreated play, Srimati is no longer a palace servant; she is re-imagined as a palace dancer or 'Noti'. The name of the piece is changed from 'Pujarini' to 'Noti'r Puja' (The Dancer's Prayer). And the first part of the play is packed with unsubtle references to societal mindset, where the royal women repeatedly make denigrating references to the immorality of dancers dance itself. For example, when one character says that Srimati's spirituality might earn her entry into heaven –an arrogant princess snickers that "dancing girls will probably dance even when they get to heaven".

The build-up to the climax occurs when this same princess realizes that Srimati intends to offer prayers at the altar of Buddha in defiance of the king's orders and is willing to become a martyr. In a gesture of pure spite to humiliate Srimati and insult the memory of Lord Buddha, she procures a royal order that Srimati will have to dance at the altar. One of the most dramatic moments in the play is when the order is announced – "Where she planned to offer prayers as a devotee, she will now perform as a dancing girl!" The announcement is met by shock and horror by the palace women who still secretly honor Buddha. They are convinced that Srimati will refuse and face the king's wrath. They are even more shocked and horrified when she serenely, even joyfully, agrees to dance.
One might imagine the anticipation and tension the first time the play was staged. When Gouri Bose, daughter of the eminent artist and art-teacher Nandalal Bose, approached the altar in Srimati's role. The dialogues of other actors – expressing horror, condemnation, mockery -- are deliberately designed to capture what society's morality police might be muttering under their breath. There is also a brilliant feint, where a powerful older royal lady offers Srimati poison right before she reaches the altar -- to allow her a noble death and avoid a 'fate-worse-than-death' so to speak. One can almost imagine a collective faint sigh of relief among the audience -- surely this will be a more 'familiar' ending -- Srimati will opt for death by drinking poison and join the many Indian heroines who have gone down in legend for choosing a noble death over dishonor. And one can imagine the renewed tension when

Srimati gently waves away the well-intentioned lady and continues to the altar. She pauses. She turns. And the first notes of music begin.

It is complete folly to try to rank Tagore's songs either in order of quality of music or profoundness of lyrics. But I will risk saying that this song is one of his greatest compositions. There is no lack of devotional songs in India -- the repertoires of the temple dancers are full of pieces in praise of Hindu deities. But those songs focus on the deities themselves, their features and attributes, their weapons and jewelry, their great deeds and glory, and end with some proclamation of heartfelt devotion by the dancer.

In Srimati's song, the deity is not even named -- there is just one reference to 'the Incomparable One' ('Nirupam'). Instead, the lyrics focus upon the bliss of dancing, and worship as embodied in and created through the physical movement of dance. Tagore appears to be confronting head-on both the taboo of female body in deliberate and liberated movement, of a woman taking unadulterated joy in the art of dance. It is notable the frequency with which Srimati's song refers to her body in motion, and her heart overflowing with the 'rasa' or grace of dance: "my heart overflows with the beauty of dance, and rings out with joy"; "the language that my whole body creates is a chant-free prayer"; "I bring a body that moves unfettered"; "I worship you with my movements."

As she dances, Srimati pulls off her heavy jewelry and casts aside the superfluous silk veils. By the end she is dancing in a simple robe that befits an ascetic nun rather than a palace dancer. It is so clear that her dance has elevated itself to the level of worship that the reluctant palace guards have no choice but to concede that she has violated the king's orders against worshipping Buddha. As she concludes her dance and bows before the altar, they move in to kill her, though they weep as they do so. Thereafter, the play ends rather perfunctorily, with a messenger arriving to announce that the king is overcome with repentance hearing about Srimati's actions and her death, and that the worship of Buddha is to be allowed again across the kingdom. All other characters depart to prepare a glorious funeral for Srimati, while the princess who started it all remains alone on stage, slowly sinking to her knees beside Srimati's body and murmuring a prayer of contrition.

It is unfortunate that no records exist on exactly what the initial reaction was to the play the first time it was staged in 1927. What is known is that before long it was being lauded widely, and Tagore was even approached to allow it to be filmed. The ripples of change spread rapidly across India. In 1928, a young Brahmin lady approached the famous ballet dancer, Anna Pavlova, to learn ballet, but heeded Pavlova's advice to focus on reviving Indian classical dance instead. And thus --in 1935, Rukmini Devi Arundale did her solo stage debut in the style disparagingly referred to as 'dasi-attam' and rejuvenated it under the new name of 'Bharatnatyam'. Soon after, she started the now world-famous Bharatnatyam dance school of Kalakshetra. Around the same time, another protégé of Anna Pavlova returned to India after touring around the world demonstrating Indian dance. He too started his own school. His name Uday Shankar.

Tagore, in the meantime, continued with his own experimentations. He now turned towards creating a 'pan Indian' dance style. This style, in the words of Protima Debi, would be a 'chemical synthesis' of different classical and folk forms from all across the country, no longer restricted to being identified with just one region. Thus, Manipuri from eastern India was blended with Kathakali and Bharatnatyam from southern India, with Garba from Gujarat, with

 © BAGB 2024

the dance of Baul minstrels from Bengal. Other forms sometimes added to the mix included Kandy from Sri Lanka and Javanese dance from Bali. The wife of one of Tagore's grandnephews was even sent to Europe to train in Western dance. Tagore also proceeded to write his dance-dramas centered on strong female protagonists like 'Chitrangada' and 'Chandalika'. One might say that, of all Tagore's works, these today are perhaps the best known to the larger population of Bengal.

And in the decades since then, a huge sea change had occurred in Indian attitudes towards dance! Now it is rare that a young middle-class Indian girl does *not* get enrolled in a dance class at least once in her lifetime! A daughter going up on stage to dance is now an occasion for celebration among cultured families. Today, among the Indian diaspora in the US, the 'solo stage debut' in Indian classical dance has become one of the ultimate rites of passage and markers of cultural identity for girls. In the meantime, a spirited and healthy debate continues about the right balance between classical purity and experimentation, best practices for quality maintenance, and using dance beyond just cultural practice – but for wellness therapy as well.

Standing in this vastly altered landscape, reveling in the respect that today's Indian female dancers command -- it is worth looking back for a moment to that scene almost 100 years ago. When a poet's vision came to fruition on stage. When all the voices of condemnation finally fell silent. When actors on stage and audience alike watched with rapt attention as history was made before their eyes.

And amidst this silence, a young woman danced alone.
"I have not picked flowers from the woodlands
Nor brought any fruit
The vessels are empty I have not brought holy water.
But I have brought a body that moves unfettered
A heart that pours forth unnamed joy
And this is what I lay at your feet
As the sacred offerings of prayer
I worship you with my movements
Amidst this music tonight."



"Noti'r Puja" performed by
Notinee Indian Dance Group

****

© BAGB 2024

|| The Grey Bengal ||

--- ***Dr. Kaustav Ganguly***

Bengal is one of the colorful place in the world, but the heart is in different shades of grey. The beautiful light and the expression of freedom is what we see in our city. Through my lens, I present to you **'The Grey Bengal'** - a poignant tapestry of contrasts, where light and darkness, joy and sorrow, intertwine.









Kaustav: I am a photographer by passion interested in street and human-interest photography. I like to look into the life of a place which is mainly from the people and their interaction. I am a postdoctoral research associate at St. Jude Children's Research Hospital.

|| মধুকবির মেঘনাদবধ ||

-- *ড: অর্ণব চক্রবর্তী*

টাইম ট্রাভেল করে যদি নব্বইয়ের দশকের গোড়ার দিকটাতেও ফেরা যায় তাহলে আমাদের অনেকেরই শিশুমনের নির্মল কোণে লুকিয়ে থাকতে দেখা যাবে বিভিন্ন সুপারহিরোদের । ব্যাটম্যান, সুপারম্যান, স্পাইডারম্যান, হিম্যান, আরো কত কি ? সুপারহিরোরা মানুষ, কিন্তু অলৌকিক ক্ষমতা সম্পন্ন । "দুষ্টের দমন আর শিষ্টের পালন" - এই থাম্বরুলেই তাদের চরিত্র আবর্তিত । আমরা অনেকেই কোন না কোন সময় এদেরকে আদর্শ মেনেছি - তা সচেতন ভাবেই হোক বা অবচেতন । হতে চেয়েছি এদেরই মত - যদিও পিঠে চাদরখানা লাগালেই যে উড়তে পারবোনা, তা হয়তো আমরা সকলেই জানতাম । তবু এরা আদর্শ, বা কাঙ্খিত চরিত্র, ওই থাম্বরুলের জন্যই ।

আমাদের দেশীয় সংস্কৃতি তে আদর্শ চরিত্রের ছড়াছড়ি থাকলেও আমাদের কাছে তাঁরা ব্রাত্য । এই গ্লোবাল কনজিউমারিজমের যুগে, আমাদের অদৃশ্য পাশ্চাত্য প্রভুরা আমাদের যেভাবে ভাবতে শিখিয়েছেন আমরা সেভাবেই ভেবে এসেছি । তাই সাইন্টিফিক স্কেপটিসিজমের জিগির তুলে রামায়ণ মহাভারত পুরাণ ইত্যাদিকে হেলায় দূরে সরিয়ে দিলেও - সুপারহিরোদের সুপারপাওয়ারগুলি সাইন্টিফিকালি অলৌকিক এবং মডার্ণ - তাই গ্রহণযোগ্য ।

এতে কোনো আপাত দোষ নেই - কারণ শিশুদের মনে "দুষ্টের দমন ও শিষ্টের পালন"-এর শাশ্বত থাম্বরুল তো প্রথিত হচ্ছে সুপারহিরোদের আদর্শ করেই । কিন্তু গোল তখনই বাধে যখন মানুষ এই থাম্বরুলের মধ্য থেকে "দমন" শব্দটি এবং তার প্রকাশেই বিশেষ আনন্দ পেতে থাকে । মানুষের মনে প্রকৃত ধর্মবোধ গড়ে না ওঠার ফলেই এই সম্ভাবনা আরও বেশি হয়ে যায় । তখন গল্পের চেয়েও বেশি গুরুত্ব পায় অ্যাকশন । পুরনোগল্প নতুন অ্যাকশন – সিনেমা হিট পাবলিক খুশ্ !

এতেও ক্ষতিকর তেমন কিছু আপাতভাবে চোখে পড়বে না । কিন্তু একটু বিশ্লেষণ করলেই বোঝা যাবে এর ভয়াবহতা । গল্পে হিরো ভিলেন দুপক্ষেরই অ্যাকশন থাকে । তাই অ্যাকশনই যখন মূল আকর্ষণ, আদর্শ তখন হিরো বা ভিলেন যে কেউ হয়ে উঠতে পারে । এবার গল্পের তেমন অভিনবত্ব বা আবেদন না থাকলে, সহজ উপায়ে ভিলেন কে আরো "নব নব রূপে" সাজিয়ে, গল্প হিট করানো যায় । আর তখন ভিলেনের চরিত্রই মানুষের মূল আকর্ষণের কেন্দ্রে চলে আসে । ভিলেনকে নিয়ে যতই চর্চা করা হয়, মানুষের অবচেতন মনে ততই ভিলেনের গুণাবলীর টুকরো টুকরো অংশ জমতে থাকে । ক্রমে ব্যাটম্যানের থেকে অনেক বেশি চর্চিত ও জনপ্রিয় হয়ে ওঠে জোকার, ডেডপুল এর মত হিরোদের চরিত্রে সৎগুণের তুলনায় বদগুন এর আধিক্য বেশি দেখা যায় । প্রকাশ্যে সিনেমার পর্দায় শিক্ষা দেওয়া হয় কিভাবে ক্ষমা করুণা ইত্যাদি সনাতন সিদ্ধান্তের জলাঞ্জলি দিতে হবে । পাবলিক আনন্দ পায় হাততালিও পড়ে প্রচুর ।

আসলে সুপারহিরোদের গল্পের ওই থাম্বরুলের বাইরে আর কোন বিশেষ উপজীব্য নেই যাকে আদর্শ করে জীবনে চলা যায় । ঠিক এই কারণেই আমাদের রামায়ণ, মহাভারত, পুরাণ ইত্যাদির প্রয়োজন । সেখানে অলৌকিকতা থাকলেও তা মুখ্য বিষয় নয় । মূল উদ্দেশ্য মানুষকে একটা সুস্থ সুন্দর জীবনযাপনের পথ দেখানো । জীবনের প্রতিটা ক্ষেত্রে ধর্মের পথ, সত্যের পথকে চিহ্নিত করা ।

কিন্তু কিভাবে আমাদের দেশের সম্পদ - আমাদের পুরাণ-রামায়ণ-মহাভারত ইত্যাদি - আমাদের কাছে এতটা পর হয়ে গেল ? কেন আমরা এসবের মূল্য সম্পর্কে সম্যক ধারণা হারালাম ? অথচ বিজ্ঞানমনস্কতার নাম করে পাশ্চাত্য বুদ্ধিপ্রসুত আদ্ভূতুড়ে, অন্তঃসারশূন্য, অলৌকিক গল্পগুলিকে আপন করে নিলাম ? আমাদের পাশ্চাত্য-অনুকরণস্পৃহা এবং তার ফলস্বরূপ পাশ্চাত্য-বুদ্ধিনিঃসৃত জীবনদর্শনকে নিজের ধর্ম মনে করাই এর মূল কারণ । আমরা পাশ্চাত্য শিক্ষায় বলিয়ান হয়ে তাই স্বধর্মত্যাগী । আর ধর্মকে বাদ দিয়ে দিলে দেশজ পুরাণ ইতিহাসেরও একই দশা হয় যা এইসব সুপারহিরো-গল্পের ক্ষেত্রে হয়েছে । ধর্মের সূক্ষ্ম পথ বিচার না করে কখনো আমরা রক্ষকুলপতি রাবণকে ধর্মের পরাকাষ্ঠা বানিয়েছি, কখনো বা অধর্মের পক্ষে থাকা কর্ণের জন্য চোখের জল ফেলেছি, আবার অন্য সময় বালী, জরাসন্ধ, মহিষাসুর প্রমুখের প্রসঙ্গ টেনে এনে স্বয়ং ভগবান কে নানা কু-কথা বলে বসেছি । ধর্মবোধ লুপ্ত । তাই আসুরিক প্রবৃত্তিই আমাদের চিন্তার মূল স্রোত । আমাদের সাহিত্যিকরা তাই ধর্মের সন্ধান ছেড়ে দিয়ে পুরাণ ইতিহাসের ভিলেনদের হিরো সাজাতে ব্যস্ত । এইটাই এখন ভালো সাহিত্যের বেঞ্চমার্ক । বাংলা সাহিত্যের উজ্জ্বল জ্যোতিষ্ক, বাঙালির অতি প্রিয় মধুকবির মধ্যেও এই প্রবণতা লক্ষ্য করা যায় ।

একসময় মাধ্যমিকের সিলেবাসের খুব গুরুত্বপূর্ণ অংশ ছিল মধুসূদনের "মেঘনাদবধ" কাব্যের অন্তর্গত "বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ" অংশটি । সেই ছোট্টবেলা থেকেই আমাদের শিখিয়ে দেওয়া হয়েছে - কিভাবে অন্যায় সমরে নিরস্ত্র ইন্দ্রজিৎকে নৃশংস ভাবে হত্যা করেন শেষাবতার লক্ষ্মণ । আমাদের শেখানো হয়েছে কিভাবে "মায়া" নামক এক দেবীর সাহায্যে নিরস্ত্র ইন্দ্রজিতের ছোঁড়া পূজা-

পাত্রের আঘাত থেকেও লক্ষ্মণ রক্ষা পান এবং কাপুরুষের মত অস্ত্রহীন ইন্দ্রজিৎকে নির্দ্বিধায় হত্যা করেন । স্বাভাবিকভাবেই, সনাতন ধর্মের উপাস্য চরিত্রের এহেন আচরণ, গভীর ছাপ ফেলে ছিল আমাদের সকলের কিশোর মনে । আমাদের ভাবতে বাধ্য করেছিল – 'সত্যিই কি এঁরা ঈশ্বর বা আদর্শ পুরুষ ? সত্যিই কি এঁদের অনুসরণ করে আমাদের জীবনযাপন করা উচিৎ ? সত্যিই কি এঁদের বিজয়গাথা জানবার প্রয়োজন আছে ? - এর চেয়ে সুপারম্যান-ব্যাটম্যানের গল্পই অনেক বেশি গ্রহণযোগ্য । পাশ্চাত্য জীবনদর্শনই সভ্যতার পথ - ইত্যাদি । এর আরো করুণ পরিণতি হাল আমলের বাঙালির রাম-এলার্জি ! তারমধ্যে রাজনীতি, আমরা -ওরার রং যাই লেগে থাক, মূল কিন্তু নিহিত আছে সেই মাধ্যমিকের পড়াতেই । সেখানে একদিকে কবি কৃত্তিবাসের 'বিলাপরত' শ্রীরামচন্দ্রকে ভগবান নয় - মানুষ প্রমাণ করতে শেখানো হচ্ছে । আবার অন্যদিকে লক্ষ্মণের কাপুরুষতা এবং নিরস্ত্র ইন্দ্রজিৎকে হত্যা করার করুণ সুরও বাজানো হচ্ছে । এর নিট ফল তীব্র রাম-বিরোধিতা এবং তার থেকে জেগে ওঠা উপাস্যকেন্দ্রিক এক হাস্যকর, রাজনৈতিক প্রাদেশিকতা । ভিলেন কে আদর্শ করলে যা হয় আর কি ! মানুষে-মানুষে ভেদ সৃষ্টির মত আসুরিক গুণের বশেই চলে আসে একটা গোটা জাতি - সে যতই কবি "বেঁধে বেঁধে" থাকার ডাক দিয়ে যান না কেন ।

কিন্তু সত্যিই কি রামায়ণের গল্প এই নির্মম হত্যার বর্ণনা রয়েছে ? আসুন দেখা যাক প্রামাণ্য রামায়ণ গ্রন্থগুলি এ বিষয়ে ঠিক কী বলছেন । প্রথমেই আসা যাক বাল্মিকী রামায়ণের প্রসঙ্গে ।

বাল্মিকী রামায়ণ :

বাল্মিকী রামায়ণের যুদ্ধ কাণ্ডের ৯০-তম সর্গে ইন্দ্রজিৎ-বধের প্রসঙ্গ রয়েছে । সেখানে লক্ষ্মণ ও ইন্দ্রজিতের মধ্যে যুদ্ধক্ষেত্রে এক ভয়ংকর প্রতিস্পর্ধার পুঙ্খানুপুঙ্খ বর্ণনা আমরা পাই - কোন যজ্ঞাগারে নিরস্ত্র ইন্দ্রজিৎকে হত্যা করার কথা নয় । ইন্দ্রজিতের নিকুম্ভিলা যজ্ঞ-ধ্বংস এর অনেক আগেই হয়ে গিয়েছে । তারপর ইন্দ্রজিৎ ও লক্ষ্মণের প্রবল যুদ্ধের ফলে তাঁদের দুজনের দেহই রক্তাক্ত হয়ে পড়ে - যা দেখে কবির মনে হয়েছে যেন দুটি ফুলেভরা কিংশুক গাছ ।

"ততঃ শোণিতদিগ্ধাঙ্গৌ লক্ষ্মণেন্দ্রজিতাবুভৌ ।। ৯০-৬- ৩৮

রণে তৌ রাজতুর্বীরৌ পুষ্পিতাবিব কিংশুকৌ ।"

দুজনেই দুজনের সকল অঙ্গ শরজালে বিদ্ধ করেছেন –

"তৌ পরস্পরমভ্যেত্য সর্বগাত্রেষু ধন্বিনৌ ।। ৯০- ৬- ৩৯

ঘোরৈর্বিব্যধতুর্বাণৈঃ কৃতভাবাবুভৌ জয়ে ।"

শেষে লক্ষ্মণ ঐন্দ্রাস্ত্র প্রয়োগের মাধ্যমে ইন্দ্রজিৎকে সম্মুখ সমরে বধ করেন । কোন অন্যায় যুদ্ধে নয় ।

এবার দেখা যাক কৃত্তিবাসী রামায়ণের বর্ণনা কিরকম :

কৃত্তিবাসী রামায়ণ :

লঙ্কাকাণ্ডের 'ইন্দ্রজিৎ-বধ' প্রসঙ্গে কবি কৃত্তিবাসের বর্ণনা মোটামুটি বাল্মীকির অনুরূপই । এখানেও যুদ্ধক্ষেত্রে লক্ষ্মণ এবং ইন্দ্রজিতের মধ্যে ভয়ঙ্কর সংগ্রামের বিশদ বর্ণনা রয়েছে ।

" দুজনে দেখিয়া বাণ জোড়ে দুইজনে ।

দুজনে পড়িল ঢাকা দু-জনার বাণে ।।"

অবশেষে দেবরাজ ইন্দ্রের দেওয়া ব্রহ্মাস্ত্রে লক্ষ্মণ, 'যুদ্ধে' ইন্দ্রজিৎকে বধ করেন । উল্লেখ্য, তথাকথিত বুদ্ধিজীবীদের অত্যন্ত প্রিয় চন্দ্রাবতীর রামায়ণে 'সীতার বারোমাস্যা'-ও কিন্তু একই কথা বলেছেন এই বিষয়ে ।

" মাঘ মাসেতে আমি গো দেখিনু স্বপন ।

রণে মরে ইন্দ্রজিত গো রাবণ নন্দন ।।"

অর্থাৎ যুদ্ধেই ইন্দ্রজিৎ নিহত হন - যজ্ঞালয়ে নৃশংস হত্যালীলার প্রসঙ্গ এখানেও নেই ।

শ্রীরামচরিতমানস :

গোস্বামী তুলসীদাসের শ্রীরামচরিতমানসের বর্ণনা অনুযায়ী যুদ্ধক্ষেত্রে ইন্দ্রজিৎ, নানা মায়ার আশ্রয় নিয়ে লক্ষ্মণের বাণ এড়িয়ে

যান এবং পাল্টা আক্রমণও করেন। অবশেষে বিরক্ত হয়ে শেষাবতার লক্ষ্মণ, কোসলাধীশ শ্রীরামচন্দ্রকে স্মরণ করে ইন্দ্রজিতের বুকে এক বাণ নিক্ষেপ করেন এবং তাতেই তাঁর মৃত্যু হয়।

" বিবিধ বেশ ধরি করই লড়াই।

কবহু প্রগট কবহু দুরি জাঈ ।।

দেখি অজয় রিপু ডরপে কীসা।

পরম ক্রুদ্ধ তব ভয়উ অহীসা ।।

লছিমন মন অস মন্ত্র দৃঢ়াবা।

এহি পাপিহি মৈঁ বহুত খেলাবা ।।

সুমিরি কোসলাধীশ প্রতাপা।

সরসন্ধান কীন্হ করি দাপা ।।

ছাড়া বাণ মাঝ উর লাগা।

মরতী বার কপটু সব ত্যাগা ।। "

তামিল ভাষায় রচিত কম্ব- রামায়ণেও লক্ষ্মণ ও ইন্দ্রজিতের প্রবল যুদ্ধ, ইন্দ্রজিতের মায়ার আশ্রয় নিয়ে মেঘের আড়াল থেকে যুদ্ধ করা এবং অবশেষে লক্ষ্মণের অস্ত্রে যুদ্ধে প্রাণত্যাগের বিশদ বর্ণনা পাওয়া যায়। উল্লেখ্য মহর্ষি কম্বনের মতে, বিষ্ণু-অস্ত্র শেষাবতার লক্ষণের বিরুদ্ধে কাজ না করাতেই ইন্দ্রজিৎ বুঝতে পারেন যে লক্ষ্মণ কোন সাধারণ মানুষ নন। তিনি মায়াবলে যুদ্ধক্ষেত্র ছেড়ে রাজপ্রাসাদে ফিরে গিয়ে, পিতা রাবণকে যুদ্ধ বন্ধ করার অনুরোধও জানান। রাবণের ভর্ৎসনায় আবার যুদ্ধে ফিরে আসেন। বাল্মিকী ও কৃত্তিবাসী রামায়ণে ইন্দ্রজিতের মায়াবী রথের প্রসঙ্গ থাকলেও কম্বন এ বিষয়ে আরও বিশদ বর্ণনা দিয়েছেন। কম্ব-রামায়ণে ইন্দ্রজিতের রথ এবং ধনুক এমনই মায়াবী ছিল যে বাণে তা ধ্বংস করা অসম্ভব। অথচ রথ আর ধনুক সাথে থাকলে ইন্দ্রজিৎ অজেয়। তাই লক্ষ্মণ প্রথমে বাণের দ্বারা ইন্দ্রজিতের রথের চাকা খুলে নেন। রথ বিকল হয়ে গেলে ইন্দ্রজিৎ ধনুক হাতে মেঘের আড়ালে চলে যান। বাণে সেই ধনুক ভাঙ্গা সম্ভব নয়। তাই লক্ষ্মণ ইন্দ্রজিতের কাঁধ থেকে ধনুক-ধরা হাতটাই কেটে দেন বাণের সাহায্যে। শেষে ইন্দ্রজিৎ অন্য হাতে ত্রিশূল নিয়ে লক্ষ্মণকে আক্রমণ করতে গেলে সুমিত্রানন্দন তাঁর শিরশ্ছেদ করেন। এক্ষেত্রেও শেষ মুহূর্ত পর্যন্ত ইন্দ্রজিৎ নিরস্ত্র ছিলেননা। সম্মুখ সমরে তাঁর নিধন হয়।

অধ্যাত্ম রামায়ণেও বাল্মীকির মূল রামায়ণের অনুরূপ বর্ণনা রয়েছে। সেখানেও যুদ্ধে ইন্দ্রজিৎ নিহত হন, এবং অনেকটা সময় যুদ্ধ প্রায় সমানে সমানে চলেছিল।

" সুদীর্ঘকালং তৌ বীরাবন্যোনং নিশ্চিতৈঃ শরৈঃ।

অযুধ্যেতাং মহাসত্বৌ জয়াজয়বিবর্জ্জিতৌ ।। " – ৯-৩৮

- লঙ্কাকাণ্ড – অধ্যাত্মরামায়ণ।

সবশেষে দেখা যাক কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর এই 'মেঘনাদবধ কাব্য' সম্পর্কে কি ধারণা রাখতেন। ভারতী পত্রিকায় প্রকাশিত এক সুদীর্ঘ সমালোচনায় কবিগুরু 'মেঘনাদবধ' কাব্যের সাহিত্যগুণ বিস্তারিত ভাবে বিশ্লেষণ করেছেন। কাব্যের প্রায় প্রতিটি গুরুত্বপূর্ণ চরিত্রচিত্রণে যে কী বিষম সাহিত্যরসভঙ্গ হয়েছে - তার পরিচয় তিনি লিপিবদ্ধ করেছেন - হয়তো কিছুটা অসহায় বোধ করেই। অসহায় - কারণ তিনি অনুভব করেছেন যে সাহিত্য গুণমান নিকৃষ্ট হলেও তৎকালীন ইংরেজ শাসিত সমাজে এই কাব্যগ্রন্থ বিশেষ প্রভাব ফেলেছে। কবিগুরু মূল বাল্মিকী রামায়ণের বঙ্গানুবাদ উদ্ধৃত করে দেখিয়েছেন কিভাবে মেঘনাদবধের কবি রামায়ণের চরিত্রগুলি ধার করে, স্বকপোলকল্পিত এক কাব্য রচনা করেছেন। একে সাহিত্যিকের স্বাধীনতা হিসাবে প্রচার করা হলেও, কবিগুরু কিছুতেই মূল গল্পের চরিত্র গুলির আমূল পরিবর্তনকে মেনে নিতে পারেননি। মেনে নিতে পারেননি, ধার করা গল্পে, কলমের জোরে ভিলেনকে হিরো সাজানোর স্বাধীনতাকে।

" ইহার পরে লক্ষ্মণের সহিত ইন্দ্রজিতের যে যুদ্ধবর্ণনা করা হইয়াছে তাহাতে যে লক্ষ্মণের নীচতা, কাপুরুষতা, অক্ষত্রোচিত ব্যবহার স্পষ্ট প্রকাশ পাইয়াছে - তাহা কে অস্বীকার করিবেন ? কবি তাহা ভ্রমক্রমে করেন নাই, ইচ্ছাপূর্বক করিয়াছেন। তিনি একস্থলে ইন্দ্রজিতের মুখ দিয়াই কহিয়াছেন,

"ক্ষুদ্রমতি নর, শূর, লক্ষ্মণ; নহিলে

অস্ত্রহীন যোধে কি সে সম্বোধে সংগ্রামে ?

কহো মহারথী, একি মহারথী প্রথা ?

নাহি শিশু লঙ্কাপুরে, শুনি না হাসিবে

এ কথা !"

যদি ইচ্ছাপূর্বক করিয়া থাকেন, তবে কেন করিলেন ? এ মহাকাব্যে কি মহান চরিত্র যথেষ্ট আছে ? রাবণকে কি স্ত্রীলোক করা হয় নাই ? ইন্দ্র কে কি ভীরু মানুষরূপে চিত্রিত করা হয় নাই ? এ কাব্যের রাম কি একটি কৃপাপাত্র বালক নহেন ? তবে এ মহাকাব্যে এমন কে মহান চরিত্র আছেন যাঁহার কাহিনী শুনিতে শুনিতে আমাদের হৃদয় স্তম্ভিত হয়, শরীর কণ্টকিত হয়, মন বিস্ফারিত হইয়া যায় ?"

— ভারতী, ফাল্গুন, ১২৮৪ ।

****

লেখকের পরিচয়: লেখক কলকাতার (শ্রীভূমি, লেক টাউন) বাসিন্দা, অরুণাচল প্রদেশের রাজীব গান্ধী বিশ্ববিদ্যালয়ের (কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়) পদার্থবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ।



|| Serving Others ||

Heike Harris

Life is so busy, and time just seems to slip through our fingers. As I write this it's already late July and goodness, where did the time go as it seems that Summer just began. When we were younger, summer seemed like such a long period of time! Long hours to stay outside and play with neighborhood friends and we couldn't wait to get back to school to play with classmates. But now it slips through our hands like water.

I'm a banker and I've been entrusted with the finances of many clients and customers. It's such a privilege to be granted the trust and confidence by individuals for an asset of such importance. I work with a community bank after 20 years of an almost full career period with a large regional institution. The experience and growth I gained from that time was exceptional; but sadly, as organizations grow, they lose their local feel. When you have meetings to discuss agendas for meetings or when you have too many boxes that need to be checked despite the customers' needs; I think you've missed the purpose your organization was designed to address.

I'm not a bank jumper, but the opportunity to join a new organization and especially a brand-new bank…that was too good to pass up. What a wonderful new chapter the change provided! I have now had an additional 19 years with this institution and have participated in growth of seed money become the largest bank in our municipality and the best bank in Alabama. Rewards for sticking with what you believe in repays you ten-fold.

I say this to come back to serving others. Our institution was founded on the principal of bringing banking back to its roots; taking care of your friends and neighbors. Recognizing the individuals you see in the grocery store, the pharmacy or at the hospital…they're your neighbors, friends and even family. This is what life is about; the ability to be a servant to someone with an 'asset' that might be their most important treasure at any moment in time. A friend told me once, "the way you take care of your clients is more your ministry or a testament of your faith than you may realize." The thought of that brought tears to my eyes as I've never seen it in that light; but if she felt I served her well then maybe it was my ministry in its own way. I've always strived to treat others the way I want to be treated; respect the dignity of everyone in all you do and recognize it might be you next time. I hope to 'pay it forward' with my personalization and care of my clients and the confidential, personal information they share with me, entrust in me and in the way it allows me to assist them.

When the day is done, I hope the manner in which I served my clients is remembered. That's the most important thing to me.

****

About the author by Sati Nath: I inherited Heike as my personal banker through my late husband, Dr Bandy. I have known her since the time Subhankar started working in DCH, Tuscaloosa. Whenever I go to see her, we talk about everything under the sun. I have been urging her to write something for a while. So happy that it happened this year.

|| বার্মিংহামের ছোট্ট ঘটনা, বড়ো প্রভাব: এক নতুন বাড়ির খোঁজে ||

--রুদ্রদীপ পট্টনায়ক

২০১৯ সালের ডিসেম্বরে এক শীতল রাতে আমি বার্মিংহামে এসে পৌঁছাই, আমার শিকড় থেকে অনেক দূরে, এক নতুন পৃথিবীতে। তখনও আমার দুটি প্রিয় জায়গার মধ্যে বিভক্ত ছিলাম—রেয়াপাড়া, পূর্ব মেদিনীপুরের ছোট্ট গ্রাম, যেখানে প্রথম ১৭ বছর কাটিয়েছি, এবং কলকাতা, সেই শহর যা আমাকে গড়ে তুলেছে। কলকাতা আমাকে নতুন জীবনের স্বাদ দিয়েছিল, বিশেষ করে আশুতোষ কলেজের দিনগুলো। আশুতোষ কলেজ ছেড়ে বালিগঞ্জ সায়েন্স কলেজে বায়োকেমিস্ট্রি তে মাস্টার্স ও পিএইচডি করার সময় কলেজের ক্যাম্পাসের উন্মুক্ত পরিবেশ, বন্ধুবান্ধবদের সঙ্গে আড্ডা, আর কলকাতা শহরের সরু গলিতে হাঁটার মুহূর্তগুলো আজও আমার স্মৃতির গভীরে রয়ে গেছে। এখানেই আমি আমার জীবনের সঙ্গী তনিমার সাথে দেখা পাই। সেই দিনগুলো ছিল আমার জীবনের সেরা সময়—আনন্দ, শেখা, আর ভালোবাসায় ভরা।

২০১৯ সালের শেষের দিকে আমি বার্মিংহামে পা রাখি। নতুন বছর উদযাপনের ঠিক সময়ে শহরটি আমাকে উষ্ণ অভ্যর্থনা জানায়, যদিও প্যান্ডেমিকের ছায়া তখন ভয় ধরাচ্ছিল। এখানে অনেক বন্ধু আর সিনিয়র ছিলেন যারা সবসময় আমাকে সেটেল হতে সাহায্য করতেন, বিশেষ করে প্রথম পোস্টডক ল্যাবের খারাপ সময়গুলোতে। সময়টা খুব সহজ ছিল না, তবে সুরেশ, জাসিম, এবং বিপিনের মতো বন্ধুরা সবসময় পাশে ছিল। ক্রিকেটের প্রতি ভালোবাসা আমাকে নতুন জীবন দিল এখানে। বার্মিংহামের সিটি লিগে খেলার সুযোগ পেলাম, আর ধীরে ধীরে লিগের কমিটির সদস্য হিসেবেও নির্বাচিত হলাম ২০২২ থেকে ২০২৩ পর্যন্ত।

বার্মিংহামে নতুন একটা পরিবারও খুঁজে পেলাম। বিধান দা, রাখী দি, সঞ্জীব দা, আর সামি দির মতো সুন্দর মনের মানুষ আমাকে নিজের পরিবারের মতোই আপন করে নিয়েছিলেন। বিধান দার সাথে আমার বিশেষ বন্ধন গড়ে উঠল যখন জানলাম উনি আমার গ্রামের পাশের গ্রামের মানুষ। প্যান্ডেমিকের সময়টা খুব কঠিন ছিল, কিন্তু বার্মিংহাম তার উষ্ণতা ধরে রেখেছিল। যদিও প্রায় পাঁচ বছর ধরে কলকাতায় যেতে পারিনি, এই শহরই আমার দ্বিতীয় বাড়ি হয়ে উঠল।

অক্টোবর ২০২১ এ তনিমা বার্মিংহামে আমার সাথে যোগ দেয়, প্রায় দুই বছরের আলাদা থাকার পর। তাকে আবার কাছে পাওয়া ছিল এক বিশাল স্বস্তি এবং আনন্দের। প্রথমে শহরের সাথে মানিয়ে নিতে একটু কষ্ট হলেও, তনিমাও ধীরে ধীরে বার্মিংহামের প্রেমে পড়ে। শহরের মনোমুগ্ধকর প্রকৃতি, মানুষের হাসিমুখ, আর সেই শান্ত পরিবেশ আমাদের দুজনকেই মুগ্ধ করে। বার্মিংহামে অনেক ছোট ছোট ঘটনা ঘটেছে, যা আমার জীবনে গভীরভাবে প্রভাব ফেলেছে। এই শহরটি আমাকে এমন কিছু সম্পর্ক উপহার দিয়েছে, যা আমি কল্পনাও করিনি। একটা ঘটনা এখনও খুব ভালো মনে আছে—রাইন নামে এক ছোট্ট মেয়ে, যে আমাকে কাকু বলে ডাকত, একদিন খেলতে খেলতে হঠাৎ আমাকে "মামা" বলে ডাকে। এই ছোট্ট মুহূর্তটা আমাদের মধ্যে একটা বিশেষ সম্পর্ক তৈরি করেছিল। যদিও এ ধরনের ঘটনা খুব ছোট মনে হতে পারে, কিন্তু এর অনুভূতি বিশাল ছিল। এই সব ছোট ছোট কিন্তু গভীরভাবে স্পর্শ করা ঘটনা বার্মিংহামকে আমাদের হৃদয়ের আরও কাছাকাছি নিয়ে এসেছে, আর আমরা এই শহরকে আরও ভালোবাসতে শুরু করেছি।

বার্মিংহাম শহর আমাকে বন্ধুত্বের এক নতুন চেহারা দেখিয়েছে। এখানে আমি নানা ধরনের আনন্দের মুহূর্ত কাটিয়েছি—পিকনিকের আয়োজন থেকে শুরু করে বন্ধুবান্ধবদের সাথে উৎসবের আড্ডা পর্যন্ত। প্রতি পিকনিকেই আমরা একইভাবে প্রস্তুতি নিতাম—বন্ধুরা সবাই মিলে খাবার আর খেলাধুলার জন্য অনেক কিছু নিয়ে আসত। বার্মিংহামের প্রাকৃতিক সৌন্দর্য আর উষ্ণ আবহাওয়া আমাদের মনকে প্রতিবারই আনন্দিত করত।

ঘরোয়া উৎসবের ক্ষেত্রে, আমরা প্রতি উপলক্ষে আনন্দ উদযাপন করেছি। আমরা একসাথে বসে গল্প করেছি, খেলেছি এবং হেসেছি। এইসব অভিজ্ঞতা আমাকে বার্মিংহামে একটি পরিবারের মতো অনুভব করিয়েছে। যে কোনো সময়ে, যে কোনো মুহূর্তে, এখানে সবাই ছিল মধুর ও আন্তরিক।

বার্মিংহামের এই উষ্ণ আতিথেয়তা আমাকে খুব তৃপ্তি দিয়েছে এবং এখানে আমি সত্যিই বাড়ির মতো অনুভব করেছি।

আমরা সিদ্ধান্ত নিই এই শহরেই নিজেদের বাড়ি করব। ২০২২ সালের এপ্রিল মাসে আমরা আমাদের প্রথম বাড়ি কিনি, যদিও অনেকে শুরুতেই বাড়ি কেনার ব্যাপারে সাবধান করেছিলেন। তবে আমরা নিজেদের ইচ্ছা আর শহরের প্রতি ভালোবাসায় বিশ্বাস রেখে সেই সিদ্ধান্ত নিয়েছিলাম।

দুর্গাপূজা সবসময়ই আমার কাছে বিশেষ, আর বার্মিংহামে তা আরও বেশি অর্থপূর্ণ হয়ে উঠেছে। বার্মিংহাম এ আমি দুটো পুজো পাই, একটি আমাদের ঘরোয়া পুজো আর একটি হলো বাঙ্গালী এসোসিয়েশন অফ গ্রেটার বার্মিংহাম এর সার্বজনীন পুজো। ২০২২ সালে প্রথমবার BAGB দুর্গাপূজায় যোগ দিই এবং ২০২৩ সালে সেখানে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করি—ব্যবস্থা করা, খাবারের আয়োজন, ছবি তোলা সবকিছুতেই ছিলাম। এই বছর, দুর্গাপূজা নিয়ে আমি আরও বেশি উত্তেজিত। আমার শ্বশুর-শাশুড়ি এবার

প্রথমবার বার্মিংহামে দুর্গাপূজা উদযাপন করবেন, আর আমি এই আনন্দ তাঁদের সাথে ভাগ করে নিতে খুবই উচ্ছ্বসিত। আমাদের বাংলা কমিউনিটির উষ্ণ অভ্যর্থনা পেয়ে তাঁরা ইতিমধ্যেই খুব খুশি হয়েছেন, আর আমি নিশ্চিত এই পূজো আমাদের সকলের জন্য স্মরণীয় হয়ে থাকবে।

এর মধ্যেই এক ভয়ঙ্কর ঘটনা ঘটে গেল কলকাতার আর জি কর হাসপাতালে। ৩১ বছর বয়সী ডক্টর অভয়া, যিনি ৩৬ ঘণ্টা টানা রোগীর সেবা করার পর বিশ্রামে ছিলেন, তখন তাঁকে শারীরিক নির্যাতন ও হত্যা করা হয়। পুরো বাংলা ক্ষোভে ফেটে পড়ে যখন সরকার দোষীদের আড়াল করার চেষ্টা করে। পুলিশের অবস্থান এবং সরকারের নীরবতায় ছাত্র সম্প্রদায় ক্ষুব্ধ হয় এবং তারা বিচার না হওয়া পর্যন্ত প্রতিবাদ ঘোষণা করে। সেই সময় আমরা বার্মিংহামের বাংলা সম্প্রদায়ও এই প্রতিবাদে যোগ দিই। ইউনিভার্সিটি অব আলাবামার হিল সেন্টারের সামনে আমরা একত্রিত হয়ে দাঁড়াই। সেই দিনটি আমাকে দেখিয়েছিল, যদিও আমরা কলকাতা বা আমাদের রাজ্য পশ্চিমবঙ্গ থেকে অনেক দূরে আছি, তবুও আমাদের মধ্যে একটা মেরুদণ্ড রয়েছে যা আমাদের সহকর্মী ভাইদের সাথে দাঁড়াতে প্রেরণা জোগায়। সেই মুহূর্তে আমি নিজেকে খুব গর্বিত অনুভব করেছিলাম।

বার্মিংহাম আমাকে অনেক কিছু দিয়েছে—একটা জায়গা যেখানে আমি বেড়ে উঠতে পারি, একটা কমিউনিটি যার আমি অংশ হতে পারি, আর একটা ভবিষ্যৎ যা আমি গড়ে তুলতে পারি। এটা শুধু একটা শহর নয়, এটা আমার বাড়ি।

****

রুদ্রদীপ এর পরিচয়: লেখক বর্তমানে ইউনিভার্সিটি অফ আলাবামা অ্যাট বার্মিংহামের নিউরোলজি বিভাগে একজন সায়েন্টিস্ট-১ হিসেবে কর্মরত। গত ৫ বছর ধরে তিনি বার্মিংহাম শহরে বাস করছেন। এখানে তিনি তার বার্মিংহামের প্রতি ভালোবাসা ও আন্তরিকতা শেয়ার করেছেন এবং কীভাবে এই শহর তার জীবনের অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে, তা বর্ণনা করেছেন। লেখক এর ফোটোগ্রাফিরও কিছু নমুনা এখানে দেওয়া হল।



ELKs of Cherokee, NC



Cahaba Lily, Helena, AL



Fall color at East Lake park, Birmingham



BUYING OR SELLING YOUR PROPERTY?
BODEMS REALTY IS HERE TO HELP!



eXp REALTY

Subbu Bodem
205-566-4123
bodemsrealty@gmail.com

BUY WITH CONFIDENCE

- THE BEST HOME TAILORED TO YOUR LIFESTYLE AND BUDGET
- GET THE BEST PRICE & TERMS FOR YOUR DREAM HOME
- THE BEST SCHOOLS & NEIGHBORHOODS FOR YOUR FAMILY!

SELL WITH SUCCESS

- SHOWCASE YOUR PROPERTY TO QUALIFIED & MOTIVATED BUYERS
- LISTINGS ON THE BEST LOCAL SALES CHANNELS
- YOUR HOME SELLS FOR ITS HIGHEST VALUE

CONTACT US NOW TO HAVE YOUR REAL ESTATE NEEDS SERVICED BY 20+ YEARS OF DIRECT COMMUNITY INVOLVEMENT!

মরণের পরে

-- *বিধান রায়*

আমায় কোথায় নিয়ে যেতে চাও মরণ?
স্বর্গ! সে কোথায়?কেমন তার ধরণ-ধারণ?
সেখানে কি নাই ধনী-গরিব,জাত-পাত ধর্মের –বিচার?
সেখানে কি নাই ভাগ-বাটোয়ার, যুদ্ধ, দখলদার?
সেখানের রাজারা কেমন, তাঁদের কিসে বিশ্বাস?
সেখানে কি নাই দলা-দলি, হানা-হানি ভোটের সন্ত্রাস?
সেখানের রাজারা কি লেলিয়ে দেয় না মানুষ কে মানুষে?
সেখানের রাজারা কি থাকে মহামারি-দুর্ভক্ষে মানুষের পাশে?
সেখানে কি শয়তান রা থাকে না মানুষে মিশে?
সেখানে কি আমিষ খেলে শুলে চড়ে রাজার রোষে?
সেখানে কি লুটে রা লূটে- রাজা কানামাছি?
সেখানে কি খেটে-খাওয়া মানুষ গোলাম, দাস-দাসী?
সেখানের নেতারা কি শুধু নয় প্রতিশ্রুতির ডালি?
সেখানে কি মানুষ পথের-পথিক, খুঁজে এক-ফালি চালি?
সেখানে কি মেয়েরা চলার পথে নিরাপদ, সত্বা স্বাধীন?
ঘরে ও বাহিরে তাঁদের কাটে না ভয়াবহ প্রতি টা দিন!
সেখানে কি ফলে সোনার ফসল সবার ঘরে ঘরে?
সেখানে কি মরে না শিশু অবহেলা অনাহারে?
সেখানে কি চলে নারী-পূরুষ এক পথে, এক সাথে?
সেখানে কি নেই দ্বন্দ্ব মানুষে-মানুষে, ধ্র্মের অজুহাতে?
সেখানে কি নেতারা নয়, সর্ব ঘটে কাঠালি কলা?
সেখানে কি শিক্ষকে রা নিজের মাচায়,ক্লাসে ঝুলে তালা?

মরণ আমারে শুধাও সেখানের নির্যাস,
কি সুখ আছ, পেয়ে তোমারি ঔ-ই স্বর্গ বাস?
মরণ, কেন তুমি চুপ, বলো স্বর্গ বাসের ফল?
বুঝেছি, ম র্ত থেকে স্বর্গ, এতো আসলে দল বদল।
মরণ তুমি বরং নিয়ে চলো আমায় মেঘের প'রে,
প্রয়োজনে আমি যেন বৃষ্ঠি হয়ে ঝরতে পারি অঝরে।

****





প্রলয়

-- *শ্রেয়সী ঘোষ*

মিটিং, মিছিল অনেক হয়
ধীরে ধীরে থেমে যায় ।
ক্লান্তিতে বা ভয় পেয়ে
হাল শেষে ছেড়ে দেয় ।।
যে আগুন জ্বলছে জেনো
সহজে তা নেভার নয় ।
ক্ষুব্ধ, পীড়িত আজ
কেবলমাত্র "অভয়া" নয় ।
জন মানবের মনে
আজ ক্ষোভ , ঘৃণা, ভয়,
"বারবার কেন হয়
ক্ষমতাশালীর জয় ?"
"চুপ করে কতদিন
সইতে হবে এ অন্যায় ?"
তাই এক সুরে সবাই,
সুবিচারের গান গায় ।
"বিচার চাই, বিচার চাই
থামবে না এই লড়াই !
নেমে আসুক ঘোর প্রলয়
বিচার যদি না পাই ।।"

****

© BAGB 2024

|| বাঙালির দুর্গোৎসব ||

-- সুদীপা মুখার্জী সান্যাল

"দুর্গে দুর্গে দুর্গতিনাশিনী

মহিষাসুরমর্দিনী জয় মা দুর্গে"

বাঙালির আবেগ,অনুভূতি, ঐতিহ্য, পরম্পরা ও পারিবারিক বন্ধন, তার গ্রাম-বাংলার সজল শ্যামল প্রকৃতি, মিশে রয়েছে দুর্গাপুজা উৎসবে। পিতৃপক্ষ শেষে মহালয়ায় মাতৃশক্তির আরাধনা,অশুভের বিনাশ ঘটিয়ে শুভ শক্তির সূচনা করে। কলকাতার সীমা ছাড়িয়ে মাতৃশক্তির আবাহন বিশ্বব্যাপী ছড়িয়ে পড়েছে নীলকন্ঠ পাখির ডানায় ভর করে।





দুর্গাপূজা শব্দটা শিশুর মুখেও নিয়ে আসে আনন্দের হাসি। কুমোর পাড়ায়, কাঠামোর উপর একটু একটু করে রং ধরে। দুর্গাপূজা শব্দটা শিশুর মুখেও নিয়ে আসে আনন্দের হাসি। কুমোর পাড়ায়, কাঠামোর উপর একটু একটু করে রং ধরে। রং ধরে ছোটো থেকে বড়ো সকলের মনে। মাত্র ক'দিনের জন্য ঘরের মেয়ে উমা ছেলেপুলে নিয়ে বাপের বাড়ি আসে। আর শিকড়ের টানে প্রবাসী বাঙালি অনুভব করে ঘরে ফেরার টান।








Captured By Tanmay Sanyal & Abhishek Guha

শিউলি ফুলের সুবাস মাখে কাশ ফুলের ভেলা। উজান বেয়ে মনের ডিঙ্গিতে ভাসিয়ে নিয়ে আসে আমাদের পারস্পরিক মেলবন্ধন। আমরা এই পাঁচদিন দুঃখ ভুলে থাকি। পরিশেষে বিজয়ায় গুরুজনদের প্রনাম, আসছে বছর আবার হওয়ার অপেক্ষায়...

****

About the author: Sudipa Mukherjee Sanyal is a dedicated teacher and loving family person. She teaches Biological Sciences at Hingnara Anchal Public Institution in West Bengal, India, and balances her professional ambition with being a devoted wife and mother of two beloved children.

|| Echoes of a Silent Scream ||

-- Avraneel Paul

Will we be heard? Why are we doing this? Will it ever matter?

These questions did not trouble the 19-year-old boy on the streets of Los Angeles in 1962, holding a poster high above his head, “No Justice! No Peace!” He wanted to express his rage. He demanded basic human rights. So did we.

Birmingham and Kolkata belong to two different hemispheres of the globe, 8,543 miles apart from each other. Yet, the distance was forgotten by the citizens of Birmingham on August 23rd, when they stood together, clad in black, hoisting the posters “We want Justice!”

On August 9th, Kolkata etched a bloody mark on the heart of the nation when a trainee doctor was found brutally raped and murdered in the seminar hall of a renowned medical college in the city. The incident was tragic, inhumane, but not rare.

This was not the first such heinous crime of the year. In 2021, a total of 31,677 rape cases were reported all over the country, 31,000 in 2022, and around 32,000 in 2024. Tragically, it seemed like “it happens.”

Then why did the country roar for one such incident? Because rather than an isolated event, it was a tipping point.

India is a vast country of 1.4 billion people. Every turn of the road brings one to a new culture, new people. Yet, on August 15th, at midnight of their 78th Independence Day, the nation became whole. Women from different parts of the country “claimed the night” when they marched down the street. Children rallied behind their mothers and grandmothers, urging for a country where they might feel safe.

The protest could not be confined to the city. Within a few weeks, it spread throughout the nation and crossed its borders. Many cities and university campuses across the U.S., U.K., and Germany witnessed peaceful gatherings, conveying a message of solidarity, more than a mere cry for justice.

On August 23rd, citizens of Birmingham gathered around the Hill Center of the University of Alabama at Birmingham (UAB). Students, doctors, homemakers, even parents visiting their children abroad, stood shell-shocked.



Captured By Vijay Singh & Rudradip Pattanayak

 © BAGB 2024

A few gathered the courage to utter a few words, while most of us suppressed the rising pain in our throats. I remember an eight-year-old kid asking her mother, “Mom, what has happened? Why have we gathered here?” Her mom hesitated. Should she shatter such blissful obliviousness? Or let her child face the harshest truth of her life? The brave mother chose the latter.

We waited for two more weeks, with a bleak hope of justice, and when it did not come, we gathered again and asked, “When?” আর কবে?



Captured By Rudradip Pattanayak & Abhishek Guha

So why do we raise our voices? Why did we protest? Did we hope that the deaf ears will listen to us and act? No, we wanted to make a statement. To assure the mother of an unfortunate that the hearts of her sons and daughters staying miles away ache with a similar pain, that they also demand the same thing: justice!

Two months have passed since the loss. We've returned to the familiar rhythm of school festivals, but the joy is muted. While we might wear a mask of normalcy, our hearts ache beneath. The festive sounds of music, dance, and drama might fill the auditorium, but even the slightest mention of August 9th casts a shadow of silence.

We will never forget, never forgive. Not until justice is served."

****



বিশ্বসম্মান

-শুভশ্রী নন্দী(আটলান্টা)

মেয়েটির শুধু স্বপ্ন, এম.ডি-তে গোল্ড মেডেল,
ভেস্তে দেবে ভেবেছিল, দুর্নীতির খেল।
নরক তাকে ঘিরে ছিল হিংসা-বিদ্বেষে,
তবু কথায়-কাজে-হাতের লেখায়, মুক্তো ফোটায় সে।

তাঁর লক্ষ্য ছিল এম.ডি-তে একটি গোল্ড মেডেল,
তারা মেরে-গুড়িয়ে ভেবেছিল, করিয়ে দেবে ফেল।
মনে খাটো, বিকৃত —মানুষ নয় যারা
বুঝবে কিকরে এমন সোনার মেয়ের মর্ম তারা?

মেয়েটির আশা ছিল একটি গোল্ড মেডেল।
ওরা ভেবেছিল জিতিয়ে দেবে অন্যায়ের সেল।
খুব সহজেই ভেবেছিল এড়ানো যায় জেল
সব অন্যায় সত্যি করে না মর্দনের তেল।

মেয়েটি যেন দৃঢ় জিততে একটি গোল্ড মেডেল
সে জানে কি করে ভাবতে-নাড়াতে-ভাঙতে শিথিল
রাস্তা সবার ঘর, খোঁজে ন্যায়ের অন্ত্যমিল।
রাত দখলের শেষে হাসবেই, ফর্সা আকাশ নীল।

মেয়েটির প্রত্যয় ছিল জিতবে গোল্ড মেডেল
পড়ার বিষয় চেস্ট আর বুকে বেঁধে শেল
ভাইরা আজ পথে, দিদির অপমানে ঘায়েল
মেয়েটির অর্জন আজ বিশ্বসম্মান-মেডেল।

****





দূর্বার সাধ

-- লিয়ানা ইসলাম

আমি দূর্বা ঘাসের বীজ।
আমার প্রকাশ হবার সাধ।
আমি নদীর জলে ভেসে
খুঁজি তীরে তীরে ঠাঁই।
যদি আসে এমন দিন
ঢেউয়ে পড়ে মাটির বাঁধ-
সেই আশায় আমি ভেসে
চলি- এতেই শান্তি পাই।।

দেখি সকাল-সাঁঝের কালে
রঙ আকাশের কপোলে।
তখন সকল রঙের ঠাঁই
মেলে এপার-ওপার জুড়ে।
আমার ছোট্ট বুকের তলে
আশার মহাসাগর দোলে-
হয়ত কোনও কানন মাঝে
আমিও জাগব মাটি ফুঁড়ে।

আসি মাটির কাছে কাছে!
এই একটু বাকি আছে!
আর আকাশ তখন গাঢ় মেঘে
দ্রুত ছেয়ে যায়।
শুনি ঝঞ্ঝার মঞ্জীর।
তাপ শীতল হয়ে যায়।
আমার কঠিন বুকের খাঁচা
প্রবল আশায় ফেটে যায়।

****

Bio: Liana Islam, originally from Dhaka, Bangladesh, holds a Master of Science degree from Johns Hopkins University. She is currently pursuing her Ph.D. within the Department of Chemistry at the University of Alabama at Birmingham (UAB).

Capturing Moments:
Astrophotography and Travel Through My Lens

-- *Amitesh Sahoo*



A Boy's Dream at Badrinath:

For this young boy, happiness isn't about material possessions, but about the freedom to chase his dreams. Captured at Badrinath Bus Depot, this image reveals the story of a boy whose aspirations transcend his humble beginnings. His eyes sparkle with a fierce determination, despite the modest toy car crafted by his father due to financial constraints. His ultimate dream is to drive his own car, to explore the world beyond this small town. It's a powerful reminder that true wealth lies in our dreams and the love we share.

Sky full of Stars:

Looking up at the night sky, I feel a sense of wonder. The stars, like scattered diamonds, shine brightly against the endless darkness. It's amazing how the vastness of the universe can make you feel both small and connected to something greater. Each star, a beacon in the unknown, reminds me that there's always light even in the deepest of nights. I think about how many people before me have gazed up at the same sky, searching for answers, comfort, or simply dreaming. The stars seem to link us across time, connecting our hopes and desires, as if we're all part of a shared journey through the cosmos. This image holds that moment for me—a quiet, endless night, filled with possibilities.





Above the World: Summit of Kedarkantha

The sun shines brilliantly over snow-covered peaks, casting its warmth over the frozen landscape. Standing here, it feels as though I'm on top of the world, looking out at an endless horizon of mountain ranges. Each ridge seems to fold into the next, creating a natural rhythm that stretches beyond the eye's reach. In moments like this, the world below seems distant, and time slows down. The crisp air, the soft crunch of snow beneath my feet, and the sun's gentle embrace make everything feel timeless. It's a reminder that in nature's vastness, we find both our limits and our boundless dreams.

 © BAGB 2024

Celestial Symphony:

Under the blanket of night, the stars form a dazzling canopy over Parashar Lake, Himachal Pradesh, India. The Milky Way stretches across the sky, creating a serene harmony between the heavens and the tranquil waters below. In this moment of quiet reflection, the vastness of the universe feels both distant and intimately close, as if time itself has paused to admire the view. The crisp mountain air and the soft rustle of the breeze heighten the sense of peace, making it easy to forget the world beyond these peaks. In this solitude, the stars serve as silent companions, offering a gentle reminder of how vast and interconnected everything truly is.





Illuminating the Infinite:

And then, the universe said- “Let me show your soul something you’ve never seen before”. Among the vast expanse of stars and the Milky Way, a single beam of light shoots up into the sky. Taken at Parashar Lake, Himachal Pradesh India, this image is one of my personal favorites, combining the surreal beauty of the night sky with a touch of human-made light.

About the author: Passionate traveler and astrophotography enthusiast, Amitesh is currently pursuing his Master's in Data Science at the University of Alabama at Birmingham (UAB). In addition to his academic pursuits, he serves as an International Mentor with INTO UAB, guiding fellow students through their academic journey. *amitesh06071998@gmail.com*


****

উহ্য প্রতিবাদ

-- *স্নেহাশিস*



ন' মাস দশ দিন এক ঘর স্মৃতি নিয়ে
জঠর মুক্তির উড্ডীন স্পর্ধা ছোঁয়া
পৃথিবীর আঁচলে ভেসে ওঠা...
চাঁদমামার টুক পরানোর সময় চলে গেলে
আনুষ্ঠানিক পড়াশোনার শুরু
অবসর অনেকখানি
বাতাসের বিরুদ্ধে ভোকাট্টা ছড়িয়ে পড়ার
কালো কার্পেট গোটানো মিটিমিটে কালপুরুষ দেখার...
এখন...
ভবিষ্যৎ পালতোলার উৎসব
অনেক কল্পনার কফিন তৈরি...
সবগুলোতেই ঢুকতে হবে...
তবে একটাই শরীর
চেষ্টা করা ভোকাট্টা হওয়ার
খুব মাধ্যাকর্ষণ...
শুধু কালপুরুষ মিটিমিটে হাসে...
সামনের বাড়ির বারান্দা থেকে উড়ে আসা চুম্বন মাখা কিছু প্রেম...
প্রেমের শিয়রে পতিত কিছু মূক প্রতিবাদ হয়
সমাজের গর্তগলি বেজন্মা পোয়াতি...
শুধু কালপুরুষ মিটিমিটে হাসে...
আকাশের দিকে উঁকি মারার সময় হলে
বেলতলার নাটকীয় সঙ সাজা
ধীরে ধীরে... চার পা... ছ' পা...
এক জবানবন্দী জীবন
ভীতু মনে বাতাসই লাগে না
ভোকাট্টা তো আলোকবর্ষ দূরত্ব
শুধু কালপুরুষ মিটিমিটে হাসে...
সময়ের হাতে ছানিপড়া ঘড়ি
পাতা কাঁপা থেমে যায়
শুধু মাঝেমাঝে প্রতিবাদী গন্ধ আসে
ভ্রূণ মনটার আজ শেষ দিন
এখনও কালপুরুষটা মিটিমিটে হাসে...



Snehasis Mishra, PhD
Postdoctoral Fellow,
Cell, Developmental, & Integrative Biology,
UAB School of Medicine

 © BAGB 2024

মেলামেশা

--সোমা মুখোপাধ্যায় (অগাস্টা, জর্জিয়া)

রাত নিশীথে স্বপ্নের দেউলে
জানা অজানা জগতে দেখা, মেলামেশা,
সাদাকালো অথবা রঙীন খুনসুটি
চেনা অচেনা মানুষের সাথে

আচম্বিতে কড়া নাড়ে ভোর
জোয়ারের মত আছড়ে ভাঙে
স্বপ্নের মোহময় জগত।
আচ্ছন্নতার চৌকাঠ পেরিয়ে
আসে কাজের স্রোত
ব্যস্ততা আর অব্যস্ততার মাঝে টানাপোড়েন।

তবু তারই মাঝে খুঁজে পাওয়া চেনা মুখ
প্রত্যুষের হাত ধরে দাঁড়িয়ে থাকে ঊষা
কখনও স্নিগ্ধ, কখনও অবিন্যস্ত বেশভূষা
কখনও লজ্জায়, কখনও সম্ভ্রমে দেখায় পথের দিশা।

এইভাবে প্রতিটা রাতের শেষে ভোর হলে
সময় নিয়ে এসে দাঁড় করায় জীবনের চৌমাথায়
যেখানে চাওয়া-পাওয়া, প্রাচুর্য আর দৈন্যের অসমান বাঁক কাঁধে
টলমল করে চলেছে আশা আর আকাঙ্খা
স্বপ্ন আর বাস্তব ।

****



যা আমি বুঝি

-- তথাগত দাস

সেটিং যদি হয়ে থাকে
তা সেট করছে কে !!
কাকের কা, না কোকিলকণ্ঠী
কে ঘোমটা দিয়েছে!!

নয় রাবণ, নয় বিভীষণ
কলিতে মেঘনাদের জাঁক,
রাম কেন, আজ সীতাই লড়ুক
হয়ে মৌচাকের ঝাঁক।।

সমাজ ভাল, দেশও ভাল
বুদ্ধি যদি স্থির,
সব ভাল কোন যুগে ছিল
ভেবে হনুমান অস্থির।।

আমি ভাল, ওরে তুই মন্দ
জোর খেউড় চলেছে,
বোঝোনদারে ছেয়ে গেছে---
আমি বুঝি,
বোঝে শুধু সে যাদের ছিল মেয়ে।।

@তথার কথা

****

© BAGB 2024

|| বাস্তব ||

--অস্মিতা পাল

ছোটবেলার কথা মনে পড়লেই, মনে পরে সকাল সকাল মায়ের ডাকে ঘুম ভাঙা | তাড়াতাড়ি স্নান সেরে স্কুল ড্রেস পরে তৈরী হয়ে নিতে হবে | একদিকে মা হাতে করে ভাত ডাল মাছভাজা খাইয়ে দিচ্ছে, অন্যদিকে দাদু ছাতা হাতে 'রেডি', স্কুলবাসে পৌঁছে দেয়ার জন্যে | তারপর স্কুলের পর মায়ের হাত ধরে বাড়ি ফিরতেই দাদুর সঙ্গে 'টিভি রিমোট' নিয়ে কাড়াকাড়ি | সন্ধে হলে অফিস থেকে বাবার ফেরার আওয়াজ পেলেই সটাং বইখাতা খুলে পড়া শুরু, এক্ষুনি বাবা কালকের অঙ্কগুলো 'চেক' করবে |

কোথায় যেন হারিয়ে গেছে সেই দিনগুলো | স্বপ্নের মতন লাগে তা এখন | বাড়ির থেকে এখন বহুদূরে আমি | মায়ের হাতের খাবার খাওয়া, দাদুর সাথে টিভি দেখা, পড়া না পারলে বাবার কাছে বকা খাওয়া, সত্যিই এখন স্বপ্ন | স্বপ্ন পূরণ করতেই বাড়ির থেকে, আপনজনদের থেকে এতদূর এসেছিলাম | কিন্তু আস্তে আস্তে বুঝতে পারছি যে কিছু স্বপ্ন ছুঁতে গিয়ে অন্য কত ছোট ছোট স্বপ্ন, স্বপ্নই রয়ে যায় |

****

অস্মিতা : আমি এই বছর জানুয়ারিতে যুক্তরাষ্ট্রে এসেছি। কলকাতার দমদমে জন্মগ্রহণ করে বেড়ে উঠেছি। স্নাতক ডিগ্রির জন্য চার বছর চেন্নাইতে বসবাস করেছি। তারপর বেঙ্গালুরুতে বসবাস ও কাজ করেছি। তারপর UAB থেকে ডেটা সায়েন্সে মাস্টার্স করার জন্য Birmingham, AL তে চলে এসেছি।

|| Nobody ||

-- Vedika Sharma

Deep under the ocean there lived a man. He was strong and roamed the sea as his own. His crew followed him loyally from unexplored volcanic islands to the depths of the ocean, far beyond the thought of others. The sea became his life. His life became the sea. When the waves crashed down upon his hull, he matched the waves with the same intensity. He barreled his ship through the monstrous waves and fought back against whirlpools. When the sea was calm, when the sun gave off rays of light and the water glistened like diamonds. When the salty ocean breeze swept through his hair and the crystal water showed its wonders, he would show his treasures back. He would document the mysteries and acknowledge the great vastness of the unknown. As the waves ebbed and flowed, so would he. When he left the land, he chose a new identity. One fit of a true seaman. He understood how insignificant he was compared to the sea. He saw hundreds of shipwrecks. Ships that held men of great arrogance. Men who ordered statues of themselves be created so they could marvel at their own glory. Men who thought they owned everything yet still searched for more. Those same men were now at the bottom of the sea floor. He didn't want to be like them. He accepted his lowly rank in the natural order. His understanding left him with the conclusion that he should be addressed by one name only: Captain Nemo, Captain Nobody.

****

Happy Durga Puja

Wishing you and Your Family a Joyous and Blessed Durga Puja.

Alabama Merchants' Association

Join hands with a buying group with over 21 years of experience.

Sitar Indian Cuisine
An Authentic Indian Restaurant

Sitar Indian Restaurant
Regional chain offshoot offering curries, samosas, vegetarian items & a buffet in a cafe setting

DINE-IN
TAKE OUT
CATERING SERVICE

(205) 323-6500

1801 4th Ave S Suite 115,
Birmingham, AL 35233

UAB Downtown Area

CURRY CORNER

2037 Cahaba Rd
Mountain Brook, AL 36223

English Village Area

(205) 201-6530

Welcome to Flavor Paradise
Discover a world of taste and tradition fused into every dish. Get ready to embark on a culinary journey like no other and experience the magic of *Curry Corner*!

বিশ্বব্যাপী দেবী সরস্বতী

-- Sumita Chatterjee

সূচনা

১

আশ্বিনের ভোরে, মায়ের হাত ধরে
এসেছিলে তুমি কতদিন আগে।
এবার তুমি আকাশ পথে, চড়ে হংস রথে
একলা এলে পঞ্চমীতে, মাঘে।

২

তখন ছিল শিউলি ভোর,
এখন লাগে হিমের ঘোর।
শুভ্র শ্বেত বসন পরে, হাতে বীণা ধরে
এসে বসো, বীণাপাণি, ঘরটি শোভা করে।

দেশের পুজো...

৩

পাড়ার যত দস্যি ছেলে কুমোর পাড়ায় গিয়ে
হল্লা করে "বাগদেবীকে" সঙ্গে এলো নিয়ে।
স্কুলেতে বা ক্লাবের মাঠে ঝাড়বাতিটার তলে
রাত জেগে সব সাজায় দেবী পূজোর ফুলে ফলে।

৪

সরস্বতীর সাজের তরে কত সাদা ফুল,
খাগের কলম; সঙ্গে রাখে মিছরি, মধু, কুল।
তিথির সময় অল্প অতি; তাই তো সেরে স্নান
সকাল বেলা পূজোর পরে অঞ্জলি প্রদান।

৫

সবার আগে অঞ্জলি দেয় ফেল করা সেই ছেলে;
হাত জুড়ে কয়, "পাশ করার আশিস মাথায় দাও ঢেলে"।

৬

তিথির সময় বেরিয়ে না যায়; তাইতো তাড়াতাড়ি
ঠাকুর মশাই খোকন সোনার দেন যে হাতেখড়ি। অন্য
পাড়ার উঠতি গায়ক চোখটি বুজে কন,
"কন্ঠে আমার সুর দিও মা, গাইছি যতক্ষণ"।

বিদেশের পুজো...

৭

মোদের পূজোর তিথি, শনি, রবি; শনি হলেই ভাল
রবি হলে tight schedule,
সোমবারেতে অফিস, স্কুল।

৮

মোদের পূজো স্কুল, চার্চের auditorium,
বিদ্যালয়েরই আশে পাশে, একটু বেশি কম!
খাগের কলম বদলে গেল,
Parker বা montblanc হল।

৯

মোদের যত কচি কাঁচা, পরিয়ে শাড়ি, ঝুলিয়ে কাছা,
সবার আগে অঞ্জলি দেয়; camerar flash!
থুড়ি...
এখন ত ভাই cell phone-এর, নেইকো কেনো জুড়ি।
Facebook এতে স্ট্যাটাস হল "ছেলের হাতেখড়ি"।
১০০ খানা like পেলো, আহা মরি মরি।

১০

মোদের পুরুত অমুক দাদা কিম্বা মেসোমশাই;
যাই বল ভাই, পূজোয় কিন্তু কোনো ঘাটতি নাই।
পঞ্চশস্য, আম্র পল্লব, মন্ত্র বিশুদ্ধ,
শুনলেই যে মনকে করে উদ্‌বুদ্ধ!

১১

আমরাও রাখি বইয়ের পাহাড়, মায়ের চরণ তলে
পড়ুয়াদের সাফল্য চাই, ঠেকিয়ে হাত দুটি কপালেন।

১২

আমাদেরও আসর জমে, নাচে, গানে, কবিতায়;
স্টেজে ওঠার উত্তেজনায়, বুকটা একটু ডরায়।

১৩

হলুদ শাড়ির ছড়াছড়ি; কত রকম shade
কোনটায় একটু green, কোনটায় আবার red।

 © BAGB 2024

১৪

টোপা কুলের চাটনি নেই, এখানে gooseberry;

কুলটাকে কি বোলব আমি, ভীষণই miss করি!

সমাপ্তি

১৫

করজোড়ে পূজি মা গো সারদা, দেশে বা বিদেশে।

হৃদয়ের মাঝে তুমি, বসো দেবী এসে।।

জ্ঞানের আলোকে মোছাও, মনের আঁধার।

বিদ্যা দাও এমন, যা ঘোঁচায় অহংকার।।

বুদ্ধি দাও এমন যাতে, সবারে করি আপন।

যেখানেই থাকি, রাখি যেন তোমাতেই মন।।

****

About the author, by Sati Nath:

সুমিতা সম্বন্ধে আমার আরেক বন্ধু বলেছিল, 'সতীদি, তোমরা তো মাসতুত বোন'। I simply loved it. The reason Sarbari, our common friend, said that is my mother and her mother were the Best of Friends after my family moved back to Delhi in 1986. Sumita's house and my house are separated by an alley in C.R. PARK.

And, drumroll please---

Sumita is going to do Durga Puja as a priest this year in BAGB!



Girls

-- Vedika Sharma

Lips. Hair. Shoes.
Shoes. Hair. Lips.
Nails. Lashes. Jocks.
Skirts. Jewelry. Tops.
Round. And round. And round. I spin.

Girls. Gossip. Shave.
Eyebrows. Purses. Babes.
Heels. Dresses. Neckline.
Make-up. Blouses. Fine.
Round. And round. And round. I spin.

Books. Backpacks. Notes.
Pencils. Binders. Calculators.
Water. Papers. Chromebooks.
Folders. Flashcards. Notebooks.
Round. And round. And round. I spin.

Teachers. Grades. Assignments.
Homework. Schoolwork. More work.
Studies. Classes. Schedules.
Periods. Attendance. GPA.
Round. And round. And round. I spin.

Two girls. Two ways. Two lives.
In the end. Neither survives.

Lips. Hair. Dresses.
Notes. Homework. Books.
Make-up. Binders. Looks.
GPA. Purses. Notebooks.
Round. And round. But then I stop.

Stop the madness. Stop the extremes.
Stop the pressure. Stop the screams.
Stop the lies. To myself and me.
Find the balance. In between.

****

|| WINDOW FROM THE WORLD ||

“After the Birmingham Church Bombing, the People of Wales Shared a View of Grief — and Hope”

-- Glenny Brock


At 10:22 a.m. on Sept. 15, 1963, a bomb exploded in the 16th Street Baptist Church in downtown Birmingham. Four children perished; their names were Addie Mae Collins, Denise McNair, Carole Robertson and Cynthia Morris Wesley.

Later that day, a white Birmingham police officer shot and killed a Black teenager named Johnny Robinson. The 16-year-old was shot in the back as he and other boys were running from the police, after being harangued by white teenagers and throwing rocks to defend themselves.

Across town that same afternoon, two white teenagers “playing” with a new pistol after an anti-integration rally menaced brothers James and Virgil Ware. A 13-year-old eighth grader, Virgil died while riding on the handlebars of his brother’s bicycle. The 16-year-old shooter eventually received a suspended sentence of just seven months for manslaughter.

This photo is of the Wales Window for Alabama, installed in the 16th Street Baptist Church in 1964. Created by the artist John Petts, the window was a gift to the church from the people of Wales and replaced one destroyed in the bombing. The inscription comes from Matthew 25:40 —

“You do it to me.”



****



 © BAGB 2024

|| CONFLICT/ দ্বন্দ্ব ||

—Tribute of A Sixty-Four-Year-Old Daughter—

By Sati Nath

বাবা মারা গেলেন এই বছরের শুরুতে (January 18, 2024)। আমি দু-তিন দিন পরে দিল্লি পৌঁছে গেলাম, আর রইলাম প্রায় সাড়ে তিন মাস। ওই সময় যেখানে যেখানে বিবির অফিসের কাজ থাকত আমি ওর সঙ্গী হয়ে যেতাম।

বিবির Guwahati-তে কাজ পরার সাথে সাথে আমরা শিলং-এ যাওয়ার plan করলাম। ছোটবেলায় খুব আসতাম শিলং-এ। কাকাবাবু থাকত। বিবি Google দেখে trip plan করছে। আমি বললাম, Sacred Forest-এ যেতে হবে। "সেটা কি বড়দি?" "দেখবি দেখবি। বাবার সঙ্গে পঞ্চাশ বছর আগে এসেছিলাম!"

Google থেকে পাওয়া গেল Mawphlang Sacred Forest। যেদিন যাচ্ছি আমার দুরু দুরু বক্ষ। নিরাশ করবে না তো? নিরাশ করবে না তো? না, নিরাশ করেনি। নিয়ম-কানুন হয়েছে। দূরে গাড়ী রাখতে হল। ওদের guide সঙ্গে এল। বাচ্চা ছেলেটি আমাদের দেখাতে দেখাতে-ই রঙিন পাতা কেটে heart বানিয়ে ছবি তুলে দিল, Rhododendron ফুল আর vine (?) দিয়ে মুকুট বানাল।







বেরুনর সময় জঙ্গলেই ফেলে আসতে হল। Quiz-এও উতরে গেলাম। একটা বিশাল বৃক্ষর সামনে দাঁড়িয়ে প্রশ্ন করল, "What is our most sacred tree?" I looked at that very unknown tree and discarded all the answers bubbling up. Then it flashed. I exclaimed, "Rudraksha" and made all three of us very pleased with ourselves. I had never seen a Rudraksha tree before. We gathered Rudraksha from the ground and identified a few more trees! In other words, the cup of our joy and adventure was spilling over!

But Strangely, I was having a Surreal parallel-verse experience the whole Time I was in that Space. I was **mindfully in**

the present all the time. **While**, at the same time, I was **fully immersed in the memory of the day** I had spent with my dad in that same Space—



Fifty years ago —

বাবা আর আমি চলেছি 'পবিত্র জঙ্গলে'। কাকাবাবুর গাড়ী ও ড্রাইভার। যেতে যেতে বাবা বার বার বলল কোনও কিছু — পাতা, ফুল, ফল, আগুন জ্বালাবার কাঠ ঐ জঙ্গল থেকে সংগ্রহ করা যাবে না। Indigenous population-এর এই রীতি। শুনে এত পুলক জাগল মনে। পৃথিবীর কিছু কিছু জায়গা as-is রাখার কি সুন্দর ব্যবস্থা।

বাবা তিন, চার বার warning দেওয়াতে বলতে বাধ্য হলাম, 'বাবা, আমি তো ছোট বাচ্চা নই। কেন বার বার একই কথা বলছ? তাছাড়া তোমার training-এ গাছ থেকে আমরা কিছু ছেঁড়ার কথা ভাবতেও পারি না। তখন বাবা ক্ষান্ত হল। আমরা মনের আনন্দে রাস্তার দুধারের গাছ দেখতে দেখতে, identify করতে করতে চললাম।

Sacred Forest -এ ঢুকে গেলাম গাড়ী শুদ্ধুই। নেমে আমি মুগ্ধ। ঝাঁকে ঝাঁকে orchid. 1970-তে, when I was 10, বাবা দিল্লির IARI (Indian Agricultural Research Institute) থেকে বদলি হয়ে আসে Indian Botanical Garden (IBG) -তে। IBG-র orchid collection দেখার আগে আমি orchid চিনতাম কিনা জানিনা, কিন্তু বেশ মনে পরে যে Sacred Forest-এর গাছে গাছে orchid এর সমারোহে মুগ্ধ আমি আর বাবা। দুজনে মহা উৎসাহে শিশুর মত ছুটোছুটি করছি। বাবাও তো জানত না কি দেখতে সেখানে পাবে। ঐ দৃশ্যর একটা আবছা reflection পেয়েছিলাম বহু বছর পরে Florida-তে Disney-র Animal Kingdom-এ ঢুকে। পুরো জায়গাটা যেন dripping with flowering orchids! নিজের মনে মশগুল ছিলাম আমি। কিন্তু বেশ কিছুক্ষন পরে আমার পিতৃদেবের intense discomfort started seeping into my absorption.

"কি হয়েছে বাবা?"

"এই orchid-টা আমাদের IBG -এর collection -এ নেই।"

"তো?"

"থাকা উচিত না?" বাবা pleaded with me." কত লোক Botanical Garden -এ আসে দুষ্প্রাপ্য গাছ, লতা, ফুল, ফল দেখতে। তাছাড়া scientific collection-এর ও একটা দাম আছে, তাই না?"

"Hmmm!" I guess I gave him a smirk only a teenager (I was 14 then) could give her father. তবে বাবার মনের খুশিতে ভরপুর বেলুনটা IBG collection-এর বাইরে একটা orchid দেখেই বেশ চুপসে গেছিল।

"কত আছে দেখ। একটা নিলে কিছু হবেনা, তাই না?" বাবা kept on pleading with me.আমি কিছু বলিনি। Pack করে নিতে সাহায্যও করেছিলাম। কিন্তু হাবে-ভাবে বুঝিয়ে দিয়েছিলাম যে আমার পছন্দ নয়।

This year I realized how CONFLICTED my dad had felt 50 years ago. I realize he was basically pleading with him-self. In the end his scientific training and passion for his job won. Not adding a new orchid to the existing collection of IBG was quite unthinkable.

This year I wondered what the name of that particular Orchid was. Did it survive all its travels?

আজ পঞ্চাশ বছর পরে, সেই Sacred Forest দাঁড়িয়ে আটচল্লিশ বছরের বাবার কাজের প্রতি passion-কে দিলাম আমার un-conditional support, জানালাম আমার সশ্রদ্ধ প্রণাম!



Entrance to the Mawphlang Sacred Forest. In the background "উদ্ধত যত শাখার শিখরে (crimson) Rhododendron গুচ্ছ" is quite visible. The guide fed us the petals. Told us they make wine from Rhododendron flowers.

****

About the author: Dr. Sati Nath inherited her love of Trees and Travel from her father Dr. Nirmalendu Nath.

Best Beauty and Healthcare Products at your doorstep!



Helping people live better, healthier lives!

For more information, please visit.

www.nutrilite.com **www.artistry.com**

www.amway.com/myshop/AbhijitRumita

In Loving Remembrance of Manabendra Da

-- Dr Bisakha (Pia) Sen



Manabendra Dasgupta
February 9, 1955 - June 25, 2024

In loving memory of Dr Manabendra Dasgupta (our Manabendra da) of Birmingham, Alabama, husband of Dr Susmita Dasgupta and father of Jhilam Dasgupta. Manabendra da lived in Birmingham and served as faculty member at UAB for more than 32 years. He was one of the founding members of BAGB and served multiple terms on both Board of Directors and EC. Manabendra da was a connoisseur of life — a lover of fine coffee and good wine; a dapper gentleman who appreciated a well-cut suit; an aficionado of football, travel, and a good conversation. Above all, he was a soft spoken man with quiet strength of character, who could always be counted on to do the ethical thing. We in BAGB will always remember him with respect, with love and with gratitude.















© BAGB 2024

|| From Coast to Community ||

A Timeline of Maa Durga's Journey to Irondale Middle School

-- Abhishek Guha

Finally, after months of anticipation, the idols of Maa Durga and Maa Saraswati have arrived, bringing joy and excitement to our community! With heartfelt appreciation, I would like to acknowledge the tremendous support of Mr. Anirban Nath (Raghu Da), Mr. Prabal De (Prabal Da), Sati Di, and Arnab (Ganguly) Da, who made it possible for the idols to arrive at the New Jersey port from Kolkata on February 15, 2024. The shipment reached Birmingham at the warehouse on February 22nd.

The next day, Arnab Da, Sanjeev Da, and I picked up the idols from the warehouse and brought them directly to Sati Di's place in Riverchase. Special thanks to Sarang Ji for providing his Honda Odyssey to attach the U-Haul trailer to transport Maa Durga's box. I was fortunate to transport Maa Saraswati's box in my car.






Unboxing and First Impressions

When we reached Sati Di's place in the evening, several volunteers, including Samiksha Ji, Antara, Deblina, Piyali, Madhuparna, Shubhasish Da, Sarang Ji, Sounick Da, Sarbodeep Da, Rohit, Kallol, Avraneel, Leena, Sachi, and especially the enthusiastic little ones— Rup, Aarya, Shiva, Aahir, and Parth, gathered to help with unboxing. The stunning devotional art left everyone in awe. After unboxing, the new idols were repacked, and we enjoyed a nice samosa and kalakand party sponsored by BAGB.







From Vision to Reality: Modular Storage Box and Pandal Creation

Our next goal was to create a modular storage/transport box and the pandal/frame (originally introduced by our beloved Subhankar Da) for the Durga idol. Two teams took the initiative: one for boxing/framing, led by Arnab Da, and another for decorating the frame/pandal, led by Dipannita and Sarbodeep Da.

Taking the First Step

Towards end of June and early July, a group of volunteers, including Arnab Da, Sarbodeep Da, Prasanta Da, Shreyashi Di, Dipannita, Avraneel, Madhuparna, and little Sanvika gathered to purchase materials from Home Depot, followed by team meetings to discuss and refine design concepts.






© BAGB 2024

On July 28th, the team began constructing the storage box and frame at Sati Di's place. Sounick Da helped Arnab Da cut the lumber and plywood, and I joined after lunch.

Sarbodeep Da, Avraneel, and Madhuparna worked out precise geometrical measurement for the frame/pandal. Four experts from diverse age groups (Sati Di, Aahir, Rup, and Aarya) visited to oversee the process. Piyali took photographs, and Antara ordered pizza for the volunteers. Sati Di provided coffee and Kaju Katlis.

Initiation of Frame Decor

From the end of July to mid-August, Dipannita and Sarbodeep Da worked hard to prepare designs for the frame and made significant progress.

Storage Box Completion

On August 25th, Sanjeev Da and Pramit Da arrived at Sati Di's place to help transport the frame to Dipannita and Prasanta Da's place for art and designing. Arnab Da, Sounick Da, Prasanta Da, Mukherjee Da, Avraneel, Aahir, and I worked together to complete the storage box.



Final Touches

On September 18th, Dipannita informed the team that the design for the frame/pandal had been finalized, and artwork would begin soon. Dipannita, Sarbodeep Da, and Prasanta Da obtained the necessary art supplies from Home Depot on September 19th and worked tirelessly over the next two days to color the frame and attach frame molding.



Storage Box Wheel Assembly

On September 21st, Arnab Da, Sounick Da, Prasanta Da, Mukherjee Da, Rohit, and Mimi gathered at Sati Di's place to attach wheels to the storage box. Sanjeev Da treated the volunteers with Biriyani!

Durga Idol Finishing Touches

On September 28th, a team consisting of Arnab da, Sanjeev da, Avraneel, Deblina, and Kallol met at Sati Di’s place for minor decorations and to mend a few damages suffered during transportation.

Artwork Completion

Between late September and early October, Dipannita, Sarbodeep Da, Prasanta Da, and of course little Sanvika worked diligently to complete the artwork for the frame/pandal.

A Heartfelt Thank You

On behalf of the BAGB executive committee, we extend our deepest gratitude to all volunteers and RI-Fund sponsors for their invaluable support. Your contributions have made this initiative possible.

We eagerly await the inauguration of our brand-new Durga Idol and Pandal. Join us for Durga Puja on October 12, 2024, at Irondale Middle School.

****



BAGB is delighted to extend its heartfelt gratitude to ***Mr. Arnab Ganguly***, whose exceptional artwork (shown below) has been **democratically** chosen by the **Executive Committee** to adorn the front cover of ***Tilottama, 2024***.

Congratulations!



A young solitary girl dances happily and fearlessly amidst the darkness of a dense forest, surrounded by twinkling fireflies, filling the night sky with a vibrant joyful atmosphere. This artwork honors ***Tilottama***, reminding us of the beauty and innocence that deserves protection. May we create a world where every woman can dance, work, and live with joy, safety, and freedom.

BUSINESS BANKING | PERSONAL BANKING | MORTGAGE

Going further.

Staying local.



BRYANT BANK

At Bryant Bank, we're committed to helping you reach your goals- right here in our home state of Alabama. We invite you to stop by and experience the difference of traditional, personalized banking with your very own Bryant Banker.

Member FDIC

MOBILE | BALDWIN COUNTY | TUSCALOOSA | BIRMINGHAM | HUNTSVILLE

Silver COIN
Indian Grill

Silver
KATI
INDIAN STREET FOOD

🌟 Indian Culinary Excellence: Savor the Peak of Flavors by Celebrity Chef Ravi 🍴

🍽️ Exceptional Catering: Crafted for Your Special Moments 🎂

🥞 Live Dosa Mastery: Fresh and Unrivaled Flavors 🍽️

🎉 Event Elevation: Host Unforgettable Gatherings in Our Versatile Banquet Hall 🏛️

☎ For reservations and inquiries.
Call +1 (321) 266-8883









www.silvercoinusa.com
www.silverkati.com